

রাতভর ঢাকাজুড়ে উৎকণ্ঠা- বিক্ষোভ

ঢাকা ডেস্ক: রোববার রাত অনেকটা আতঙ্কে কেটেছে ঢাকবাসীর। রোববার রাত ৮টার দিকে ধানমন্ডির শংকরে একদল সন্ত্রাসী দেশীয় অস্ত্র নিয়ে

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

নিউইয়র্কে কনজেশন টোল প্রত্যাহারের নির্দেশ

বাংলা পত্রিকা রিপোর্ট: বহুল আলোচিত নিউইয়র্কে ম্যানহাটনের কনজেশন টোল প্রাইজ প্রত্যাহারে ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে গভর্ণর ক্যাথি হোকুলকে প্রত্যাহারদেশ চিঠি পাঠানো হয়েছে। বুধবার এ প্রত্যাহারদেশ চিঠি পাঠান যুক্তরাষ্ট্র ট্রান্সপোর্টেশন অথরিটির সেক্রেটারি শন ডফ।

সেক্রেটারি শন ডফ এর বিবৃতির বরাত দিয়ে এনওয়াই পোস্ট জানায়, গভর্ণর ক্যাথি হোকুল শন ডিফকে জানিয়ে ছিলেন এ কনজেশন টোল প্রাইজ তুলে নেওয়া হবে। তিনি এখন এ ব্যাপারে কতটুকু ব্যবস্থা নিয়েছেন সেটি নিশ্চত নন তিনি। তবে এ বিষয়টি ব্যবস্থা নিতে

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

পথচলায় ২৯ বছর

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 23 / February 14, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ২৩ ॥ সোমবার ফাল্গুন ১১, ১৪৩১ ॥ শাবান ২৪, ১৪৪৬ ॥

নিউইয়র্কসহ স্যাংকচুয়ারী সিটির বিরুদ্ধে কঠোর ট্রাম্প প্রশাসন

বাংলা পত্রিকা রিপোর্ট: ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের অবৈধ অভিবাসী বিরোধী ধরপাকড়ের অভিযানের ১ মাস পেরিয়ে গেছে। প্রথমে যে পরিমাণ ধরপাকড় ছিলো গত দুই সপ্তাহে তুলনামূলক গ্রেপ্তারের হার কিছুটা কম। তবে অবৈধ অপরাধী ধরপাকড়ে কঠোর অবস্থানে রয়েছেন জানিয়ে টম হোম্যান বলেন, অবৈধ অপরাধী অভিবাসীদের বিতাড়ন শেষ না করা পর্যন্ত থামবোনা। অবৈধ অভিবাসী প্রতিবন্ধক আইনের বিরুদ্ধে কঠোর পদক্ষে নিতে যাচ্ছে ফেডারেল কর্তৃপক্ষ।

ফক্স নিউজ, এনওয়াই পোস্ট ও সিবিএস



সকল অবৈধ অভিবাসী অপরাধীদের বিতাড়ন না করা পর্যন্ত থামবোনা

-টম হোম্যান

গ্রীন লাইট আইন আমেরিকানদের জন্য 'রেড ফ্লাগ'-

-বিশ্লেষকরা

নিউজসহ একাধিক গণমাধ্যমের প্রকাশিত প্রতিবেদনে জানা গেছে, স্যাংচুয়ারী সিটির গ্রীন লাইট আইনের বিরুদ্ধে মামলা দায়েরের ঘোষণা দিয়েছেন এটর্নী জেনারেল পম বন্ডী। এ আইন আমেরিকানদের জন্য 'রেড ফ্লাগ' বলে দাবি করেছেন পম বন্ডীসহ একাধিক বিশ্লেষক। গ্রীন লাইট আইন বাতিল করে অবৈধদের ড্রাইভিং লাইসেন্স প্রদানের সুযোগ বন্ধ করার পদক্ষেপ নেওয়ার পরিকল্পনা ট্রাম্প প্রশাসনের। আইস এর অভিযানে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী আইন বাতিলে কার্যকরী কঠোর পদক্ষেপও নেয়া হচ্ছে। তবে বর্তমানে অবৈধ অভিবাসী গ্রেপ্তারে প্রেসিডেন্ট ট্রাম্প ক্ষুব্ধ ও অসন্তুষ্ট রয়েছেন বলে জানিয়েছে একাধিক গণমাধ্যম।

টম হোম্যান ফক্স নিউজে বলেন, এখন থেকে আইস এর গ্রেপ্তারের সংখ্যা ও অভিযানের বিষয়টি প্রতিদিন কিংবা সাপ্তাহিকভাবে দেয়া হবে না। প্রতি মাসে অভিযান ও গ্রেপ্তারের পরিসংখ্যান প্রকাশ করা হবে। কয়েকটি অভিযানের নথি আগে ফাঁস হওয়ায় আমাদের অভিযানে আইন প্রয়োগকারীরা গ্যাং সদস্যসহ কুখ্যাত অপরাধীদের ধরতে বিপত্তিতে পড়ে। নথি ফাঁসের সাথে জড়িতকে চিহ্নিত করা

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

যুক্তরাষ্ট্রজুড়ে কর্মী ছাঁটাইয়ের দামামা!



ইউএসএআইডির ১৬০০ পদ বিলুপ্ত

আইআরএস'র ৬ সহস্রাধিক কর্মী চাকুরিচ্যুত

চাকুরিচ্যুত ঝুঁকিতে আরো কয়েক হাজার আমেরিকান

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্র জুড়ে বিভিন্ন ডিপার্টমেন্টে চলছে ডোনাল্ড ট্রাম্প প্রশাসনের কর্মী ছাঁটাইয়ের দামামা। ইতোমধ্যে অভ্যন্তরীণ রাজস্ব বিভাগের (আইআরএস)সহ বিভিন্ন ডিপার্টমেন্টের কয়েক হাজার কর্মীকে চাকুরিচ্যুত করার খবর পাওয়া গেছে। ইলন মাস্কের নেতৃত্বাধীন সরকারি দক্ষতা বিভাগ (ডিওজিই) যুক্তরাষ্ট্র প্রশাসন সংকোচন প্রচেষ্টা ও অর্থের অপচয়রোধে এ ছাঁটাইয়ের উদ্যোগ নেয়া হয়। আর ডিওজিই'র তালিকায় আগামী কয়েকদিনের মধ্যে বহু আমেরিকান চাকরি হারাতে পারেন বলে একাধিক গণমাধ্যমের প্রতিবেদনে জানানো হয়েছে। এমনকি ইলন মাস্কের নেতৃত্বে ইমেইল এর মাধ্যমে যুক্তরাষ্ট্রের বিভিন্ন ডিপার্টমেন্টে চাকরিরতদের কাজের হিসেব দিতে বলা হয়েছে। না দিলে চাকুরি ছেড়ে দেওয়ার কথা বলা হয়েছে। এতে অনেকে চাকরি হারিয়ে ক্ষোভ ও হতাশায় পড়েছেন।

গণমাধ্যমের খবরে জানা গেছে, যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ রাজস্ব বিভাগের (আইআরএস) কয়েক সহস্রাধিক কর্মীকে ছাঁটাই করা হবে বলে ঘোষণা দিয়েছে প্রশাসন। গত বৃহস্পতিবার কর্মীদের প্রায় ৬ হাজারেরও বেশি কর্মীকে চাকুরিচ্যুতর এ কথা জানানো হয়।

এক নির্বাহী কর্মকর্তা বার্তা সংস্থা রয়টার্সকে জানান ট্রাম্প প্রশাসনের এই সিদ্ধান্তের ফলে কর সংগ্রহের ব্যস্ত মৌসুমের মাঝেই সংস্থাটির মোট কর্মশক্তির প্রায় ৬ শতাংশ কমে যাবে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দ্বিতীয় মেয়াদে নেওয়া উদ্যোগ যুক্তরাষ্ট্র প্রশাসন সংকোচন প্রচেষ্টার অংশ হিসেবে এই ছাঁটাইয়ের ঘোষণা দেওয়া হলো। ছাঁটাইয়ের তালিকায় রয়েছেন ব্যাংক নিয়ন্ত্রক, বনকর্মী, রকেট বিজ্ঞানীসহ কয়েক হাজার অন্যান্য সরকারি কর্মচারী। ট্রাম্প এই উদ্যোগের ভার তুলে দিয়েছিলেন তাঁর সবচেয়ে বড় নির্বাচনী দাতাদের একজন প্রযুক্তি খাতের বিলিয়নিয়ার ইলন মাস্কের কাঁধে।

যুক্তরাষ্ট্রের শ্রমিক ইউনিয়নগুলো এই গণছাঁটাই বন্ধে বেশকিছু মামলা করলেও গত বৃহস্পতিবার ওয়াশিংটনে এক ফেডারেল বিচারক রায়

বাকি অংশ ১৩ পৃষ্ঠায়

যুক্তরাষ্ট্রে প্রবেশের সময় আটক বাংলাদেশিসহ ১২ জন

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যের উপকূলে অভিবাসনপ্রত্যাশী বহনকারী একটি নৌযান আটকে দিয়েছে দেশটির কোস্টগার্ড। গত বুধবার ফ্লোরিডার এটি ফেডারেল আদালতে দায়ের করা এক ফৌজদারি অভিযোগে বিষয়টি উল্লেখ করা হয়েছে। নৌযানটিতে বাংলাদেশি ছাড়াও আরও কয়েকটি দেশের ১২ জন অভিবাসন প্রত্যাশী ছিলেন।

ফ্লোরিডার স্থানীয় সংবাদমাধ্যম মিয়ামি হেরাল্ডের প্রতিবেদনে বলা হয়েছে, এর আগেও এ ধরনের অভিবাসনপ্রত্যাশীদের বহনকারী নৌযান আটক করা হয়েছে। এই ঘটনা যুক্তরাষ্ট্রে অবৈধভাবে মানবপাচারের সাম্প্রতিক প্রবণতার অংশ। প্রতিবেদনে বলা হয়েছে, মানবপাচারকারীরা ফ্লোরিডা উপকূলের কোরাল গেবলস, কি বিসকেইন ও ব্রিকেল এলাকাকে অভিবাসীদের নামানোর স্থান হিসেবে বেছে নিচ্ছে।

এতে আরও উল্লেখ করা হয়েছে, অনেক অভিবাসী চীন থেকে আসছেন এবং বাহামাস হয়ে যুক্তরাষ্ট্রে প্রবেশের চেষ্টা করছেন। পাচারকারীরা তাদের নৌকায় তুলে দক্ষিণ ফ্লোরিডার জলপথের ম্যানগ্রোভ জঙ্গলে নিয়ে আসে। এরপর সেখান থেকে অপেক্ষমাণ ভ্যান তাদের দেশের অভ্যন্তরে নিয়ে যায়।

ফেডারেল আদালতে হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশনস (এইচএসআই) কর্তৃপক্ষের দায়ের করা অভিযোগ এবং কোস্ট গার্ডের এক বিবৃতি থেকে জানা গেছে, নৌকায় থাকা লোকজন চীন, হাইতি এবং বাংলাদেশের নাগরিক।

মামলার নথিতে উল্লেখ করা হয়েছে, নৌকাটি চালাচ্ছিলেন নাম আর্লিন কার্লান কারগিল নামে এক ব্যক্তি। অভিযোগে বলা হয়েছে,

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

২৯ মিলিয়ন ডলারের সহায়তা নিয়ে তোলপাড়!

বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশের রাজনীতি শক্তিশালী করতে একটি এনজিওকে ২৯ মিলিয়ন ডলার সহায়তা দেয়ার হয়েছে বলে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের দাবি ঢাকায় নানা আলোচনার জন্ম দিয়েছে। প্রশ্ন উঠেছে, বাংলাদেশে এনজিও সেক্টর, বিশেষ করে বৈদেশিক অর্থায়নে পরিচালিত এনজিওগুলোর বিরুদ্ধে রাজনৈতিক কর্মসূচির নামে এত অর্থ কারা পেয়েছে এবং কীভাবে ব্যবহার হয়েছে?

যদিও বাংলাদেশের এনজিও ব্যুরো বলছে, নিবন্ধিত ও সক্রিয় কোন এনজিওর কাছে এই অর্থ আসার কোন তথ্য তারা পায়নি। এনিয়ে প্রতিবেদন করেছে বিবিসি বাংলা

বাকি অংশ ০৫ পৃষ্ঠায়

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
■ TAX Liens Charge Offs ■ Inquiries ■ Collections
■ Garnishment ■ Bankruptcy ■ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

ডেভিল হান্টেও থামেনি ডাকাতি চুরি ছিনতাই

ঢাকা ডেস্ক: বাবার মৃত্যুর পর হাল ধরেন আরমান হোসেন। তিন দশক ধরে মিরপুর ১০ নম্বরে পরিবারটি চালাচ্ছে 'মা মণি জেনারেল স্টোর'। বৃহস্পতিবার ভোরে প্রাইভেটকারে এসে শাটার ভেঙে এটিসহ আশপাশের কয়েকটি দোকানের মালপত্র ও টাকা নিয়ে যায় দুর্বৃত্তরা। দুর্ধর্ষ এ ঘটনার পর আরমানের ভাষ্য, পাশে বেনারসিপল্লি; গভীর রাত পর্যন্ত লোকে গমগম। এখানে এমন ঘটনা কল্পনাও করিনি। একই সময়ে তারা কয়েকটি বাসায় হানা দেয়। ঘরে-বাইরে কোথাও নিরাপদ নই। মুদি দোকানের ওপর তিনটি পরিবার নির্ভরশীল। লুণ্ঠিত মালপত্র, টাকা হয়তো পাব না। তবে এমন ঘটনার আর পুনরাবৃত্তি চাই না। মূলত পুলিশের নিষ্ক্রিয়তায় এসব হচ্ছে।



শুধু মিরপুর নয়, প্রতিদিনই দেশের বিভিন্ন এলাকায় অপরাধীদের বহুমাত্রিক তৎপরতার খবর মিলছে। জড়িতরা এতটা বেপরোয়া যে প্রকাশ্যে কুপিয়ে জখম করছে। কিছুই তোয়াক্কা করছে না। আবার দিনদুপুরে বাসে উঠে যাত্রীদের কাছ থেকে মোবাইল ফোন, মানিব্যাগ, টাকা কেড়ে নিচ্ছে। চলন্ত বাসে অস্ত্র দেখিয়ে করছে নারীর শ্লীলতাহানিও।

সংশ্লিষ্টরা বলছেন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর চলমান 'ডেভিল হান্টের' মধ্যেই বেপরোয়া অপরাধীরা। শুক্রবার রাতে ঝিনাইদহের শৈলকুপায় তিনজনকে গুলি করে ও কুপিয়ে হত্যার পর দায় স্বীকার করেছে চরমপন্থি সংগঠন। বিভিন্ন অঞ্চলে এ ধরনের তৎপরতা মাথাচাড়া দিয়ে উঠবে কিনা, আশঙ্কা দেখা দিয়েছে।

সাবেক পুলিশ মহাপরিদর্শক মুহাম্মদ নুরুল হুদা বলেন, অভিযানের মধ্যেও অপরাধমূলক তৎপরতা ইঙ্গিত দেয় ততটা কার্যকরী অভিযান হচ্ছে না। অপরাধ প্রতিরোধে কাজ কম হচ্ছে। যদিও এ ধরনের ঘটনায় সাসপেন্ড, বদলির মতো প্রশাসনিক ব্যবস্থা নিতে দেখছি।

অপরাধ বিশ্লেষক ড. তৌহিদুল হক বলেন, অপারেশন ডেভিল হান্টের মধ্যেও বহুমাত্রিক অপরাধ দেখছি। অভিযান সামগ্রিকভাবে না হলে কাঙ্ক্ষিত ফল আসবে না। রাজনৈতিক প্রেক্ষাপট গুরুত্ব না দিয়ে যারা অপরাধে জড়াবে, তাদেরই আইনের আওতায় আনতে হবে।

জানতে চাইলে পুলিশ সদরদপ্তরের মুখপাত্র এআইজি ইনামুল হক সাগর বলেন, পুলিশের রাতের টহল জোরদার হয়েছে। কৌশলগত স্থানে রয়েছে চেকপোস্ট। অপরাধীদের নিয়ন্ত্রণে নানা কৌশল ব্যবহার করা হচ্ছে।

ডিএমপির অতিরিক্ত কমিশনার (অপরাধ ও অপারেশন্স) এস এন মোহাম্মদ নজরুল ইসলাম বলেন, চুরি, ছিনতাই, ডাকাতিসহ বিভিন্ন অপরাধ দমনে আমরা বেশ কিছু উদ্যোগ নিয়েছি। সামনে কিছু বিষয় দৃশ্যমান হবে। সব সংস্থা সমন্বিতভাবে অপারেশন চালাচ্ছে। ঢাকার মতো এত বড় শহরে তারপরও দু-চারটি ঘটনা ঘটতে পারে।

গতকাল শনিবার পুলিশ সদরদপ্তর জানায়, সারাদেশে 'অপারেশন ডেভিল হান্টে' গত ২৪ ঘণ্টায় আরও ৭৬৯ জন গ্রেপ্তার হয়েছে। এ নিয়ে গত ১৪ দিনে মোট গ্রেপ্তার হলো ৮ হাজার ৭৯ জন। অন্যান্য মামলা ও গ্রেপ্তারি পরোয়ানাভুক্ত আসামি গ্রেপ্তার হয়েছে ৫৭২ জন।

পুলিশ সদরদপ্তরের তথ্য বিশ্লেষণে দেখা যায়, জুলাই আন্দোলনের সময় বিভিন্ন থানা ও ফাঁড়ি থেকে সব মিলিয়ে ৫ হাজার ৭৫০টি অস্ত্র লুট হয়। তার মধ্যে এখনও বেহাত ১ হাজার ৩৮৪টি। লুণ্ঠিত অনেক অস্ত্র পেশাদার অপরাধীদের হাতে গেছে বলে ধারণা করা হচ্ছে।

পুলিশের পরিসংখ্যান বিশ্লেষণে দেখা যায়, গত জানুয়ারিতে সারাদেশে হত্যাকাণ্ডের শিকার হন ২৯৪ জন। এ সময়ে ১৭১টি চুরি, ৭১ ডাকাতি, ১০৫ অপহরণ এবং নারী ও শিশু নিপীড়নের ঘটনা ঘটে ১ হাজার ৪৪০টি। গত বছর একই সময়ে হত্যার শিকার হন ২৩১ জন। ডাকাতি ২৯, চুরি ১৪১, অপহরণ ৪৩ এবং নারী ও শিশু নিপীড়নের ঘটনা ঘটে ১ হাজার ৪৩টি। গত বছরের জানুয়ারির তুলনায় এবার চুরি, ডাকাতি, খুনাখুনি, অপহরণ ও নারী নিপীড়নের ঘটনা বেড়েছে। যদিও অপরাধ বিশেষজ্ঞদের ভাষ্য, পুলিশের অপরাধ পরিসংখ্যান দিয়ে সমাজের প্রকৃত চিত্র বোঝানো কঠিন। কারণ, ঘটনার শিকার হয়ে অনেকে মামলা করতে চান না। আবার মামলা হলেও পুলিশ গড়িমসি করে।

পুলিশের দুই কর্মকর্তা জানান, বিভিন্ন বাহিনীর সঙ্গে আরও কার্যকর সমন্বয় রেখে অভিযান

বাকি অংশ ০৮ পৃষ্ঠায়

কোনো কাজেই গতি নেই, নাগরিক সেবা লাটে

ঢাকা ডেস্ক: স্থানীয় সরকার বিভাগে কোনো কাজেই গতি আসছে না। সরকার পতনের পর অনেক জনপ্রতিনিধি পালিয়ে যাওয়া এবং বিভিন্ন পর্যায়ের জনপ্রতিনিধিকে বরখাস্ত করায় স্থবির হয়ে পড়ে স্থানীয় সরকারগুলোর কার্যক্রম। সচিবালয়ে অগ্নিকাণ্ডে আরেকটি বড় ধাক্কা লাগে মন্ত্রণালয়ে। বর্তমানে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের কাজ চলছে দুটি ভিন্ন স্থান থেকে। এ কারণে রুটিন কাজ ও সঠিকভাবে চালানো যাচ্ছে না। দেশের আর্থসামাজিক ব্যবস্থার উন্নয়ন থেকে শুরু করে রাস্তাঘাট সংস্কার, স্যানিটেশন, পানি সরবরাহ, পরিষ্কার-পরিচ্ছন্নতা, সনদ প্রদানসহ সেবামূলক কাজ ব্যাহত হচ্ছে। এতে বাড়ছে জনঅসন্তোষ।



ইনায় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে তিন মাস পরপর আন্তঃমন্ত্রণালয় বৈঠক হতো। গত ২৫ ডিসেম্বর সচিবালয়ে অগ্নিকাণ্ডে সম্মেলন কক্ষটি পুড়ে যায়। এখন মন্ত্রণালয়ের বৈঠক করার মতো সভাকক্ষ নেই। গত ছয় মাসে একটিও আন্তঃমন্ত্রণালয় বৈঠক হয়নি। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) সম্মেলন কক্ষে এলজিআরডি মন্ত্রণালয়ের বিভিন্ন পর্যায়ের বৈঠক হয় মাঝেমধ্যে। অগ্নিকাণ্ডের পর পুরো এক মাস কোনো কর্মকর্তা-কর্মচারীর বসার জায়গাই ছিল না। তড়িঘড়ি করে ডিএসসিসি নগর ভবনের ১৩ থেকে ১৫ তলার ৭৫টি কক্ষ খালি করা হয়। সেখানে কয়েকজন কর্মকর্তা-কর্মচারীর বসার ব্যবস্থা করা হয়েছে। আর কিছু কর্মকর্তা পুড়ে যাওয়া ভবনের দ্বিতীয় তলায় অফিস করছেন। দুটি স্থান থেকে কার্যক্রম পরিচালনা করায় কাজের গতি কমে গেছে। এ ছাড়া আগুন লেগে অনেক ফাইল পুড়ে যাওয়ায় দ্রুত কাজ করা সম্ভব হচ্ছে না। মন্ত্রণালয় থেকে ৪০ বস্তা ফাইলপত্র নেওয়া হয়েছে নগর ভবনে। সেগুলোর মধ্যে মাত্র ছয়-সাতটি বস্তা এখন পর্যন্ত খোলা হয়েছে।

স্থানীয় সরকারের বিভিন্ন পর্যায়ে জনপ্রতিনিধি না থাকায় জন্ম ও মৃত্যুসনদ, প্রত্যয়নপত্র পাওয়াসহ নানা ধরনের সেবা থেকে বঞ্চিত হচ্ছে জনগণ। নগরীগুলোয় নামকাওয়াস্তে চলছে মশক নিয়ন্ত্রণসহ পরিচ্ছন্নতা কাজ। অতীতে মেয়রদের কার্যক্রম থাকত মাঠ পর্যায়ে। বর্তমানে পৌরসভা ও সিটি করপোরেশনে প্রশাসক বসানো হলেও মাঠ পর্যায়ে তাদের কোনো তদারকি নেই। স্থানীয় সরকারের উন্নয়ন কার্যক্রম থমকে পড়ায় দেশজুড়ে অনেক সড়ক বেহাল।

দেশের ১২ সিটি করপোরেশনের মধ্যে চট্টগ্রাম

বাকি অংশ ১২ পৃষ্ঠায়



ডিসেম্বরেই নির্বাচন দিতে চায় সরকার

বাংলা পত্রিকা ডেস্ক: আগামী ডিসেম্বরেই জাতীয় সংসদ নির্বাচন দিতে চায় অন্তর্বর্তী সরকার। কোনো কারণে ডিসেম্বরে সম্ভব না হলে নির্বাচন বড়জোর মাসখানেক পেছানো হতে পারে। অন্তর্বর্তী সরকার এবং প্রধান উপদেষ্টার ঘনিষ্ঠ একাধিক সূত্র থেকে জাতীয় নির্বাচনের সময় নিয়ে এমন ধারণা পাওয়া গেছে।

এই সূত্রগুলো বলছে, আগামী ডিসেম্বরেই জাতীয় সংসদ নির্বাচন, এটা মোটামুটি নিশ্চিত। তবে কোনো পরিস্থিতিগত কারণে ডিসেম্বরে সম্ভব না হলে আগামী বছরের জানুয়ারির মধ্যে ভোট হবে বলে মনে করছেন সরকার-সংশ্লিষ্ট অনেকেই। কারণ, আগামী বছরের ফেব্রুয়ারিতে পবিত্র রমজান শুরু হবে। রমজান ও পবিত্র ঈদুল ফিতর মিলিয়ে দেড়-দুই মাস সময়ের মধ্যে নির্বাচন আয়োজন করা সম্ভব হবে না। এরপর কালবৈশাখী ও বর্ষা মৌসুম শুরু হবে। সাধারণত বর্ষায় জাতীয় নির্বাচন আয়োজন করা হয় না। সে ক্ষেত্রে ডিসেম্বরে সম্ভব না হলে ২০২৬ সালের জানুয়ারিতে নির্বাচন আয়োজন করতে হবে।

অবশ্য অন্তর্বর্তী সরকারের নৌপরিবহন এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উপদেষ্টা এম সাখাওয়াত হোসেন একটি এক সাক্ষাৎকারে বলেছেন, অক্টোবরের দিকে নির্বাচনের তফসিল ঘোষণা হতে পারে। গত বৃহস্পতিবার প্রকাশিত এই সাক্ষাৎকারে তিনি বলেছেন, 'আমি যদি খুব ভুল না করে থাকি তাহলে অক্টোবরের দিকে তফসিল ঘোষণা, ডিসেম্বরে নির্বাচন এবং জানুয়ারির মধ্যে নতুন সরকার গঠন হতে পারে এমন সংকেত পাচ্ছি।'

জাতীয় সংসদ নির্বাচন আয়োজন করা সাংবিধানিকভাবে নির্বাচন কমিশনের (ইসি) দায়িত্ব। এই নির্বাচনের দিনক্ষণ তারাই ঠিক করে। তবে ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখেআওয়ামী লীগ সরকারের পতনের পর পরিবর্তিত পরিস্থিতিতে নির্বাচন কবে হবে তা মূলত নির্ভর করছে অন্তর্বর্তী সরকার ও রাজনৈতিক দলগুলোর ঐকমত্যের ওপর। ইসি সরকারের সিদ্ধান্তের দিকে তাকিয়ে আছে। তবে তারা আগামী ডিসেম্বরে নির্বাচন এমনটা ধরেই প্রস্তুতি নিচ্ছে।

ইতিমধ্যে নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে জানতে চলতি মাসে বিএনপি, জামায়াতে ইসলামী, বাম গণতান্ত্রিক জোটসহ কিছু রাজনৈতিক দল আলাদাভাবে ইসির সঙ্গে বৈঠক করেছে। সেখানে দলগুলো নির্বাচন প্রশ্নে তাদের অবস্থানও তুলে ধরে। বিএনপি এবং বাম জোট এ বছরের মধ্যে জাতীয় নির্বাচনের দাবি জানিয়েছে। তারা আগে স্থানীয় নির্বাচন করার বিপক্ষে মত দিয়েছে।

অন্যদিকে জামায়াতে ইসলামী জাতীয় নির্বাচনের জন্য কোনো সময় বেঁধে দেয়নি। তারা জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের পক্ষে মত দিয়েছে। জামায়াত চায় আগে সংস্কার, তারপর নির্বাচন।

এ ছাড়া গণ-অভ্যুত্থানের নেতৃত্বে থাকা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটি আগে স্থানীয় সরকার নির্বাচন আয়োজনের পক্ষে। তারা একাধিকবার এ বিষয়ে নিজেদের অবস্থান পরিষ্কার করে বক্তব্য দিয়েছে এবং সংস্কার করেই নির্বাচনের কথা বলেছে।

ছাত্র-জনতার অভ্যুত্থানে স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের পতনের পর অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে দায়িত্ব নেয় অন্তর্বর্তী সরকার। গত ১৬ ডিসেম্বর জাতির উদ্দেশে দেওয়া ভাষণে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জাতীয় নির্বাচনের একটি সম্ভাব্য সময়ের কথা বলেছিলেন। তিনি বলেছিলেন, অল্প সংস্কার করে নির্বাচন চাইলে ২০২৫ সালের ডিসেম্বরে, আর আরেকটু বেশি সংস্কার করে নির্বাচন চাইলে ২০২৬ সালের মাঝামাঝি সময়ের মধ্যে নির্বাচন করা সম্ভব।

এর আগে গত বছরের সেপ্টেম্বরে সেনাপ্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান রয়টার্সকে এক সাক্ষাৎকারে বলেছিলেন, ১৮ মাসের মধ্যে যাতে নির্বাচন হতে পারে, সে জন্য গুরুত্বপূর্ণ সংস্কারগুলো সম্পন্ন করতে এই সরকারকে সমর্থনের প্রতিশ্রুতি দিয়েছেন। তিনি নভেম্বর ডিসেম্বের (২০২৫) মধ্যেই নির্বাচনের কথা বলেছিলেন।



অন্তর্বর্তী সরকারের অন্যতম লক্ষ্য দেশের বিভিন্ন খাতে সংস্কার আনা। এ জন্য ১১টি সংস্কার কমিশনও গঠন করা হয়েছে। এর মধ্যে সংবিধান, নির্বাচনব্যবস্থা, জনপ্রশাসন, পুলিশ, বিচার বিভাগ ও দুর্নীতি দমন সংস্কার কমিশন ইতিমধ্যে তাদের প্রস্তাব জমা দিয়েছে। এসব প্রস্তাব নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে 'জাতীয় ঐকমত্য কমিশনের' আলোচনা শুরু হয়েছে।

রাজনৈতিক বিশ্লেষকেরা বলছেন, সংস্কারে জোর দিলেও বিভিন্ন খাতে, বিশেষ করে আইনশৃঙ্খলা পরিস্থিতি পুরোপুরি সরকারের নিয়ন্ত্রণে আসেনি। বেশ কিছু বিশৃঙ্খলার ঘটনা ঘটেছে। মানুষের মধ্যে অনিশ্চয়তা, দুশ্চিন্তা রয়েছে। এমতাবস্থায় দ্রুততম সময়ের মধ্যে একটি নির্বাচিত সরকার না এলে পরিস্থিতি ভিন্ন দিকে মোড় নিতে পারে, এমন আশঙ্কার কথাও আলোচনা হচ্ছে।

আগে স্থানীয় নির্বাচনে সুবিধা-অসুবিধা

এদিকে জাতীয় নির্বাচনের আগে আগামী আগস্ট-সেপ্টেম্বরে স্থানীয় সরকার নির্বাচন দেওয়া যায় কি না, তা নিয়েও চিন্তাভাবনা রয়েছে। যদিও জাতীয় নির্বাচনের আগে স্থানীয় নির্বাচন আয়োজন প্রশ্নে রাজনৈতিক অঙ্গনে বড় ধরনের মতবিরোধ আছে।

স্থানীয় সরকার সংস্কার কমিশন ইতিমধ্যে তাদের সুপারিশের সারসংক্ষেপ সরকারের কাছে জমা দিয়েছে। মূলত দুটি বিষয় মাথায় রেখে জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচনের কথা ভাবা হচ্ছে। প্রথমত, গত ৫ আগস্ট ছাত্র-জনতার অভ্যুত্থানে স্বৈরাচারী শেখ হাসিনা সরকারের পতনের পর স্থানীয় সরকারের অনেক জনপ্রতিনিধিও আত্মগোপনে চলে যান। একপর্যায়ে বেশির ভাগ স্থানীয় সরকারের জনপ্রতিনিধিকে বরখাস্ত করে অন্তর্বর্তী সরকার। এখন স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোয় জনপ্রতিনিধি না থাকায় সাধারণ মানুষ বিভিন্ন সেবা থেকে বঞ্চিত হচ্ছেন। দ্বিতীয়ত, আগে স্থানীয় সরকার নির্বাচন হলে নতুন নির্বাচন কমিশনের একটি পরীক্ষা ও অভিজ্ঞতা হবে। সরকারও সেখান থেকে অভিজ্ঞতা নিতে পারবে। নির্বাচনী যেসব সংস্কার আনা হবে, সেগুলো কতটা কার্যকর হচ্ছে, সেটাও এর মাধ্যমে বোঝা সম্ভব হবে।

তবে বিএনপি মনে করে, জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচন করতে গেলে সারা দেশে সংঘাতময় পরিস্থিতি তৈরি হতে পারে। আগে স্থানীয় নির্বাচন চাওয়াকে দেশকে ভঙ্গুর করার পরিকল্পনা হিসেবে বর্ণনা করেছে বিএনপি। অন্যদের মধ্যেও এমন আশঙ্কা রয়েছে।

অবশ্য সম্প্রতি বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে বৈঠকে ইসি জানিয়েছে, তারা প্রধান উপদেষ্টার ঘোষণা অনুযায়ী ডিসেম্বরে নির্বাচন হবে ধরে প্রস্তুতি নিচ্ছে। স্থানীয় সরকার নির্বাচনের বিষয়ে এখন পর্যন্ত সরকারের কোনো সিদ্ধান্ত ইসিকে জানানো হয়নি। জেলা প্রশাসকদের এখন থেকেই নির্বাচনের জন্য কাজ শুরু করার নির্দেশনা দিয়েছে ইসি।

ইসির কর্মকর্তারা মনে করছেন, ডিসেম্বরে জাতীয় নির্বাচন করতে হলে অক্টোবরের মধ্যে তাঁদের প্রয়োজনীয় প্রস্তুতি সেরে ফেলতে হবে। নির্বাচনের আগে মোটাদাগে বড় প্রস্তুতির মধ্যে আছে ভোটার তালিকা হালনাগাদ, সংসদীয় আসনের সীমানা পুনর্নির্ধারণ, নতুন রাজনৈতিক দলের নিবন্ধন, পর্যবেক্ষক নিবন্ধন এবং প্রয়োজনীয় কেনাকাটার মতো কাজগুলো শেষ করা। ভোটার তালিকা হালনাগাদের কাজ চলছে। আগামী জুনের মধ্যে এ কাজ শেষ হবে। বাকি কাজগুলো শুরু করতে নির্বাচনব্যবস্থা সংস্কার কমিশনের সুপারিশের বাস্তবায়ন নিয়ে সিদ্ধান্তের অপেক্ষায় আছে ইসি।

ভাবতে হচ্ছে আইনশৃঙ্খলা নিয়েও

সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, নির্বাচনের আগে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়েও ভাবতে হচ্ছে। বিপর্যস্ত অবস্থা থেকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বিশেষ করে পুলিশ এখনো সম্পূর্ণ স্বাভাবিক অবস্থায় ফিরতে পারেনি। জনপ্রশাসনেও পুরোপুরি শৃঙ্খলা ফেরেনি। নির্বাচনের মাঠে পুলিশ ও প্রশাসনের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। নির্বাচনের আগে পুলিশ ও প্রশাসনকে পুরোপুরি কার্যকর ও গতিশীল করাটাও একটা চ্যালেঞ্জ। পুলিশ এখন যে অবস্থায় আছে, তাতে নির্বাচনের সময় কতটা শক্তভাবে দায়িত্ব পালন করতে পারবে, তা নিয়ে সংশয় আছে। যদিও বেসামরিক প্রশাসনকে সহায়তা দিতে সশস্ত্র বাহিনী মাঠে রয়েছে। জাতীয় নির্বাচনে স্ট্রাইকিং ফোর্স হিসেবে সশস্ত্র বাহিনী মোতায়েন করা হয়। তাই আগামী নির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষায় সেনাবাহিনীর ভূমিকা আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।

সুশাসনের জন্য নাগরিকের (সুজন) সম্পাদক ও জাতীয় ঐকমত্য কমিশনের সদস্য বদিউল আলম মজুমদার বলেন, 'আমি মনে করি, দ্রুততার সঙ্গে নির্বাচন হওয়া প্রয়োজন। তবে এটি কত দ্রুততম সময়ের মধ্যে হবে, তা নির্ভর করবে অন্তর্বর্তী সরকার ও রাজনৈতিক দলগুলোর ওপর। প্রয়োজনীয় আইনকানুন, বিধিবিধান সংস্কার করে সেসব কার্যকর করতে দলগুলো কত দ্রুত সময়ের মধ্যে ঐকমত্যে আসবে, তার ওপর।' তিনি বলেন, কিছু গুরুত্বপূর্ণ বিষয় নির্বাচনের আগেই বাস্তবায়ন করতে হবে। আর দীর্ঘ মেয়াদে যেসব সংস্কার, সেগুলোর বিষয়ে ঐকমত্যে পৌঁছে ক্ষমতায় গিয়ে নির্বাচিত সরকার বাস্তবায়ন করবে। প্রধান উপদেষ্টা ইতিমধ্যে একটি জাতীয় সনদের কথা বলেছেন। যত দ্রুত ঐকমত্য তৈরি হবে, তত দ্রুত নির্বাচন হবে বলে তিনি মনে করেন।

নতুন ছাত্র সংগঠনে কারা আসছেন?

'স্টুডেন্টস ফার্স্ট, বাংলাদেশ ফার্স্ট' স্লোগানে সংগঠনটির ঘোষণাপত্র লেখার কাজ শেষ হয়েছে

বাংলা পত্রিকা ডেস্ক : ছাত্র সংগঠনের যাত্রার প্রস্তুতি গুছিয়ে এনেছেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের একদল সমন্বয়ক। শিগগিরই ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিন থেকে সংগঠনটির কেন্দ্রীয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক কমিটি ঘোষণা করা হবে।

উদ্যোক্তাদের সঙ্গে কথা বলে জানা গেছে, নতুন এ ছাত্র সংগঠনের নেতৃত্বে কারা আসবেন তা প্রায় চূড়ান্ত হয়েছে। 'স্টুডেন্টস ফার্স্ট, বাংলাদেশ ফার্স্ট' স্লোগানে সংগঠনটির ঘোষণাপত্র লেখার কাজও শেষ। তবে সংগঠনের নাম শনিবার দুপুর পর্যন্ত চূড়ান্ত হয়নি।

এ সংগঠনের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক পদে আসতে পারেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক আবদুল কাদের।

তিনি গণমাধ্যমকে বলেন, "এখনও সংগঠনের নাম চূড়ান্ত হয়নি, তবে গঠনতন্ত্র লেখার কাজ সম্পন্ন হয়েছে।"

ঢাকা বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ বৈকল্য বিভাগের শিক্ষার্থী সাইদুর রহমান শাহীদও নতুন এই সংগঠনের সঙ্গে যুক্ত।

তার ভাষ্যে, "নতুন এ ছাত্র সংগঠনের প্রতি ছাত্র জনতার আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন জানার জন্য আমরা অনলাইন ও অফলাইনে জনমত জরিপ করেছিলাম। আমরা দশ হাজারেরও বেশি মানুষের মতামত পেয়েছি। সেখানে তারা তাদের আশা-আকাঙ্ক্ষা এবং দলের নামসহ বিভিন্ন মতামত জানিয়েছেন।"

স্বতন্ত্র ছাত্র সংগঠন ঘোষণার বিষয়ে শাহীদ বলেন, "বিগত বছরগুলো ছিল ছাত্র রাজনীতির জন্য এক কলঙ্কিত অধ্যায়। শিক্ষার্থীদেরকে জিম্মি করে, শিক্ষাঙ্গনের সুষ্ঠু পরিবেশ দূষিত করে অন্যদেরকে রাজনীতিতে যুক্ত করতে বাধ্য করা হয়েছে; যার প্রধান লক্ষ্য ছিল- মূল দলকে ক্ষমতায় টিকিয়ে রাখা। নতুন ছাত্র সংগঠন সেই কলঙ্ককে মুছে দিতে বদ্ধপরিকর।"

এর আগে গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলন করে নতুন ছাত্র সংগঠন আনার ঘোষণার দেওয়া হয়।

নেতৃত্বে আসছেন যারা

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মতো এই ছাত্রসংগঠনের শীর্ষ পদ থাকছে চারটি: আহ্বায়ক, সদস্যসচিব, মুখপাত্র ও মুখ্য সংগঠক।

একাধিক উদ্যোক্তার সঙ্গে কথা বলে জানা গেছে, সংগঠনটির কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক হচ্ছেন আবু বাকের মজুমদার, আর ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার দায়িত্ব পাচ্ছেন আবদুল কাদের।

আবু বাকের মজুমদার এর আগে নাহিদ ইসলাম-আখতার হোসেন নেতৃত্বাধীন গণতান্ত্রিক ছাত্রশক্তির ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সদস্য সচিব এবং আব্দুল কাদের যুগ্ম আহ্বায়ক ছিলেন।

কেন্দ্রীয় কমিটির সদস্য সচিব হিসেবে বৈষম্যবিরোধী আন্দোলনের দপ্তর সেল সম্পাদক জাহিদ আহসান ও আন্দোলনের সমন্বয়ক তাহমিদ আল মুদ্দাসসির চৌধুরীর নাম আলোচনায় রয়েছে। জাহিদ আহসান ও তাহমিদ আল মুদ্দাসসির দুজনেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা কমিটির সদস্য সচিব হিসেবে বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের শিক্ষার্থী মহির আলমের নাম আলোচনায় রয়েছে। এছাড়া কেন্দ্রীয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় দুই কমিটিতেই মুখপাত্র হিসেবে নারী শিক্ষার্থীকে রাখা হতে পারে। কেন্দ্রীয় কমিটির জন্য বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী আশরেফা খাতুন এবং ২০১৯-২০২০ সেশনের রাফিয়া রেহনুমা হৃদির নাম আলোচনায় রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় এ পদে ২০২০-২০২১ সেশনের শিক্ষার্থী সানজানা আফিফা অদিতির নাম শোনা যাচ্ছে।

কেন্দ্রীয় কমিটির মুখ্য সংগঠক পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ সেশনের শিক্ষার্থী আল আমিন সরকার এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার মুখ্য সংগঠক পদে আলোচনায় রয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী হাসিব আল ইসলাম।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের একাধিক সদস্য জানান, সমঝোতার ভিত্তিতে কমিটি চূড়ান্ত করা হবে। তারপরই সংগঠনের আত্মপ্রকাশের সময় জানা যাবে।

থাকছে বয়সের বাধ্যবাধকতা

আব্দুল কাদের বলেন, "নতুন এ রাজনৈতিক দল লেজুড়বৃত্তিক রাজনীতি করবে না। এ দলের নেতৃত্ব নির্বাচিত হবে গণতান্ত্রিক পদ্ধতিতে এবং অর্থনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করা হবে সংগঠনের সদস্যদের চাঁদার ভিত্তিতে।"

তিনি বলেন, "এই ছাত্র সংগঠনে যারা কেন্দ্রীয় কমিটিতে আসবেন, তাদের বয়স হতে হবে অনূর্ধ্ব ২৮। ২৮ বছরের বেশি কেউ এই সংগঠনের কেন্দ্রীয় কমিটিতে সদস্যপদ পাবে না।

"আবার বিশ্ববিদ্যালয় ইউনিটগুলোর ক্ষেত্রে সদস্য হতে পারবে সম্মান শ্রেণীতে ভর্তি হওয়ার পর থেকে সর্বোচ্চ সাত বছর পর্যন্ত। অর্থাৎ এই সংগঠন শুধুমাত্র শিক্ষার্থীদের জন্য।"

উদ্যোক্তাদের একজন বলেন, "নতুন ছাত্র সংগঠনটি আদর্শিক বাইনারি কালচারাল দ্বন্দ্বের বাইরে গিয়ে মধ্যমপন্থি ছাত্র রাজনীতিকে প্রতিষ্ঠা করবে। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে অন্তর্ভুক্তিমূলক ছাত্ররাজনীতি তৈরি করা, যেখানে পরিচয়ের ভিত্তিতে কাউকে অবমূল্যায়ন করা হবে না।

"মূলধারার রাজনৈতিক পরিসরে নারীদের যে অনুপস্থিতি রয়েছে; সেটিকে বিবেচনা করে নারীর রাজনৈতিক মানস বিনির্মাণ করা, রাজনৈতিক চর্চার পরিবেশ তৈরি করা এবং রাজনৈতিক ব্যবস্থাকে নারীবান্ধব করে তোলার মাধ্যমে নারী-পুরুষ নির্বিশেষে সকলের জন্য সমান সুযোগ সৃষ্টি করবে।"



The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

পাসপোর্টে পুলিশ ভেরিফিকেশন বাতিল

ভোগান্তি কমবে, কিন্তু সতর্ক থাকতে হবে

পাসপোর্ট তৈরির ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশন বাধ্যতামূলক থাকার যে দীর্ঘদিনের নিয়ম ছিল, সেটি বাতিলের ঘোষণা দিয়েছে সরকার। ১৬ ফেব্রুয়ারি জেলা প্রশাসক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে এই ঘোষণা দিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তাঁর মতে, জাতীয় পরিচয়পত্র বা জন্মসনদের মতো পাসপোর্ট পাওয়া প্রতিটি মানুষের অধিকার এবং এটি অপরাধী শনাক্তের কোনো প্রক্রিয়া হতে পারে না। এই সিদ্ধান্ত সাধারণ মানুষের ভোগান্তি কমিয়ে পাসপোর্ট পাওয়ার পথকে সহজ করবে।

বাংলাদেশে পাসপোর্ট তৈরির ক্ষেত্রে পুলিশের প্রতিবেদনের জন্য অপেক্ষা করতে হতো, যা প্রায়ই সময়ক্ষেপণ এবং দুর্নীতির কারণ হয়ে দাঁড়াত। অপরাধী প্রমাণিত না হওয়া সত্ত্বেও অনেক আবেদনকারীকে হয়রানির শিকার হতে হয়েছে, এমনকি ঘুষ দিতে বাধ্য করা হয়েছে। এই প্রক্রিয়া বাতিল হওয়ায় নাগরিকেরা সহজেই তাঁদের বৈধ পরিচয়পত্রের ভিত্তিতে পাসপোর্ট সংগ্রহ করতে পারবেন, যা প্রশাসনিক জটিলতা কমাবে।

হ্যাঁ, ভোগান্তি কমবে ঠিকই কিন্তু পরিচয় যাচাই হবে কি? পুলিশ ভেরিফিকেশন হতো আবেদনকারীর পরিচয় ও ঠিকানা সঠিক কি না, তা যাচাইয়ের জন্য। এটি বাতিল হওয়ায় ভুয়া তথ্য দিয়ে একাধিক পাসপোর্ট তৈরির সুযোগ তৈরি হতে পারে। কেননা, জাতীয় পরিচয়পত্র বা জন্মসনদ তৈরির বেলায় কোনো কিছু যাচাইয়ের ব্যবস্থা নেই। এনআইডি ও জন্মসনদ জাল করে কেউ যদি নতুন পরিচয় গ্রহণ করে, তাহলে তার জন্য পাসপোর্ট পাওয়া সহজ হয়ে যাবে। একজন ভিন্ন পরিচয়ে একাধিক এনআইডি তৈরি করে প্রতিটি এনআইডি দিয়ে একটি করে পাসপোর্ট তৈরি করে ফেলতে পারে। এ ছাড়া, রোহিঙ্গা শরণার্থী কিংবা অন্য দেশের নাগরিকেরা এই সুযোগ কাজে লাগিয়ে বাংলাদেশি পাসপোর্টের মালিক বনে যাওয়াটাও অসম্ভব কিছু না!

বাংলাদেশে পাসপোর্ট তৈরির ক্ষেত্রে পুলিশের প্রতিবেদনের জন্য অপেক্ষা করতে হতো, যা প্রায়ই সময়ক্ষেপণ এবং দুর্নীতির কারণ হয়ে দাঁড়াত। অপরাধী প্রমাণিত না হওয়া সত্ত্বেও অনেক আবেদনকারীকে হয়রানির শিকার হতে হয়েছে, এমনকি ঘুষ দিতে বাধ্য করা হয়েছে। এই প্রক্রিয়া বাতিল হওয়ায় নাগরিকেরা সহজেই তাঁদের বৈধ পরিচয়পত্রের ভিত্তিতে পাসপোর্ট সংগ্রহ করতে পারবেন, যা প্রশাসনিক জটিলতা কমাবে।

এমনকি জঙ্গিবাদে যুক্ত বা গুরুতর অপরাধে অভিযুক্ত ব্যক্তিরা সহজে এই সুযোগ কাজে লাগিয়ে পাসপোর্ট পেতে পারে। পুলিশ ভেরিফিকেশনের ব্যবস্থা না থাকলে পরিচয় যাচাই না করিয়ে তারা হয়তো খুব সহজেই বিদেশ যাওয়ার অনুমতি পেয়ে যাবে। ফলে আন্তর্জাতিক অপরাধ বা জঙ্গিবাদে সংশ্লিষ্ট ব্যক্তিরা ধরা না পড়ে গন্তব্যে পৌঁছে যেতে পারে।

সরকারের এই সিদ্ধান্ত হয়রানি বন্ধের একটি দারুণ পদক্ষেপ হলেও এটি যেন জাতীয় নিরাপত্তাকে দুর্বল না করে, সেদিকে খেয়াল রাখা জরুরি। এর জন্য একটি শক্তিশালী ডিজিটাল যাচাই ব্যবস্থা চালু করা যেতে পারে, যা এনআইডি, জন্মসনদ ও অন্যান্য সরকারি নথির মাধ্যমে আবেদনকারীর পরিচয় নিশ্চিত করবে। প্রতিটি মানুষের আইরিশ এবং আঙুলের ছাপ নিশ্চিত করতে হবে। বিশেষ করে রোহিঙ্গা অধ্যুষিত এলাকার বাসিন্দা বা সন্দেহভাজন আবেদনকারীদের জন্য অতিরিক্ত যাচাই-বাছাইয়ের ব্যবস্থা থাকা উচিত। এবং কেউ যেন একাধিক পাসপোর্টের দাবিদার না হয়, সেই ব্যাপারটিও তদন্ত করতে হবে। পুলিশ ভেরিফিকেশনের বিকল্প হিসেবে পাসপোর্ট অফিস বা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একটি বিশেষ ইউনিট আবেদনকারীর ব্যাকগ্রাউন্ড যাচাই করতে পারে।

হয়রানি বন্ধের পাশাপাশি অপরাধ প্রতিরোধের জন্য কার্যকর ও আধুনিক যাচাইব্যবস্থা গড়ে তোলাই হবে সবচেয়ে যৌক্তিক সমাধান।

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

রাজনৈতিক অঙ্গনে নতুন মেরুকরণের উত্তাপ

অরুণ কর্মকার



এমনিতেই ফেব্রুয়ারি এলে রাজপথগুলো আগুনরাঙা হয়ে ওঠে। বাতাসে গনগনে ফুলকি ছড়াতে শুরু করে। ফেব্রুয়ারি এ দেশের প্রতিটি মানুষকে মনে করিয়ে দেয় ১৯৫২ সালে তার রচিত পথের কথা। এবার, এই ২০২৫ সালের ফেব্রুয়ারিতে তার সঙ্গে বাড়তি যুক্ত হয়েছে নতুন রাজনৈতিক মেরুকরণের উত্তাপ। মানুষ এখন স্পষ্ট বুঝতে পারছে যে বাংলাদেশ এক রাজনৈতিক ক্রান্তিকাল অতিক্রম করছে। রাজনীতিতে নতুন মেরুকরণ ঘিরে সৃষ্ট নানামুখী টানাপোড়েন ওই উত্তাপ ছড়ানোর পাশাপাশি কিছু প্রশ্নেরও জন্ম দিচ্ছে।

নতুন মেরুকরণের প্রধান উপাদান হলো বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পৃষ্ঠপোষকতা এবং জাতীয় নাগরিক কমিটির উদ্যোগে নতুন একটি রাজনৈতিক দল এখন আত্মপ্রকাশের দ্বারপ্রান্তে রয়েছে। একই সঙ্গে গঠনপ্রক্রিয়ার মধ্যেই নতুন দলের নেতৃত্ব নিয়ে টানাপোড়েন প্রকাশ্যে এসেছে। অপেক্ষাকৃত তরুণদের উদ্যোগ ও সমন্বয়ে একটি নতুন রাজনৈতিক দল গঠনের প্রক্রিয়ায় হয়তো এ ধরনের টানাপোড়েন একেবারে অস্বাভাবিক নয়। তবে বিষয়টি যেভাবে প্রকাশ্যে এসেছে এবং আসছে, তাতে স্বাভাবিক মনে করে নিশ্চিত হওয়া কঠিন।

কারণ, বিষয়টি সংশ্লিষ্ট শীর্ষ নেতাদেরও অনেকে সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট দিচ্ছেন। তাতে এ কথা স্পষ্ট যে নতুন দলের উদ্যোক্তা এবং পৃষ্ঠপোষকদের মধ্যে নেতৃত্বের বিষয়ে একাধিক বলয় তৈরি হয়েছে। আত্মপ্রকাশের আগেই এই অবস্থা নেতাদের জন্য বিব্রতকর হয়ে উঠেছে। কিন্তু বাস্তবতা হলো, তরুণদের উদ্যোগ ও নেতৃত্বে একটি উদারপন্থী (তাঁরা অবশ্য মধ্যপন্থী বলেছেন) রাজনৈতিক দল হওয়া সময়ের দাবি। তাঁদের সেই দাবি মেটাতে হবে। নতুন দল অবশ্য আরও দু-একটি হওয়ার কথা শোনা গিয়েছিল। এখনো যে শোনা যাচ্ছে না, তা-ও নয়। তবে সেসব বাতাসেই ভেসে বেড়াচ্ছে। হয়তো এমন দলগুলোর উদ্যোক্তারা বিষয়টি আড়ালে রেখেই শেষ মুহূর্তে প্রকাশিত হতে চান।

এই মেরুকরণ প্রক্রিয়ায় সবচেয়ে লক্ষণীয় বিষয় হলো বিএনপির প্রতিক্রিয়া। নতুন রাজনৈতিক দল গঠনের প্রক্রিয়ার পাশাপাশি ছয় সংস্কার কমিশনের প্রতিবেদন নিয়ে রাজনৈতিক দলগুলোর সঙ্গে সভায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বক্তব্যের একটি অংশ বিএনপিকে বোধ হয় কিছুটা উদ্বিগ্ন করেছে। প্রধান উপদেষ্টা বলেছিলেন, কোন রাজনৈতিক দল কতটুকু সংস্কার চায়, তা লিখিতভাবে জানাতে হবে এবং তিনি তা দেশবাসীকে জানানোর জন্য ওয়েবসাইটে দিয়ে দেবেন। এরপর বিএনপি নেতাদের বক্তব্য-বিবৃতিতে সংস্কারের বিষয়ে আর কোনো কথা শোনা যাচ্ছে না। বরং তাঁরা দ্রুত জাতীয় নির্বাচন আয়োজনের দাবি জোরদার করেছেন। এই দাবিতে তাঁরা রাজনৈতিক কর্মসূচিও পালন করছেন।

অবশ্য বিএনপি আগে থেকেই বলে এসেছে যে সংস্কার করবে নির্বাচিত সরকার এবং বিএনপি ক্ষমতায় গেলে কী কী সংস্কার করা হবে, তাদের ৩১ দফা রাষ্ট্র সংস্কার প্রস্তাবের মধ্যে তা রয়েছে। কিন্তু তাতে অন্যান্য রাজনৈতিক শক্তি, বিশেষ করে নতুন রাজনৈতিক দলের আকাঙ্ক্ষা মিটবে বলে মনে হয় না। তাই নতুন দলের উদ্যোক্তা, পৃষ্ঠপোষক এবং জামায়াতে ইসলামী ও তাদের সমমনা দলগুলো নির্বাচনের আগে অন্তত মৌলিক বিষয়ে সংস্কার সম্পন্ন করার কথা বলে যাচ্ছে। ফলে ৫ আগস্টের গণ-অভ্যুত্থানকে কেন্দ্র করে আওয়ামী লীগ ও তার নেতৃত্বাধীন ১৪ দলীয় জোটভুক্ত দলগুলো ছাড়া দেশের সব রাজনৈতিক দলের মধ্যে যে সমঝোতা তৈরি হয়েছিল, তা এখন কার্যত ভেঙে গেছে। ধারণা করা যায়, সামনের দিনগুলোতে তা আরও ভঙ্গুর অবস্থায় পৌঁছাবে।

রাজনৈতিক মেরুকরণে নতুন অনুষঙ্গ হয়ে সামনে এসেছে আওয়ামী লীগের প্রসঙ্গ। জুলাই গণহত্যা, গুম, খুনসহ মানবতাবিরোধী অপরাধে জড়িত ননড়এমন আওয়ামী লীগ নেতারা ক্ষমা চাইলে রাজনীতিতে ফেরার সুযোগ পেতে পারেন বলে জাতিসংঘের মানবাধিকার কমিশনসহ বিভিন্ন উন্নয়ন-সহযোগীদের কাছ থেকে এমন প্রস্তাব এসেছে। ফলে অন্তর্বর্তী সরকারও তেমন চিন্তাভাবনাই করছে বলে প্রতীয়মান হয়, যখন সরকারের একাধিক উপদেষ্টা বিষয়টি প্রকাশ্যে বলেন। গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া ছাত্রনেতারাও এ ধরনের 'রিডিম এবং রিকনসিলিয়েশন'-এ রাজি বলে জানা যায়। তবে বিষয়টিতে বিএনপির ঘোরতর আপত্তি রয়েছে। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিষয়টির স্পষ্ট বিরোধিতা করে বক্তব্য দিয়েছেন। তাঁরা বিষয়টিকে দেখছেন ছাত্রদের নতুন দল গঠনের ক্ষেত্রে সুবিধা নেওয়ার চেষ্টা হিসেবে। জামায়াতে ইসলামীর বক্তব্য হলো, গণহত্যার জন্য দায়ীদের চিহ্নিত ও বিচারকাজ আগে সম্পন্ন করা হোক। ক্ষমার চিন্তা তারপর হতে পারে। আগে নয়।

কোনো কোনো ছাত্রনেতা এবং রাজনৈতিক দল আওয়ামী লীগের নিবন্ধন বাতিল এবং দলটিকে নিষিদ্ধ ঘোষণারও দাবি জানিয়ে যাচ্ছে। ক্ষমা চেয়ে রাজনীতিতে পুনর্বাসন, নিবন্ধন বাতিল কিংবা নিষিদ্ধ ঘোষণার দাবির বিষয়ে আওয়ামী লীগের কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। তবে অনেক রাজনৈতিক পর্যবেক্ষক মনে করেন, এই সুযোগ দেওয়া আওয়ামী লীগকে বিভক্ত করার একটি প্রয়াস হতে পারে। তাঁরা মনে করেন, শেখ হাসিনা এবং সরকার ও দলের মূল নেতৃত্বের কারও ক্ষমা চেয়ে পুনর্বাসনের সুযোগ নেই। অন্যদের অনেকে ক্ষমা চাওয়ার সুযোগ নিয়ে রাজনীতিতে আসতে পারেন। সেটা কখনোই প্রকৃত ও পূর্ণ ক্ষমতার আওয়ামী লীগ হবে না। কিন্তু তাঁদেরই রাজনীতি করতে দেওয়া হবে। এইভাবে আওয়ামী লীগ হবে বিভক্ত ও হীনবলসম্পন্ন একটি নামসর্বস্ব দল। এটা না করে আওয়ামী লীগকে নিষিদ্ধ করা রাখার ফল বিপরীত হতে পারে। যেমন হয়েছে জামায়াতে ইসলামীর ক্ষেত্রে। আওয়ামী লীগ রাজনৈতিক স্বার্থে জামায়াতকে কোণঠাসা করে টিকিয়ে রাখা এবং শেষে নিষিদ্ধ ঘোষণা করে যে ভুল করেছিল, তা থেকে শিক্ষা নিতে হবে, যাতে আওয়ামী লীগও সেই সুযোগ নিতে না পারে।

জাতিসংঘের তদন্ত প্রতিবেদনেও কোনো রাজনৈতিক দলকে নিষিদ্ধ না করার সুপারিশ করা হয়েছে। ওই প্রতিবেদন তৈরির সঙ্গে সম্পৃক্ত সংস্থাটির মানবাধিকার কমিশনের জ্যেষ্ঠ গবেষক জুলিয়া ব্লেকনার জাতীয় দৈনিক সমকালকে বলেছেন, 'আওয়ামী লীগকে নির্বাচন থেকে নিষিদ্ধের দাবি উদ্বেগের। এতে বাংলাদেশিরা হয়তো আরেকটি নির্বাচন পেতে যাচ্ছে, যেখানে তারা পছন্দের প্রার্থীকে ভোট দিতে পারবে না।' নিষিদ্ধের পরিবর্তে কী করা যেতে পারে?এমন প্রশ্নের জবাবে তিনি বলেছেন, 'সঠিক উপায়ে তদন্ত করে অভিযোগ গঠন করে বিচার করা।'

রাজনৈতিক অঙ্গনে নতুন মেরুকরণ যে উত্তাপ ছড়াচ্ছে, তাতে আরও একটি মাত্রা যুক্ত করেছে বিভিন্ন শিক্ষাঙ্গন এবং তার বাইরেও ছাত্ররাজনীতি ও নতুন ছাত্রসংগঠন গঠন নিয়ে বিভেদ, রক্তাক্ত, হানাহানি। জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানেরও আগে থেকে শিক্ষাঙ্গনে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করার দাবি এবং অনেক ক্ষেত্রে তার বাস্তবায়ন দেখা গেছে। অন্য অনেক সংগঠনের মতো বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনও ছাত্ররাজনীতি নিষিদ্ধ করার পক্ষেই কথা বলেছে। কিন্তু এখন দেখা যাচ্ছে একটি জটিল সমীকরণ। ছাত্ররাজনীতি করতে জাতীয়তাবাদী ছাত্রদলকে বাধা দেওয়া হচ্ছে সাধারণ ছাত্র ও বৈষম্যবিরোধীদের পক্ষ থেকেই। আবার বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের উদ্যোগেই গঠিত হচ্ছে নতুন ছাত্রসংগঠন।

এ কথা সবাই স্বীকার করবেন যে গণ-অভ্যুত্থানে নেতৃত্ব যাঁরা দিয়েছেন, তাঁরা তখন নিজেদের সাধারণ ছাত্র হিসেবে উপস্থাপন করেছেন। কিন্তু তাঁদের প্রায় সবাই কোনো না কোনো ছাত্রসংগঠন এবং রাজনৈতিক দলের সঙ্গে ওতপ্রোতভাবে যুক্ত ছিলেন। এখন নতুন রাজনৈতিক দলের এবং ছাত্রসংগঠনের নেতা হিসেবে তাঁদেরই দেখা যাচ্ছে। তাহলে ছাত্ররাজনীতি বন্ধ বা নিষিদ্ধ নিয়ে হানাহানি কেন? নতুন মেরুকরণ থেকে কোনো সুফল পেতে হলে এসব বিষয়ের বৈষম্যহীন ফয়সালা দরকার।

লেখক: জ্যেষ্ঠ সাংবাদিক



নিউইয়র্কসহ

(১ম পৃষ্ঠার পর)

হয়েছে। ব্যবস্থা নেয়া হচ্ছে। অপরাধীদের ধরতে অভিযান চালানো হচ্ছে। যারা এ অভিযানে বাধা প্রদান করবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়া হবে। সকল অপরাধী ও অবৈধ অভিবাসীদের বিতাড়ন না করা পর্যন্ত আমরা থামবোনা।

এটির্নী জেনারেল পম বন্ডিসহ একাধিক বিশ্বস্তকের বরাত দিয়ে রয়টার্স ও ফক্স নিউজ জানিয়েছে, "গ্রীন লাইট আইন আমেরিকানদের জন্য 'রেড ফ্লাগ', এটি জাতীয় নিরাপত্তার জন্য হুমকি। এ আইনের আওতায় অবৈধ অভিবাসীরা ডিমএমভির মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স পায়। আর এ আইন ডিমএমভির ড্রাইভারদের তথ্য ফেডারেলকে দিতে বাধা প্রদান করে। তাই এ আইনের বিরুদ্ধে মামলা সহ কঠোর আইনী ব্যবস্থা নেয়া ঘোষণা দিয়েছেন এটির্নী জেনারেল পম বন্ডি।

এদিকে ডোনাল্ড ট্রাম্প যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারী অবৈধ অভিবাসীদের সন্তানদের সুযোগ সুবিধা, চিকিৎসা সেবা, শিক্ষা প্রতিষ্ঠানের সহায়তা বন্ধসহ স্যাংকচুয়ারী সিটিগুলোর সকল অবৈধদের সকল সহায়তা বন্ধের ঘোষণাসহ ব্যাপক পদক্ষেপ নিয়েছেন।

ট্রাম্প প্রশাসনের পক্ষে অবৈধ অভিবাসী বিতাড়নে নিয়োজিত একাধিক কর্মকর্তা হুশিয়ারি দিয়ে বলেছেন, স্যাংকচুয়ারি সিটির আইনের সুযোগ নিয়ে ফেডারেলে কার্যক্রমে বাধা প্রদানকারী সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পিছপা হবেনা কর্তৃপক্ষ। এরই মধ্যে স্যাংকচুয়ারি সিটিগুলোর বিরুদ্ধে একাধিক মামলা দায়ের ও প্রস্তুতি নিয়েছেন ট্রাম্প প্রশাসন।

নিউইয়র্কে

(১ম পৃষ্ঠার পর)

গভর্ণরের কাছে চিঠি পাঠানো হয়েছে। বুধবার বিষয়টি শন ডিফ ঘোষণা করেন।

বিষয়টি নিয়ে বুধবার বিকেলে গভর্ণর ক্যাথি হোকুল এই কর্মসূচিকে অবরুদ্ধ করার ডিওটির প্রচেষ্টাকে ওয়াশিংটন থেকে রাজ্যের স্বাধীনতার উপর আক্রমণ বলে অভিহিত করেছেন।

সংবাদ সম্মেলনে তিনি বলেন, "মনে হচ্ছে আমাদের শহর নিউইয়র্কের বিরুদ্ধে ডোনাল্ড ট্রাম্পের প্রতিশোধমূলক আচরণ। এর আগে এমটিএর সিইও জ্যানো লিবার ক্ষোভ জানিয়ে গণমাধ্যমে বলেন, কনজেশন টোল প্রাইজ সিটির যানজট হ্রাস ও সিটিতে দ্রুত ভ্রমণে এবং গ্রহণযোগ্য সফলতা এসেছে। তখন এমন নির্দেশনা সত্যি দু:খজনক। এ জন্য আইনী প্রক্রিয়ায় যেতে পারি।

রাতভর ঢাকাজুড়ে

(১ম পৃষ্ঠার পর)

মহড়া দেওয়া সেখানে আতঙ্ক তৈরি হয়। পরে বনশ্রী এলাকায় ব্যবসায়ীকে গুলি করে স্বর্ণালংকার ও টাকা ছিনতাই করে অস্ত্রধারীরা।

গোড়ানে একজনকে কুপিয়ে সবকিছু ছিনিয়ে নিয়ে গেছে দুর্বৃত্তরা। রাত ১টার দিতে স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগ দাবিতে ঢাবিতে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। এসব ঘটনা নিয়ে রাত ৩টার দিকে জরুরি সংবাদ সম্মেলনে আসেন স্বরাষ্ট্র উপদেষ্টা।

রোববার রাত সাড়ে ৮টার দিকে ধানমন্ডির শংকর আলী হোসেন বালক উচ্চ বিদ্যালয়ের সামনে ১০ থেকে ১২ জনের একদল সন্ত্রাসী দেশীয় অস্ত্র নিয়ে মহড়া দেয়। এতে ওই এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। স্থানীয়রা মসজিদে মাইকে ঘোষণা দেন যে, মহল্লায় ডাকাতদল প্রবেশ করেছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দলটি আশপাশের দোকানগুলোতে ভয়ভীতি প্রদর্শন করছিল। আতঙ্কে ব্যবসায়ীরা দ্রুত দোকান বন্ধ করে দেন এবং সাধারণ মানুষ নিরাপদ স্থানে চলে যান। প্রায় পাঁচ-দশ মিনিট অবস্থান করার পর সশস্ত্র দলটি এলাকা ত্যাগ করে।

সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওতে দেখা যায়, এলাকাবাসী নিরাপত্তার জন্য পুলিশের সহযোগিতা চান। তবে এ ঘটনায় এখন পর্যন্ত কোন হতাহতের খবর পাওয়া যায়নি। ডিএমপি ধানমন্ডি জোনের সহকারী পুলিশ কমিশনার শাহ মোস্তফা তারিকুজ্জামান বলেন, ধানমন্ডি এলাকায় কয়েকটি মোটরসাইকেলে ১৫-২০ জন তরুণ আসে। তবে তাদের হাতে কোনো অস্ত্রশস্ত্র ছিল না। এছাড়া ধানমন্ডি এলাকায় কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

তিনি আরও বলেন, সন্ধ্যা ৭টার দিকে ১৫-২০ জন তরুণ ধানমন্ডির শংকর এলাকা দিয়ে যাওয়ার সময় হাজী ইউসুফ হাইস্কুলের পাশের গলির মুখে চা খাওয়ার জন্য দাঁড়ান। এ সময় নিজেদের মধ্যে কথা বলছিলেন। এটা দেখে পাশের কোন ব্যক্তি মসজিদের মুয়াজ্জিনকে বলেন এখানে ডাকাত এসেছে। তারপরে সে নিজের মতো করে মসজিদের মাইকে ঘোষণা দেয়। এরপরই ঘটনাস্থলে পুলিশ গিয়ে আশপাশের সিসি ক্যামেরার ফুটেজ যাচাই করে। সেখানে দেখতে পায় এসব তরুণদের হাতে কোন ধরনের অস্ত্র নেই। তারা নিজেদের মধ্যে কথা বলতে বলতে চলে যান।

বনশ্রীতে স্বর্ণ ব্যবসায়ীকে গুলি

রাত সাড়ে ১০টার দিকে রাজধানীর রামপুরার বনশ্রী ডি ব্লক ৭ নম্বর রোডের ২০ নম্বর বাড়ির সামনে আনোয়ার হোসেন (৪৩) নামের এক স্বর্ণ ব্যবসায়ীকে গুলি করেছে দুর্বৃত্তরা। এ সময় তার কাছে থাকা প্রায় ২০০ ভরি স্বর্ণ ও নগদ এক লাখ টাকা ছিনিয়ে নেয় অস্ত্রধারীরা।

পাশের ভবন থেকে ছিনতাই ও গুলির দৃশ্য মোবাইলে ভিডিও করেন বাসিন্দারা। রাতেই তা সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়।

ভিডিওতে দেখা গেছে, তিনজন মোটরসাইকেল থেকে নেমে ব্যবসায়ী আনোয়ারের কাছ থেকে ব্যাগ ছিনিয়ে নেওয়ার চেষ্টা করছে। তিনি ব্যাগ ছাড়ছেন না। ধস্তাধস্তির এক পর্যায়ে একজন তাকে গুলি করেন। পরে ব্যাগ ছিনিয়ে মোটরসাইকেলে করে পালিয়ে যায় তারা।

গুলিবিদ্ধ আনোয়ারের স্বজনরা জানান, আনোয়ারের ব্যাগে ২০০ ভরি স্বর্ণালঙ্কার ও নগদ এক লাখ টাকা ছিল। তাদের ধারণা দোকান থেকেই তাকে অনুসরণ করেছিল দুর্বৃত্তরা। এরপর বাসার সামনে পৌঁছামাত্র স্বর্ণ ও টাকা ছিনিয়ে নিয়ে যায়।

রামপুরা থানার পরিদর্শক (তদন্ত) মশিউল আলম বলেন, গুলিবিদ্ধ আনোয়ারকে প্রথমে বনশ্রীর ফরাজী হাসপাতালে এবং পরবর্তীতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়। ঘটনাস্থল থেকে গুলির খোসা উদ্ধার করা হয়েছে।

আনোয়ারের বন্ধু মজিবুর রহমান জানান, বনশ্রীর সি ব্লকের ৫ নম্বর সড়কে 'অলংকার জুয়েলার্স' নামে জুয়েলারির দোকান রয়েছে আনোয়ারের। প্রায় ১৫ বছর ধরে তিনি স্বর্ণের ব্যবসা করছেন। ডি ব্লকের ৭ নম্বর রোডে ২০ নম্বর বাড়িতে পরিবার নিয়ে বসবাস করেন। ব্যবসাপ্রতিষ্ঠান থেকে বাসায় হেঁটে যাতায়াত করেন। প্রতি রাতের মত রোববার রাতেও দোকানে থাকা ২০০ ভরি স্বর্ণের গহনা ব্যাগে নিয়ে হেঁটে বাসায় ফিরছিলেন। ভবনের গেটের কাছে যাওয়া মাত্র তিনটি মোটরসাইকেল তাকে ঘিরে ধরে। তাকে কুপিয়ে ও গুলি করে স্বর্ণের ব্যাগ ছিনিয়ে নিয়ে পালিয়ে যায় তারা। তাতে নগদ এক লাখ টাকাও ছিল।

মজিবুর রহমান আরও বলেন, আনোয়ারের শরীরে চারটি গুলিবিদ্ধ হয়েছে। এছাড়া অন্তত ৬ স্থানে ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা হয়েছে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে তাকে।

স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগের দাবিতে ঢাবিতে বিক্ষোভ

বনশ্রী ও মোহাম্মদপুরে দুর্ধর্ষ ছিনতাইয়ের ঘটনায় রাত ১টা ১০ মিনিটে তাৎক্ষণিক হল ছেড়ে রাস্তায় নেমে আসেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) সাধারণ শিক্ষার্থীরা। সারা দেশে ধর্ষণ, ছিনতাই ও ডাকাতির প্রতিবাদে রাজু ভাস্কর্যের সামনে বিক্ষোভ করেন শিক্ষার্থীরা। এসব অপরাধ নিয়ন্ত্রণে ব্যর্থ স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরীর পদত্যাগের দাবি করেন শিক্ষার্থীরা।

বিক্ষোভে তারা 'জুলাইয়ের রক্তের দাম চাই, নিরাপদ দেশ চাই', 'সারা দেশে অপরাধ কেন, প্রশাসন জবাব চাই', 'এক দুই তিন চার, জাহাঙ্গীর গদি ছাড়', 'দফা এক দাবি এক, জাহাঙ্গীরের পদত্যাগ', 'মা বোনদের নিরাপত্তা দে, নইলে গদি ছাইড়া দে'- ইত্যাদি স্লোগান দিতে থাকেন।

মধ্যরাতে স্বরাষ্ট্র উপদেষ্টার সংবাদ সম্মেলন

রাত ৩টার দিকে বারিধারার ডিওএইচএসে নিজ বাসায় সংবাদ সম্মেলন করেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম।

তিনি বলেন, আওয়ামী লীগের দোসররা দেশকে অস্থিতিশীল করার জন্য সব ধরনের চেষ্টা করেছে। তারা প্রচুর টাকা দেশ থেকে স্থানান্তর করেছে। এখন সেই টাকা ব্যবহার করে দেশকে অস্থিতিশীল করার চেষ্টা করছে। আমরা এটা কোনো অবস্থাতেই করতে দেব না। আমরা যেভাবেই হোক এটা প্রতিহত করব। দিনে-রাতে যেখানেই আইনশৃঙ্খলা বাহিনীর প্রয়োজন হবে, তারা সেখানে যাবে এবং প্রতিহত করবে।

জাহাঙ্গীর আলম বলেন, আওয়ামী লীগ দেশকে অস্থিতিশীল করার জন্য প্রচুর টাকা ব্যবহার করছে। তবে আমরা শক্ত হাতে তাদের প্রতিহত করব। আওয়ামী লীগের যারা এসব কাজ করছে, তাদের ঘুম হারাম করে দেব।

তিনি আরও বলেন, আওয়ামী লীগ দিনে-রাতে কোথাও জায়গা পাবে না। আমরা টহল টিমকে কঠোরভাবে নির্দেশ দিয়েছি। তারা যদি কাজ করতে না পারে, তাহলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেব। আমি দ্ব্যর্থহীনভাবে বলতে চাই, এই আওয়ামী দোসর যারা এই কাজগুলো করছে, তাদের ঘুম হারাম করে দেব।

সাংবাদিকের এক প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, আমি আইনশৃঙ্খলা বাহিনীর উর্ধ্বতন কর্মকর্তাদের ডেকেছি। এখন আমরা নির্ধারণ করব কীভাবে কী করা যায়। আগামীকাল থেকে আপনারা সুনির্দিষ্ট উন্নতি দেখবেন।

স্বরাষ্ট্র উপদেষ্টার পদত্যাগ দাবির বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেন, আমার পদত্যাগের দাবি আজকেই প্রথম না। যে কারণে পদত্যাগের কথা বলা হচ্ছে সেই কারণগুলোর যদি উন্নতি হয়, তাহলে তো পদত্যাগের প্রশ্ন থাকে না। তারা চাচ্ছে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি। আইনশৃঙ্খলা পরিস্থিতি যেন উন্নতি হয়, আমি সেটা করব।

স্বরাষ্ট্র উপদেষ্টার বাসার সামনে হাসনাত

স্বরাষ্ট্র উপদেষ্টার জরুরি সংবাদ সম্মেলনের পরপরই তার বারিধারা ডিওএইচএসের বাসায় সামনে আসেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আব্দুল্লাহ।

এ সময় বেশ কয়েকজন সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি। তবে এ সময় ক্যামেরার সামনে কিছু বলতে রাজি হননি।

একপর্যায়ে কয়েকজন সাংবাদিক লাইভে আছেন বুঝতে পেরে ঘটনাস্থল থেকে সরে যান হাসনাত। তাকে উপদেষ্টার বাসভবনের ফটকের সামনে দেখা গেলেও তিনি বাসার ভেতরে প্রবেশ করতে দেখা যায়নি।

যুক্তরাষ্ট্রে প্রবেশের

(১ম পৃষ্ঠার পর)

বাহামাসের বিমিনিতে পাচারচক্রের সংগঠকেরা তাঁকে একটি ফোন সরবরাহ করেছিল। সেই ফোনে আগে থেকেই কি বিসকেইনের স্থানাঙ্ক (কোঅর্ডিনেট) ইনপুট করা একটি অ্যাপ ইনস্টল করা ছিল।

গত ১১ ফেব্রুয়ারি স্থানীয় সময় রাত সাড়ে ৮টার দিকে কাস্টমস এয়ার অ্যান্ড মেরিন অপারেশনস এজেন্টরা পাম বিচ শেরিফের অফিসের একটি রাডার স্টেশন পর্যবেক্ষণ করার সময় দেখতে পান, বাহামাস থেকে একটি নৌকা কি বিসকেইনের বিয়ার কাটের দিকে আসছে।

পরে কাস্টমস টহলের একটি নৌকা কি বিসকেইনের পূর্ব দিকে প্রায় চার নটিক্যাল মাইল দূরে ওই নৌকাটির নাগাল পায়। অভিযোগে উল্লেখ করা হয়েছে, নৌকাটি হাতে তৈরি বলে মনে হচ্ছে; এর গায়ের রং নীল, এতে একটি মাত্র ইঞ্জিন আছে এবং কোনো নিবন্ধন নম্বর ছিল না। এজেন্টরা আরও লক্ষ্য করেন, এটি গভীর রাতে কোনো নেভিগেশনাল বাতি না জ্বালিয়েই নৌযানটি চলছিল।

টহল নৌকার নীল আলো জ্বেলে ও সাইরেন চালু করে কারগিলকে থামতে সংকেত দেওয়া হয়। কিন্তু তিনি থামেননি। তখন এজেন্টরা নৌকার সামনের দিকে একটি সতর্কতামূলক গুলি ছোড়েন। পরে কারগিল নৌকা থামাতে বাধ্য হন।

অভিযোগ অনুযায়ী, বাহামাসের নাগরিক কারগিলের সঙ্গে নৌকায় ১২ জন যাত্রী ছিলেন। অতিরিক্ত ওজনের কারণে নৌকাটি পানিতে অনেকটাই ডুবে গিয়েছিল। অভিযোগে নির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি, কতজন যাত্রী কোন দেশের নাগরিক ছিলেন।

মিয়ামি-ডেড ফায়ার রেসকিউর একটি নৌকা দল এক নারীকে চিকিৎসার জন্য কোকোনাট গ্রোভের মার্সি হাসপাতালে নিয়ে যায়। যদিও অভিযোগে তাঁর চিকিৎসাজনিত সমস্যার বিস্তারিত উল্লেখ করা হয়নি। বাকি যাত্রীদের, কারগিলসহ, কোস্ট গার্ডের জাহাজ 'ভিগোরাসে' স্থানান্তর করা হয়।

কাস্টমসের দল নৌকাটি টেনে উপকূলে আনার চেষ্টা করেছিল, কিন্তু ঢেউ ক্রমাগত পেছনের অংশে আছড়ে পড়তে থাকলে এটি ডুবে যায়।

অভিযোগ অনুসারে, হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশনে দুই দিন পর কারগিলকে জিজ্ঞাসাবাদের জন্য তীরে নিয়ে আসে।

কারগিল এজেন্টদের জানান, বাহামাসে পাচার চক্রের সংগঠক তাঁকে কি বিসকেইনে লোক পৌঁছে দিতে অনুরোধ করেছিল। এ কাজের জন্য তাকে ৭০০ ডলার দেওয়া হয়েছিল।

কারগিল আরও বলেন, বিমিনির ডকে তিনি পৌঁছানোর আগেই লোকজন নৌকায় ছিল। পাচারকারীরা তাকে পরিধানের জন্য কাপড় দেয় এবং একটি মোবাইল ফোন দেয়, যাতে একটি জিপিএস অ্যাপ ইনস্টল করা ছিল, যেখানে গন্তব্য হিসেবে কি বিসকেইনের স্থানাঙ্ক আগেই সেট করা ছিল।

ফেডারেল ব্যুরো অব প্রিজনসের রেকর্ড অনুযায়ী, কারগিল বর্তমানে মিয়ামির ফেডারেল ডিটেনশন সেন্টারে বন্দী। তাঁর আইনজীবীর বিষয়ে কোনো তথ্য তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

২৯ মিলিয়ন

(১ম পৃষ্ঠার পর)

তাদের প্রতিবেদন অনুসারে এনজিও সংশ্লিষ্টরা বলছেন, ডোনাল্ড ট্রাম্পের দাবিকে অস্বাভাবিক মনে করেন তারা। সে কারণে তারা মনে করেন এমন বক্তব্যের পর যুক্তরাষ্ট্র কিংবা ইউএসএআইডির উচিত কারা ওই অর্থ পেয়েছে সেটি প্রকাশ করা।

"বিষয়টি আমরা এর মধ্যেই চেক করেছি। এই পরিমাণ অর্থ বাংলাদেশে সক্রিয় কোন এনজিওর মাধ্যমে এসেছে- এমন কোন প্রমাণ আমরা পাইনি । যুক্তরাষ্ট্র সরকার কিছু টাকা আরও কিছু প্রক্রিয়ায় পাঠায়। সেভাবে কোন অর্থ এসেছে কি না তা আমাদের জানা নেই" বিবিসি বাংলাকে বলেছেন এনজিও ব্যুরোর ভারপ্রাপ্ত মহাপরিচালক মোঃ আনোয়ার হোসেন।

এর আগে চলতি মাসের মাঝামাঝি যুক্তরাষ্ট্রের সরকারি দক্ষতাবিষয়ক বিভাগ (ডিওজিই) বাংলাদেশ ও ভারতসহ বিভিন্ন দেশের অনেক প্রকল্পের অর্থায়ন বাতিলের ঘোষণা দিয়েছিলো। সংস্থাটি তখন জানিয়েছিলো যে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি শক্তিশালী করার লক্ষ্যে নেয়া একটি প্রকল্পে ২৯ মিলিয়ন ডলারের অর্থায়ন বাতিল করা হয়েছে।

কিন্তু শুক্রবার ডোনাল্ড ট্রাম্প হোয়াইট হাউজে এক অনুষ্ঠানে বলেছেন, বাংলাদেশের রাজনীতি শক্তিশালী করতে ২৯ মিলিয়ন ডলার এমন এক সংস্থার কাছে গেছে, যার নাম আগে কেউ শোনেনি।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের দিক থেকে এমন অভিযোগ আসার পর বাংলাদেশের এনজিও খাতের জন্য এটি নেতিবাচক হবে কি-না বা এনজিওদের কর্মকাণ্ড নিয়ে কোন প্রশ্ন উঠার আশঙ্কাও তৈরি হয়েছে।

ডোনাল্ড ট্রাম্প কী বলেছেন

চলতি বছরের জানুয়ারিতে দায়িত্ব নেয়ার পরপরই বিদেশে মার্কিন সহায়তা স্থগিত করতে নির্বাহী আদেশে স্বাক্ষর করেছিলেন ডোনাল্ড ট্রাম্প।

বিশ্বজুড়ে বৈদেশিক সহায়তায় পরিমাণের দিক থেকে যুক্তরাষ্ট্রের অবদান সর্বোচ্চ। যুক্তরাষ্ট্র সরকারের বৈদেশিক সহায়তা সংক্রান্ত ওয়েবসাইটের তথ্য বলছে, ২০১৮ সাল থেকে বাংলাদেশকে প্রতিবছর দেয়া সহায়তার পরিমাণ ৫০০ মিলিয়ন বা ৫০ কোটি ডলারের কাছাকাছি। সর্বশেষ ২০২৪ সালে এই সংখ্যাটা প্রায় ৪৯০ মিলিয়ন ডলার ছিল।

যুক্তরাষ্ট্রের সহায়তার বড় অংশই আসে ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট বা ইউএসএআইডি এর মাধ্যমে। এই সংস্থার তথ্য বলছে, এই অর্থ যেসব খাতে ব্যবহৃত হয়েছে তার মধ্যে রয়েছে খাদ্য নিরাপত্তা ও কৃষি, শিক্ষা, স্বাস্থ্যসেবা, গণতন্ত্র ও শাসনব্যবস্থা, পরিবেশ ও জ্বালানি এবং মানবিক সহায়তা।

কিন্তু ট্রাম্পের নির্বাহী আদেশের কারণে তিন মাসের জন্য এই ইইউএসএআইডির সব কাজ বন্ধ হয়ে গেছে।

এসব নিয়ে নানা আলোচনা সমালোচনার মধ্যেই শুক্রবার হোয়াইট হাউজে গভর্নরদের সাথে এক অনুষ্ঠানে বাংলাদেশের প্রসঙ্গ টেনে আনলেন ডোনাল্ড ট্রাম্প।

তিনি বলেন বাংলাদেশের রাজনীতি শক্তিশালী করতে ২৯ মিলিয়ন ডলার এমন এক সংস্থা যুক্তরাষ্ট্রের কাছ থেকে পেয়েছে, যার নাম এর আগে কেউ শোনেনি।

"ছোট একটি সংস্থা। এখান থেকে দশ হাজার, সেখান থেকে দশ হাজার পায়। তারা যুক্তরাষ্ট্র সরকারের কাছ থেকে পেয়েছে ২৯ মিলিয়ন ডলার। দু'জন কাজ করে। আমি মনে করি তারা খুবই খুশী। শিগগিরই এই প্রতারণার জন্য বিজনেস সাময়িকীর প্রচ্ছদে জায়গা পাবে" বলেছেন তিনি। তবে ওই দুজন কিংবা তাদের সংস্থাটির নাম প্রকাশ করেননি তিনি।

একটি এনজিও ২৯ মিলিয়ন ডলার পেয়েছে?

ডোনাল্ড ট্রাম্পের মন্তব্য সামাজিক ও গণমাধ্যমে ছড়িয়ে পড়ার পর যে প্রশ্নটি সামনে এসেছে তাহলো বাংলাদেশে এনজিও সেক্টর, বিশেষ করে বৈদেশিক অর্থায়নে পরিচালিত এনজিওগুলোর বিরুদ্ধে রাজনৈতিক কর্মসূচির নামে অর্থনৈতিক অনিয়মের অভিযোগ উঠতে পারে কি-না।

ইউএসএআইডির অর্থ নিয়ে কাজ করতো এমন সংস্থাগুলোর কোন কোনটি বিবিসি বাংলাকে জানিয়েছে ডোনাল্ড ট্রাম্পের মন্তব্যের পর যেসব প্রশ্ন উঠছে সেগুলোর জবাব তৈরিতে তারা এখন কাজ করছে।

বৈদেশিক অর্থায়নে পরিচালিত এনজিও খাত নিয়ে গবেষণার অভিজ্ঞতা রয়েছে দুর্নীতিবিরোধী আন্তর্জাতিক সংস্থা টিআইবির।

এর নির্বাহী পরিচালক ডঃ ইফতেখারুজ্জামান বিবিসি বাংলাকে বলছেন, "এটি (ট্রাম্পের দাবি) একটি অস্বাভাবিক দাবি। আমার মনে হয় ইউএসএআইডির অর্থায়ন বাতিলকে বৈধতা দিতে এখানে বাংলাদেশের নাম ব্যবহার করা হয়েছে। কারণ এভাবে কোন সংস্থার অর্থ নেয়ারই সুযোগ নেই"।

ডঃ ইফতেখারুজ্জামান বলছেন ২৯ মিলিয়ন ডলার যদি এমন কোন সংস্থাকে যুক্তরাষ্ট্র দিয়ে থাকে তাহলে সেটি যুক্তরাষ্ট্র কর্তৃপক্ষের দুর্বলতা।

"কারণ ১ ডলারই হোক আর ২৯ মিলিয়ন ডলারই হোক- সরকারের অনুমোদন ছাড়া কোন অর্থ ছাড় হওয়া অসম্ভব। আর এককভাবে কোন সংস্থার ২৯ মিলিয়ন ডলার পাওয়ার খবরটিই অস্বাভাবিক," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

তবে ইউএসএআইডির অর্থায়ন বন্ধ হওয়ায় বাংলাদেশের সামাজিক ও সেবাসহ বিভিন্ন খাতে প্রভাব পড়বে বলে মনে করেন তিনি।

কিন্তু যেসব প্রতিষ্ঠান রাজনীতি, গণতন্ত্র কিংবা মানবাধিকারের মতো বিষয়গুলো নিয়ে গত কয়েক বছর কাজ করছে এখন তাদের অনেকের দিকেই আঙ্গুল তুলতে শুরু করেছেন অনেকে।

বিশেষ করে সামাজিক মাধ্যমে অনেকে যুক্তরাষ্ট্রের এই অর্থ 'বাংলাদেশের রেজিম চেঞ্জ বা সরকার পরিবর্তনে ব্যবহার হয়েছে কি-না' এমন প্রচারও চলছে।

বাংলাদেশে ২০২৪ সালের নির্বাচনের আগে কাজ করেছে যুক্তরাষ্ট্রের প্রতিষ্ঠান এনডিআই ও আইআরআই- এর টেকনিক্যাল এসেসমেন্ট মিশন । তখন তারা বাংলাদেশে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে বৈঠক ছাড়াও নির্বাচন সংশ্লিষ্ট বিভিন্ন ইস্যু নিয়ে কাজ করেছে।

এর আগে ২০২৩ সালের সেপ্টেম্বরে তখনকার মার্কিন প্রশাসন বাংলাদেশের অবাধ ও নিরপেক্ষ নির্বাচনে কেউ বাধা সৃষ্টি করলে তার জন্য ভিসা নিষেধাজ্ঞা প্রয়োগের ঘোষণা দিয়েছিলো।

আবার ইউএসএআইডির অর্থ নিয়ে যারা বাংলাদেশের রাজনীতি শক্তিশালীকরণ প্রকল্পে কাজ করছিলো তাদের অন্যতম ছিলো ডেমোক্রেসি ইন্টারন্যাশনাল এবং কনসোর্টিয়াম ফর ইলেকশনস অ্যান্ড পলিটিক্যাল প্রসেস স্ট্রেন্দেনিং। তাদের অর্থায়ন বাতিল করেছে ট্রাম্প প্রশাসন। এছাড়া এগ্রিবিজনেস ও উদ্যোক্তাদের নিয়ে কাজ করা প্যালাডিয়াম ইন্টারন্যাশনালেরও অর্থায়ন বাতিল হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞানের সহযোগী অধ্যাপক মোহাম্মদ আইনুল ইসলাম বিভিন্ন সংস্থার সহযোগিতা নিয়ে গবেষণা, প্রশিক্ষণ এবং শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধির কাজ করে আসছিলেন তার এমজিআর কর্মসূচির মাধ্যমে। গত কয়েক বছরে বিপুল সংখ্যক শিক্ষার্থী এ কর্মসূচির আওতায় এসেছেন।

"স্ট্রেংদেনিং পলিটিক্যাল ল্যান্ডস্কেপ ইন বাংলাদেশ (এসপিএল) কর্মসূচির সাথে আমরা কখনো কাজ করিনি। কিন্তু ট্রাম্প যা বলেছেন তা আমাদের সবার জন্যই বিব্রতকর। এখন একাডেমিক, শিক্ষামূলক, এবং তরুণ শিক্ষক-শিক্ষার্থীদের সক্ষমতাবৃদ্ধি, গণতন্ত্র কিংবা মানবাধিকারের প্রতি শ্রদ্ধাশীল হওয়া ইত্যাদি নিয়ে আমরা যে কাজ করি তা নিয়ে প্রশ্ন ওঠা হবে দুঃখজনক," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। ।

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইউএসএইড ও ইন্টারন্যাশনাল ফাউন্ডেশন ফর ইলেকটোরাল সিস্টেমস (আইএফইএস)-এর সহযোগিতায় গণতন্ত্র চর্চা, গণতান্ত্রিক মূল্যবোধ ও মানবাধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি ও মৌলিক গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য 'অ্যাপ্লায়েড ডেমোক্রেসি ল্যাব' প্রতিষ্ঠা করা হয়েছে।

এই ল্যাবের পরিচালক মি. ইসলাম বলছেন ট্রাম্পের বক্তব্য এসব খাতে সহযোগিতা পাওয়ার ক্ষেত্রে সংকট তৈরি করবে এবং এসব কর্মসূচি নিয়ে আস্থা হারানোর জায়গা তৈরি হবে।

"যুক্তরাষ্ট্র বা ইউএসএআইডির উচিত পরিষ্কার করে বলা যে কারা তাদের ফান্ড নিয়েছে। ফান্ড তো কেউ জোর করে আনেনি। যে পেয়েছে নিয়ম মেনেছে বলেই পেয়েছে। সেখান কোন ত্রুটি থাকলে সেই দায় তো যুক্তরাষ্ট্রের। সবাইকে বিব্রত না করে এটি তাদেরই পরিষ্কার করা উচিত" বিবিসি বাংলাকে বলেছেন তিনি।

এনজিও সংশ্লিষ্টরা বলছেন যুক্তরাষ্ট্রে কোন নিবন্ধন না থাকলে ইউএসএআইডি বা যুক্তরাষ্ট্রের ফেডারেল সরকারের সরাসরি অর্থায়ন পাওয়া যায় না। আবার বাংলাদেশে কোন এনজিও বিদেশি অর্থায়ন পেলে সেটি ছাড় করাতে এনজিওব্যুরোতে এ সম্পর্কে বিস্তারিত সব তথ্য জানানোর নিয়ম আছে।

বেসরকারি সংস্থা মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম বলছেন সাধারণত যুক্তরাষ্ট্রের টাকা বাংলাদেশে সরাসরি কেউ পায় না, বরং তাদের অর্থ আসে সেখানকারই কোন ম্যানেজমেন্ট কোম্পানির মাধ্যমে।

"তারা ঢাকায় অফিস নেয়। লোকাল পার্টনার ঠিক করে কর্মসূচি বাস্তবায়নের জন্য। সে কারণে এখানকার কোন সংস্থার ২৯ মিলিয়ন ডলার পাওয়ার দাবিটাই হাস্যকর। আবার বিভিন্ন কর্মসূচিতে যে টাকা তারা দেয় তার ৫০ শতাংশই আবার আমেরিকাতেই চলে যায়," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

স্বাধীনতার সুরক্ষার ভাবনা

ফিরোজ মাহবুব কামাল

শত্রুরা ওষুধের নামে বিষ সেবন করায়। তাতে হত্যার কাজটি সহজ হয়ে যায়। তেমনি তারা স্বাধীনতার নামে পরাধীনতার শিকলও পড়ায়। তাতে দাস বানানোর কাজটিও সহজ হয়ে যায়। হিন্দুত্ববাদী অগ্রাসী ভারত একাত্তরে বাঙালি মুসলিমদের গলায় স্বাধীনতার নামে তেমনি পরাধীনতার শিকল পড়িয়েছিল। সমগ্র মানব ইতিহাসে এমনটি কখনোই ঘটেনি যে মুসলিমদের স্বাধীনতা দিতে পৌত্তলিকগণ যুদ্ধ করেছে এবং নিজেদের অর্থ ও রক্ত দিয়েছে। তারা যুদ্ধ করে শুধু মুসলিম ভূমিকে পরাধীন করতে ও মুসলিমদের সম্পদ লুণ্ঠন করতে। এটিই ঐতিহাসিক সত্য। ১৯৭১'য়ে হিন্দুত্ববাদী ভারত তৎকালীন পূর্ব পাকিস্তানে সেটিই করেছিল। অথচ সেকুলারিস্ট বাঙালি ফ্যাসিস্ট ও বামধরার বাঙালি কাপালিকগণ সে অধীনতাকে বাঙালির স্বাধীনতা বলে করে ঢাক-ঢোল পিটিয়ে আজও উৎসব করে। ভারতের প্রতি চিরকাল কৃতজ্ঞ থাকার নসিহত শোনায়। এমন ভ্রান্ত ও কপট ধারণা নিয়ে কোন জনগোষ্ঠি কি স্বাধীন থাকতে পারে?

ভারতীয় অধিকৃতির সে শিকল ভেঙেছে ২০২৪ সালের জুলাই-আগস্ট বিপ্লবের বিপ্লবী ছাত্র-জনতা। বিজয় মহান আল্লাহতায়ালার বিশাল রহমত -তিনি লাখ লাখ মজলুলের দোয়া শুনেছেন। বাঙালি মুসলিমের ইতিহাসে এটি এক বিশাল বিজয়। এ বিজয় ধরে রাখতে হবে, নইলে আবার স্বাধীনতা হারাতে হবে। কারণ, শত্রুগণ ১৮ কোটি মানুষের এ ভূমিকে আবার দখলে নিতে সদা উদগ্রিব। বুঝতে হবে, বৃহৎ শত্রু পরিবেষ্ঠিত অবস্থায় বাংলাদেশের স্বাধীনতা সংকটটি প্রতি মুহূর্তের। এ অবস্থায় স্বাধীনতা বাঁচাতে হলে অবশ্যই শক্তিশালী বন্ধু খুঁজতে হবে। নইলে স্বাধীনতা বাঁচানো যাবে না। নেকড়ের সামনে নিরস্ত্র মানুষ বাঁচে না। তেমনি আগ্রাসী বৃহৎ শক্তি হামলা থেকে দুর্বলে স্বাধীনতা বাঁচে না। বন্ধু খোঁজা নবীজীর সুন্নত। মক্কার কাফিরদের হামলা থেকে বাঁচতে তিনি এমন কি ইহুদীদের সাথেও সন্ধি করেছিলেন। স্বাধীনতার এ সংকটের মুখে বাংলাদেশকে যারা বন্ধুহীন রাখতে চায় তারা স্বাধীনতার মূল শত্রু; তারাই শত্রুর সেবাদাস। তারা চায়, বাংলাদেশ বন্ধুহীন ও দুর্বল থাকুক এবং ভারতের গোলামে পরিণত হোক।

বাঙালি মুসলিমের স্বাধীনতার মূল শত্রু ভারত। ভারতের এই শত্রুতা চিরকালের। এ সত্য টুকু যারা বুঝে না, তারাই বাংলাদেশের জন্য আগামীতে স্বাধীনতার মহা সংকট সৃষ্টি করবে -যেমনটি করেছিল ১৯৭১ সালে। বৃহৎ ও সামরিক দিক দিয়ে শক্তিশালী ভারতের মোকাবেলার সামর্থ্য ক্ষুদ্র ও দুর্বল বাংলাদেশের নাই। এটিই বাংলাদেশের জন্য নিরেট বাস্তবতা। ইউক্রেন সেরূপ বন্ধু খুঁজে ব্যর্থ হয়েছে বলেই দেশটির বিশাল ভূ-ভাগ আজ রাশিয়ার দখলে। তাই বাংলাদেশকে অবশ্যই বন্ধু খুঁজতে হবে। ভারতের শত্রু পাকিস্তান ও চীন। শত্রুর শত্রু হওয়ার কারণে পাকিস্তান ও চীন -এ দুটি দেশই বাংলাদেশের ঘনিষ্ঠ বন্ধু হতে পারে। এ দুটি দেশ বন্ধু হতে রাজীও। যারা পাকিস্তান ও চীনের সাথে বন্ধুত্বের বিরোধী তারাই ভারতের এজেন্ট এবং বাংলাদেশের স্বাধীনতার আসল শত্রু। এরাই বাংলাদেশের ঘরের শত্রু।

শুধু বাঙালি মুসলিমের নয়, ইসলামের সবচেয়ে বড় শত্রু হলো মূর্তিপূজারী মুশরিকরা। নেকড়েকে যেমন পোষ মানানো যায় না, তেমনি মূর্তিপূজারী মুশরিকদেরও বন্ধু বানানো যায়না। সে সত্যটি সর্বজ্ঞানী মহান আল্লাহ তায়ালার চেয়ে আর কে জানেন? তাই তিনি তাদের সাথে বন্ধুত্ব করাকে চির কালের জন্য হারাম করেছেন। মহান আল্লাহ তায়ালার পক্ষ থেকে সে কুরআনী নির্দেশ এসেছে সূরা আল ইমরানের ২৮ নম্বর আয়াতে এবং সূরা মুমতাহানার এক নম্বর আয়াতে। তাই যারা মূর্তিপূজারী মুশরিকদের বন্ধু রূপে গ্রহণ করে, তারা কখনোই মহান আল্লাহ তায়ালার বন্ধু হতে পারে না। তারা বন্ধু হতে পারে না মুসলিমদেরও।

বাঙালি মুসলিমের স্বাধীনতার মূল শত্রু ভারত। ভারতের এই শত্রুতা চিরকালের। এ সত্য টুকু যারা বুঝে না, তারাই বাংলাদেশের জন্য আগামীতে স্বাধীনতার মহা সংকট সৃষ্টি করবে -যেমনটি করেছিল ১৯৭১ সালে। বৃহৎ ও সামরিক দিক দিয়ে শক্তিশালী ভারতের মোকাবেলার সামর্থ্য ক্ষুদ্র ও দুর্বল বাংলাদেশের নাই। এটিই বাংলাদেশের জন্য নিরেট বাস্তবতা। ইউক্রেন সেরূপ বন্ধু খুঁজে ব্যর্থ হয়েছে বলেই দেশটির বিশাল ভূ-ভাগ আজ রাশিয়ার দখলে। তাই বাংলাদেশকে অবশ্যই বন্ধু খুঁজতে হবে। ভারতের শত্রু পাকিস্তান ও চীন।

তাই যারা একাত্তরে ভারতকে বন্ধু রূপে গ্রহণ করেছে এবং ভারতের অর্থ, অস্ত্র ও প্রশিক্ষণ নিয়ে ভারতীয় সেনা বাহিনীর সাথে কাঁধে কাঁধ মিলিয়ে যুদ্ধ করেছে -তারা মূলত বিদ্রোহ করেছে মহান আল্লাহ তায়ালার হুকুমের বিরুদ্ধে। এরূপ বিদ্রোহ করা তো ইবলিসের সুন্নত -যা ইবলিসকে অভিশপ্ত শয়তান বানিয়েছিল। বাঙালি মুসলিমদের মাঝে সে বিদ্রোহের ডাক দিয়েছিল শেখ মুজিব ও মেজর জিয়া। এবং মুজিব ও জিয়ার সে বিদ্রোহের অনুসরণ করেছিল মুক্তিবাহিনী ও মুজিব বাহিনীর লোকেরা। এবং এরাই একাত্তরে ভারতের ঘরে বিজয় তুলে দিয়েছে এবং সে বিজয় নিয়ে উৎসব করে। অথচ একাত্তরে ভারতে বিজয়ের ফলে বাংলাদেশের শাসন ক্ষমতা এই বিদ্রোহী হাতেই গিয়েছিল। এবং



কবরে গিয়েছিল বাঙালি মুসলিমদের স্বাধীনতা ও গণতন্ত্র।

অতি পরিতাপের বিষয় হলো, ১৬ ডিসেম্বর এলে বিপুল সংখ্যক বাঙালি মুসলিম আজও ইবলিসের সুন্নত পালনকারী সে বাঙালি বিদ্রোহীদের বিজয় নিয়ে ভারতীয় পৌত্তলিকদের সাথে মিলে উৎসব করে। বাঙালি মুসলিমদের ইতিহাসে এতো বড় ভ্রষ্টতা কি কোন কালে ঘটেছে? অথচ সে ভ্রষ্টতা নিয়ে বিপুল সংখ্যক সেক্যুলার বাঙালির গর্বের নানা উপখ্যান। তাই একাত্তর নিয়ে ভারতীয় হিন্দুত্ববাদীর আদলে বাঙালি ফ্যাসিস্ট ও বামধারার বাঙালি কাপালিকগণ গর্বের যে বয়ান খাড়া করেছে সেটি নস্যাৎ না করা অবধি বাংলাদেশের স্বাধীনতার সুরক্ষা দেয়া যাবে না। কারণ স্বাধীন ভাবে বাঁচতে হলে প্রথমে ভ্রষ্ট দর্শন পাল্টাতে হয়, বিশেষ করে সে দর্শনকে যা শত্রু-মিত্র চেনার সামর্থ্যকে কেড়ে নেয়, চরম স্বার্থান্বেষী করে এবং আগ্রাসী হিন্দুত্ববাদীদের কোলে তাদের দাস সৈনিক রূপে হাজির করে -যেমনটি একাত্তরে মুক্তিবাহিনী ও মুজিব বাহিনী সদস্যদের ক্ষেত্রে ঘটেছিল।

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.
COMPLETE BODY REPAIR
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
Nur Bhai
President
718-551-1405
35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052
OPEN 24 HOURS

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic
একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।
ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com
JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com
LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com
OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

বগুড়া সমিতি অফ নর্থ আমেরিকার কার্যকরী কমিটি গঠিত





(শেষ পৃষ্ঠার পর)

সমিতির পূর্নাঙ্গ কমিটিতে যারা রয়েছেন সভাপতি: মাসুদুল হক রুবেল, সিনিয়র সহ-সভাপতি: এ্যাডভোকেট সুরাইয়া মনিরা, সহ-সভাপতি (৫জন): মো: আব্দুল বাকী, রোকেয়া বেগম, শারমিন আখতার মুন, রবিউল ইসলাম, এম. এইচ মোস্তফা(বিপ্লব), সাধারন সম্পাদক: মো: ইউসুফ আলী, সহ-সাধারন সম্পাদক: রানা আহমেদ, কোষাধ্যক্ষ: মো: ওয়ালিউল্লাহ, দপ্তর সম্পাদক: মো: মাহবুবুর রহমান, সাংগঠনিক সম্পাদক: মমিনুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক: রানা কবির, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক: হুমায়ুন কবির, সহ- ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক: সোবহান আলী, আপ্যায়ন সম্পাদক: আফরোজা বেগম শেলী, সহ-আপ্যায়ন সম্পাদক: নুর-ই-জান্নত মুন্নী, প্রচার সম্পাদক: হুমায়ুন সরকার, মহিলা বিষয়ক সম্পাদক: সুফিনাজ স্বপ্না, সহ- মহিলা বিষয়ক সম্পাদক: সানজিদা আখতার লোপা, কার্য্যকরী সদস্য(৫জন): মোহাম্মদ এন মন্ডল ফানসু, আগা ই জলিল তুহিন, রেজাউদ্দৌলা এ্যাপোলো, আলতাব হোসেন সবুজ, আতাউর রহমান লিটন।

নির্বাচিত বগুড়া সমিতির উপদেষ্টাদের তালিকা নিম্নে বর্নিত হলো: প্রকৌশলী মার্ক ফারুকী, এ্যাড: মাহবুবুর রহমান বকুল, মোস্তফা আলমগীর, নুরুন চন্দনা, আব্দুল কাদির, বিধান চন্দ্র পাল, জাহাংগীর আলম, মো: রুহুল আমিন, নাজনীরা খাতুন, এ্যাড: এম. জুয়েল ।

নির্বাচনী সভার সভাপতিত্ব করেন পূর্ববতী কমিটির সভাপতি মোহাম্মদ এন মন্ডল ফানসু এবং সভা পরিচালনা করেন এ্যাড: মাহবুবুর রহমান বকুল। সভায় সমিতির সাবেক সহ-সভাপতি এবং সাধারন সম্পাদক আশরাফ হোসেন রতন এবং নির্বাচিত সভাপতির পিতার মৃত্যুতে শোক প্রকাশ এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

উক্ত নির্বাচন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন নবনির্বাচিত সভাপতি মাসুদুল হক রুবেল। নির্বাচিত সভাপতি প্রথমেই তাঁর বক্তব্যে তাকে নির্বাচিত করার জন্য সকলকে ধন্যবাদ জানান। তিনি তার বক্তব্যে প্রবাসের অন্যতম এই সংগঠনকে এগিয়ে নিতে, কার্য্যক্রমকে গতিশীল করতে সকলের সহযোগীতা কামনা করেন। বগুড়া সমিতি অফ নর্থ আমেরিকা যেনো আমেরিকায় বসবাসরত বগুড়াবাসী তথা সকল প্রবাসী বাংলাদেশীদের কল্যানে কাজ করতে পারে এজন্য সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করার আহ্বান জানান।

সমিতির নব-নির্বাচিত সাধারণ সম্পাদক তাঁর স্বাগতিক বক্তব্যে তাকে সাধারন সম্পাদক হিসেবে নির্বাচিত করায় সকলকে ধন্যবাদ জানান। সংগঠনের সকল কার্যক্রমকে জোরদার করতে সকলের অংশগ্রহনকে জোরদার করার আহ্বান জানান।

সভাশেষে নৈশভোজের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
Bangladesh Society, Inc.
86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547 • email: info@bangladeshsocietyinc.com • www.bangladeshsocietyinc.com

বর্তমান ইমিগ্রেশন পরিস্থিতি নিয়ে
বাংলাদেশ সোসাইটির

পরামর্শ সভা

তারিখ : ১০ ফেব্রুয়ারি, ২০২৫, সোমবার ◆ সময় : সন্ধ্যা ৬টা
স্থান : নবান্ন পার্টি সেন্টার, 37-22 73rd St, Jackson Heights, NY 11372

পরামর্শ দেবেন
Stanley M Wayne, Esq.
Suzanne Squiers, Esq.
এছাড়াও থাকবেন দেশী-বিদেশী অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নি

সুধী,
যুক্তরাষ্ট্রের নতুন প্রশাসন দায়িত্ব নেয়ার পর থেকে ইমিগ্রেশন সংক্রান্ত নানা পরিবর্তন এসেছে। বর্তমান ইমিগ্রেশন পরিস্থিতি নিয়ে প্রবাসীদের করনীয় এবং কিভাবে সুরক্ষিত থাকা যাবে তা নিয়ে বাংলাদেশ সোসাইটির আয়োজনে দেশী-বিদেশী অভিজ্ঞ অ্যাটর্নিদের নিয়ে এক পরামর্শ সভার আয়োজন করা হয়েছে।

পরামর্শ সভায় আপনারা সবাই আমন্ত্রিত।

অনুরোধক্রমে

আতাউর রহমান সেলিম
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

আবুল কালাম ভূঁইয়া
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, ৯১৭-৮৯২-৭১৯৯

মো: মহিউদ্দীন দেওয়ান (সিনিয়র সহ-সভাপতি) ৯১৭-৫২৩-১৩৪৪, কামরুজ্জামান কামরুল (সহ-সভাপতি) ৭১৮-৯৭১-৪৭৬৯, আবুল কালাম ভূঁইয়া (সহ-সাধারণ সম্পাদক) ৯১৭-৮৯২-৭১৯৯, মফিজুল ইসলাম ভূইয়া (রুমি) (কোষাধ্যক্ষ), ৩৪৭-৮৯৬-২৮০২, ডিউক খান (সাংগঠনিক সম্পাদক) ৯১৭-৭৮৩-৫৪৯৯, অনিক রাজ (সাংস্কৃতিক সম্পাদক) ৯৩৪-৪৪৪-১৮৬৩, রিজু মোহাম্মদ (প্রচার ও গণসংযোগ সম্পাদক) ৭১৮-৫৮১-৬৬৩৭, জামিল আনসারী (সমাজকল্যাণ সম্পাদক) ৩৪৭-৮৩৩-১০২৮, মো: আখতার বাবুল (সাহিত্য সম্পাদক) ৬৪৬-৫৭৫-৭০৫৩, আশ্রাব আলী লিটন (ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক) ৯১৭-৪৯৭-২৮৩৯, মোহাম্মদ হাসান (জিলানী) (স্কুল ও শিক্ষা সম্পাদক) ৯১৭-৯৭১-৭৭৯৩, কার্যকরী সদস্য: হারুন চেয়ারম্যান ৯১৭-৪৪৩-৭৮৩৮, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী ৭১৮-৭৩৭-২৭৪৮, মোঃ সিদ্দিক পাটওয়ারী ৭১৮-২১৯-৭৯৭৭, আবুল কাশেম চৌধুরী ৬৪৬-৫১০-৬২৪৫, মুনসুর আহমেদ ৯১৪-৩০৩-৮৪৬৮ ও হাসান খান ৩১৩-৩২৭-৯৪১৮

প্রচারে: রিজু মোহাম্মদ, প্রচার সম্পাদক

নিউইয়র্কে গ্রেটার খুলনা সোসাইটির নতুন কমিটির অভিষেক





নিউইয়র্ক: নিউইয়র্কে বর্ণাঢ্য আয়োজনে অনুষ্ঠিত হয়েছে গ্রেটার খুলনা সোসাইটি অব ইউএসএর নতুন কমিটির অভিষেক। গত ৯ ফেব্রুয়ারি রাতে জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি সেন্টারে আয়োজিত এ অনুষ্ঠানে বৃহত্তর খুলনার তিনজন গরীব ও মেধাবী শিক্ষার্থীকে এককালীন এক লাখ টাকা করে বৃত্তি প্রদানের ঘোষণা দেয়া হয়। খুলনাবাসীর এ মিলনমেলায় পরিবেশিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনাও।

নতুন কমিটির কর্মকর্তাদের শপথ বাক্য পাঠ করান সংগঠনের প্রধান উপদেষ্টা খন্দকার মাসুদুর রহমান। সংগঠনের ২০২৫-২০২৬ সালের জন্য নির্বাচিত ১৯ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটির অভিষিক্তরা হলেন সভাপতি ওয়াহিদ কাজী এলিন, সিনিয়র সহ সভাপতি শেখ ফারুকুল ইসলাম, সহ সভাপতি শেখ হাসান আলী, ইসমত জাহান পলি ও শেখ আল আমিন, সাধারণ সম্পাদক হাওলাদার শাহিনুল ইসলাম, সহ সাধারণ সম্পাদক শেখ কামাল হোসেন, কোষাধ্যক্ষ শেখ আনোয়ার হোসেন, সাংগঠনিক সম্পাদক শেখ সবুর, সমাজ কল্যাণ সম্পাদক মোহাম্মদ ঈদ ই আমিন, প্রচার ও গণসংযোগ সম্পাদক মোহাম্মদ মাহবুবুর রহমান, সাংস্কৃতিক সম্পাদক মোহাম্মদ আনারুল হক, মহিলা বিষয়ক সম্পাদক ইসমত জাহান পপি, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক মোহাম্মদ শাহীনুর হোসেন, কার্যকরী সদস্য বিলকিস ফাতিমা লাভলী, জাভেদ ইকবাল, শামসুদ্দিন নান্টু, আরিফ শাহরিয়ার ও উজ্জ্বল হোসেন।

ওয়াহিদ কাজী এলিনের সভাপতিত্বে ও শেখ ফারুকুল ইসলামের পরিচালানায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম। বিশেষ অতিথি ছিলেন ফোবানা স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান গিয়াস আহমেদ, বাংলাদেশ সোসাইটির সিনিয়ার সহ সভাপতি মহিউদ্দীন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি, সারাহ হোম কেয়ারের পরিচালক মো. আব্দুল খালেক।

বক্তব্য দেন সংগঠনের উপদেষ্টা সৈয়দ এনায়েত আলী, সাবেক সভাপতি মুরারী মোহন দাস, সিনিয়র সহ সভাপতি শেখ মো. নওশাদ আক্তার, সহ সভাপতি শেখ হাসান আলী, কোষাধ্যক্ষ শেখ আনোয়ার হোসেন। ওয়াহিদ কাজী এলিন ও হাওলাদার শাহিনুল ইসলাম শপথ নেয়ার পর গ্রেটার খুলনাবাসীর স্বার্থ রক্ষায় কাজ করার অঙ্গীকার ব্যক্ত করে সবার সার্বিক সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠানে আতাউর রহমান সেলিম বলেন, 'গ্রেটার খুলনা সোসাইটিকে সাথে নিয়েই তারা সোসাইটির অগ্রযাত্রা অব্যাহত রাখবেন।'

অনুষ্ঠানে খন্দকার মাসুদুর রহমান এ বছর থেকে বৃহত্তর খুলনার তিনজন গরীব ও মেধাবী শিক্ষার্থীকে এককালীন এক লাখ টাকা করে বৃত্তি প্রদানের ঘোষণা দেন। সভায় বক্তারা নতুন কার্যকরী কমিটিকে অভিনন্দন জানিয়ে ঐক্যবদ্ধভাবে কাজ করে গ্রেটার খুলনা সোসাইটি অব ইউএসএকে আরো এগিয়ে নেয়ার আহ্বান জানান। সবশেষে ছিলো মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা। এতে গান করেন শিল্পী বাপ্পি ও মিতা।--প্রেস রিলিজ

ডেভিল হান্টেও থামেনি ডাকাতি চুরি

(২য় পৃষ্ঠার পর)

পরিচালনার বিষয়ে কাজ চলছে। এরই অংশ হিসেবে রোববার পুলিশ-র‍্যাবসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একাধিক ইউনিটের মধ্যে সমন্বয় সভা হওয়ার কথা।

সংশ্লিষ্টরা জানান, একের পর এক অপরাধমূলক তৎপরতার তথ্য পাওয়া গেলেও পুলিশের কারও কারও মধ্যে রয়েছে আত্মতুষ্টির ছাপ। কেবল সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হলে সেটি নিয়ে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বেশি তৎপর হচ্ছে। 'আলোচিত' হওয়ার আগে ঘটনা 'আমলে না নেওয়া' বা 'হালকা' করে দেখার প্রবণতা রয়েছে অনেকের মধ্যে। এমনকি রাজধানীর অধিকাংশ থানায় নতুন মুখ হওয়ায় তারা এখনও এলাকাভিত্তিক অপরাধী এবং গোয়েন্দা তথ্য রাখার ক্ষেত্রে কাঙ্ক্ষিত জায়গায় যেতে পারেননি। জেল থেকে ছাড়া পেয়ে আবারও অনেককে বড় অপরাধে জড়াতে দেখা যাচ্ছে।

মুন্সীগঞ্জের সিরাজদীখানে স্বামীর কাছে ফেরার পথে অটোরিকশা থেকে নামিয়ে দলবদ্ধ ধর্ষণ করা হয় পোশাক কর্মীকে। শুক্রবার ওই নারী বাদী হয়ে পাঁচজনের বিরুদ্ধে মামলা করেন।

সম্প্রতি ঢাকা থেকে রাজশাহীগামী চলন্ত বাসে ডাকাতি ও দুই নারীকে শ্লীলতাহানির ঘটনায় তোলপাড় শুরু হয়। বৃহস্পতিবার রাজধানীর মালিবাগে ছিনতাইকারীর ছুরিকাঘাতে আবু রায়হান ইভান নামে শিক্ষার্থী আহত হন। এ সময় তার কাছে থাকা ৪৫ হাজার টাকা ও একটি দামি মোবাইল ফোন নিয়ে যায় ছিনতাইকারীরা।

১৯ ফেব্রুয়ারি সকালে উত্তরায় ভিক্টর পরিবহনের একটি চলন্ত বাসে যাত্রীবেশী ৫-৬ যুবক অস্ত্র ঠেকিয়ে ছিনতাই করে। ১৭ ফেব্রুয়ারি রাতে উত্তরা ৭ নম্বর সেক্টরে এক নারী ও পুরুষকে রামদা দিয়ে কোপানোর ঘটনায় সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে।

১৮ ফেব্রুয়ারি রামপুরার বনশ্রী এলাকায় কাঁচাবাজার নিয়ন্ত্রণ নিয়ে শ্রমিক দলের নেতা জুয়েলকে গুলি করে তারই দলের আরেক গ্রুপ। ১৩ ফেব্রুয়ারি ইস্কাটনের দিলু রোড এলাকায় ছিনতাইয়ের শিকার হন দুই রিকশাযাত্রী।

২০ জানুয়ারি বিকেলে পল্লবীর ১২ নম্বর সেকশনের সিরামিক রোডের বঙ্গবন্ধু কলেজের পাশে নতুন রাস্তার মুখে চাপাতি, সুইচ চাকু, ইট দিয়ে থেঁতলে হত্যা করা হয় বাবু নামে একজনকে। ওই এলাকায় দীর্ঘদিন থেকে বাবু ও সন্ত্রাসী মুসার দ্বন্দ্ব চলছিল। তারই জেরে মুসার লোকজন ডেকে নিয়ে কুপিয়ে হত্যা করে বাবুকে। অভিযুক্ত মুসা সাবেক এমপি আউয়ালের অনুসারী। অবিভক্ত মতিঝিল থানা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম টিপু হত্যা মামলার অন্যতম আসামি মুসা। টিপু হত্যার মূল পরিকল্পনাকারী হিসেবে ওমানে পালিয়ে যাওয়া মুসাকে ফিরিয়েও আনে ডিবি পুলিশ। তার জবানবন্দিও গ্রহণ করা হয়। সম্প্রতি সে ওই হত্যা মামলায় জামিনে বের হয়ে বাবুকে হত্যা করে।

গত ২০ সেপ্টেম্বর মাদক কারবার ও আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে মোহাম্মদপুরে কুপিয়ে হত্যা করে দুর্বৃত্তরা। দুটি অপরাধী চক্রের সংঘর্ষে নাসির বিশ্বাস ও মুন্না হাওলাদার খুন হন। সংঘর্ষে জড়ানো অ্যালেক্স ইমন ও আরমানের অনুসারীরা চুরি-ছিনতাই, মাদক কারবারসহ নানা অপরাধে জড়িত। সম্প্রতি তারা জামিনে বেরিয়ে আবারও একই অপকর্মে জড়িয়েছে।

ওজনপার্ক ও ক্রকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কলভেন্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)



বাসা থেকে শিক্ষার্থীর এক ড্রপ ও টি লেসন প্রকল্প
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই
Website. www.populardrivingschoolny.com
POPULAR DRIVING SCHOOL INC.
Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453
Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St, City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
❑ সিটিজেনশীপ ❑ ফ্যামিলি পিটিশন ❑ NVC Case প্রসেসিং
❑ স্ট্যাটাস এডজাস্টমেন্ট ❑ এফিডেভিট অব সাপোর্ট
❑ এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
❑ Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
25 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

বাংলাদেশ সোসাইটির উদ্যোগে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদদের শ্রদ্ধা জানালেন প্রবাসীরা































SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DFBI KL, DFS MI, DB&F GA, OCFR MO AND FLOFR FL
NMLS NO. 1888780

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত কার্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন
ASTORIA 718-777-7001 | ATLANTA 770-936-9906 | BROOKLYN 718-853-9558 | JACKSON HTS 718-507-6002 | BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150 | MANHATTAN 212-808-0790 | MICHIGAN 313-368-3845 | OZONE PARK 347-829-3875 | PATERSON 973-595-7590
আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন,
তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও
অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়
- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS



37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.

PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.





নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।





আমরা বাজার কম দরে

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY

১৪৪৫ ইউনিয়ন পোর্ট (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ **(347) 851-2688**

আমাদের অন্য কোন শাখা নেই

আমরা অন্য ফার্মেসী থেকে আপনাদের সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

SEEMA GULIANI, ESQ / ATTORNY AT LAW

LAW OFFICE OF SEEMA GULIANI

BY APPOINTMENT ONLY

☎ 212-691-4343

Em@il *seemagulianiesq@gmail.com*

198-42 FOOTHILL AVE. HOLLIS NY. 11423

WE SPECIALIZE IN

- VAWA
- ASYLUM
- NVC PROCESS
- NATURALIZATION
- TOURIST VISAS (B1/B2)
- RELIGIOUS WORKER
- UNCONTESTED DIVORCES
- FAMILY BASED PETITIONS
- FIANCE/MARRAIGE VISAS
- LEGAL PERMANENT RESIDENCY
- EMPLOYMENT BASED VISAS

(H-1B. PERM, I-140. EB1, EB2, EB3

চীনে বাদুড়ের দেহে নতুন করোনা ভাইরাসের সন্ধান

বাংলা পত্রিকা ডেস্ক : মানুষের মধ্যে ছড়াতে পারে এমন নতুন একটি করোনা ভাইরাসের সন্ধান পাওয়া গেছে চীনে।



এইচকেইউ৫-কোভ-২ নামের এই ভাইরাসের সঙ্গে মহামারি ভাইরাসের বেশ মিল রয়েছে। এতে শঙ্কা দেখা দিয়েছে, মাত্র দুই বছর আগে শেষ হওয়া কোভিডের পর আরেকটি মহামারির কবলে পড়তে পারে বিশ্ব।

চীনের উহানের 'ইনস্টিটিউ অব ভাইরালজি' নতুন স্ট্রেনটি বাঁদুরের মধ্যে পেয়েছেন। এছাড়া এটির সঙ্গে সার্সের সংশ্লিষ্টতা রয়েছে। সার্স করোনা ভাইরাস বেশ শক্তিশালী একটি ভাইরাস, যেটিতে আক্রান্ত ব্যক্তিদের চার ভাগের তিন ভাগই মারা যায়।

সাউথ চায়না মর্নিং পোস্ট অনুসারে, এইচকেইউ৫-কোভ-২ নামক নতুন ভাইরাসটি শি ঝেংলির নেতৃত্বে ভাইরোলজিস্টদের একটি দল আবিষ্কার করেছে। ঝেংলি উহান ইনস্টিটিউটে করোনাভাইরাস নিয়ে তার আজীবন কাজের জন্য 'ব্যাটওম্যান' নামে পরিচিত। এদিকে শোনা যায় উহান ইনস্টিটিউটের একটি ল্যাব থেকেই ছড়িয়ে পড়েছিলো করোনা ভাইরাস। যদিও সে কথা বারবার অস্বীকার করে এসেছে চীন।

চীনা গবেষকরা দেখেছেন যে, নতুন ভাইরাসটির সঙ্গে সার্স-কোভ-২ ভাইরাস যা কোভিড মহামারির দিকে পরিচালিত করেছিল, অনেক মিল রয়েছে। কারণ এটিও কোভিডের মতো এসিই২ নামক মানব কোষে অনুপ্রবেশ করতে পারে। এইচকেইউ৫-কোভ-২ হল মেরবেকোভাইরাস সাবজেনাসের একটি করোনাভাইরাস, যার মধ্যে মিডল ইস্ট রেসপিরেটরি সিনড্রোম সৃষ্টিকারী ভাইরাসও রয়েছে। বিজ্ঞানীরা দেখেছেন যে নতুন ভাইরাসটি মানব কোষে এসিই২-এর সঙ্গে আবদ্ধ হতে পারে, যা এটিকে সার্স-কোভ-২ এবং এনএল৬৩ (একটি সাধারণ সর্দি-কাশির ভাইরাস)-এর মতো করে তোলে।

২০১৯ সালের শেষ দিকে চীন থেকে গোটা বিশ্বে ছড়িয়ে পড়ে মরণঘাতী করোনা ভাইরাস। যার কবলে পড়ে বিশ্বে ৭০ লাখের বেশি মানুষের মৃত্যু হয়। অতিমারির সেই ভয়ংকর দিন যেন আর না ফেরে সেটাই গোটা বিশ্বের প্রার্থনা। এই পরিস্থিতিতে ভয় বাড়াচ্ছে এই নতুন ধরনের করোনা ভাইরাস।

নিউজউইক অনুসারে, গবেষণার ফলাফল থেকে জানা গেছে, বাদুড়ের মারবেকোভাইরাস, যা ফাইলোজেনেটিকভাবে এমইআরএস-কোভ-এর সঙ্গে সম্পর্কিত, মানুষের মধ্যে ছড়িয়ে পড়ার উচ্চঝুঁকি তৈরি করে। হয় সরাসরি সংক্রমণের মাধ্যমে অথবা মধ্যবর্তী কোনো হোস্ট দ্বারা। তবে এই ভাইরাস নিয়ে এখনো পরীক্ষা-নিরীক্ষা বাকি আছে বলে জানিয়েছেন বিজ্ঞানীরা।

একইসঙ্গে গবেষণাপত্রে লেখা হয়েছে, গঠনগত ও কার্যকরী বিশ্লেষণগুলো ইঙ্গিত দেয় যে এইচকেইউ৫-কোভ-২ মানুষের এসিই২-এর সঙ্গে ভালো অভিযোজন করে। এইচকেইউ৫-কোভ-২ মানুষের শ্বাসযন্ত্র এবং আন্ত্রিক অঙ্গগুলোকে সংক্রামিত করার ক্ষমতা রাখে। এই আবিষ্কার মানুষের মধ্যে কোনও নতুন রোগ সৃষ্টি করবে কিনা তা এখনও অজানা। এই নতুন ভাইরাসের ফলে আরেকটি মহামারির উদ্বেগ রয়েছে কিনা সে সম্পর্কে জিজ্ঞাসা করা হলে মিনেসোটা বিশ্ববিদ্যালয়ের সংক্রামক রোগ বিশেষজ্ঞ ড. মাইকেল অস্টারহোম গবেষণার ফলাফল নিয়ে এখনই মাথা ঘামাতে চাইছেন না। তিনি বলেন, '২০১৯ সালের তুলনায় একই ধরনের সার্স ভাইরাসের বিরুদ্ধে মানুষের মধ্যে রোগ প্রতিরোধ ক্ষমতা বেড়েছে, যা মহামারির ঝুঁকি কমাতে পারে।' সূত্র: এনডিটিভি

কোনো কাজেই

(২য় পৃষ্ঠার পর)

ছাড়া কোথাও মেয়র নেই। চট্টগ্রামের ডা. শাহাদাত হোসেন মামলা করে মেয়রের পদ ফিরে পেয়েছেন। অন্যসব সিটি করপোরেশন চলছে প্রশাসক (কর্মকর্তা) দিয়ে। সিটি করপোরেশনগুলোয় প্রায় ০০ কাউন্সিলরের পদ শূন্য। একই রকম অবস্থা দেশের ৩৩১ পৌরসভায়। পৌরসভার প্রায় চার হাজার জনপ্রতিনিধি না থাকায় মুখ থুবড়ে পড়েছে সেবা কার্যক্রম।

অভিজ্ঞতায় ঘাটতি অনেক কর্মকর্তার

মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীরা দুই জায়গায় বসায় প্রয়োজনের সময় যোগাযোগ করতেও অনেক সময় চলে যায়। স্থানীয় সরকার বিভাগের সচিব আবু হেনা মোর্শেদ জামানকে বাধ্যতামূলক অবসরে পাঠানোর পর বেশ কিছুদিন মন্ত্রণালয়ে সচিবের পদ শূন্য ছিল। ভারপ্রাপ্ত হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছিল নজরুল ইসলামকে। একই সঙ্গে তিনি ছিলেন ডিএসসিসির প্রশাসক। দুই দায়িত্ব পালন করতে গিয়ে হিমশিম খেতে হয়েছে তাঁকে। পরে নজরুল ইসলামকে সরিয়ে দিলে প্রশাসকের পদ শূন্য হয়। স্থানীয় সরকার বিভাগের সচিবের পদ পূরণ হলেও ডিএসসিসির প্রশাসকের পদ ছিল শূন্য। গত ১৩ ফেব্রুয়ারি অতিরিক্ত সচিব মো. শাহজাহান মিয়াকে দেওয়া হয় প্রশাসকের দায়িত্ব। এদিকে, অনেক কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানোয় কনিষ্ঠ কর্মকর্তাদের পদোন্নতি দিতে হয়। সিনিয়র সহকারী সচিব থেকে একের পর এক পদোন্নতি দিয়ে অতিরিক্ত সচিব করার ঘটনাও ঘটেছে। কিন্তু এই কর্মকর্তাদের অভিজ্ঞতার ঘাটতি থাকার কারণেও মন্ত্রণালয়ের কার্যক্রমে স্থবিরতা তৈরি হয়েছে। স্থানীয় সরকার মন্ত্রণালয়ের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া যুব ও ক্রীড়া মন্ত্রণালয়েরও দায়িত্বে। একসঙ্গে গুরুত্বপূর্ণ এসব দায়িত্ব পালন করাও কঠিন।

ওয়াসার কার্যক্রমে স্থবিরতা : দেশের চারটি ওয়াসার মধ্যে ঢাকা ওয়াসায় এমডির দায়িত্ব দেওয়া হয়েছে ফজলুর রহমানকে। বাড়তি হিসেবে স্থানীয় সরকার বিভাগের পানি সরবরাহ শাখার অতিরিক্ত সচিবের দায়িত্ব পালন করতে হচ্ছে তাঁকে। তিনি সকাল থেকে আধাবেলা অফিস করে সচিবালয়ে চলে যান। অথচ ঢাকা ওয়াসার মতো প্রতিষ্ঠান পরিচালনার জন্য সার্বক্ষণিক একজন এমডি থাকা প্রয়োজন। তিনি সর্বক্ষণ সময় দিতে না পারায় ওয়াসার কার্যক্রমও গতিহীন। এ ছাড়া একজন ডিএমডির পদ শূন্য। আরেকজনের বিরুদ্ধে মামলা থাকায় তিনি অনেকটা চুপচাপ অফিস করেন। এ ছাড়া চট্টগ্রাম, খুলনা ও সিলেট ওয়াসার কার্যক্রমেও চলছে চরম স্থবিরতা।

ইউনিয়ন পরিষদের অনেকেই পলাতক : ইউনিয়ন পরিষদগুলোর জনপ্রতিনিধিদের বরখাস্ত করা হয়নি। তবে তাদের বেশির ভাগই আওয়ামী লীগের নেতাকর্মী। তাদের অনেকেই পলাতক। স্থানীয় সরকার বিভাগের তথ্য অনুযায়ী, গত অক্টোবরে দেশের ৪ হাজার ৫৭৮টি ইউনিয়ন পরিষদের মধ্যে ১ হাজার ৪১৬টির চেয়ারম্যান পলাতক ছিলেন। অপারেশন ডেভিল হান্ট শুরু হওয়ার পর গা-ঢাকা দিয়েছেন অনেকে। প্রকাশ্যে যারা আছেন, তাদের কর্মতৎপরতা নেই বললেই চলে।

সংশ্লিষ্টরা যা বলেন: স্থানীয় সরকার মন্ত্রণালয়ের এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে সমকালকে বলেন, আগে পৌরসভার কাউন্সিলররাও এলাকার রাস্তাঘাট-সড়কবাতির জন্য মন্ত্রণালয়ে তদবির করতে আসতেন। এখন কেউ আসেন না। আওয়ামী লীগের দু-একজন আত্মগোপনে থেকে ফোন দেন কাজ করে দেওয়ার জন্য। বিএনপি বা অন্য দলের যে দু-চারজন জনপ্রতিনিধি ছিলেন, তারা মাঝেমধ্যে আসেন। কিন্তু বাস্তবতা হলো, তাদের কারও এখন কোনো দায়বদ্ধতা নেই। কাউন্সিলর ও মেয়রের দায়িত্ব পালন করছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা। তাঁর পক্ষে এই অতিরিক্ত কাজ পরিচালনা করা কঠিন।

সিটি করপোরেশন ও পৌরসভার কর্মকর্তাদের সঙ্গে কথা বলে জানা গেছে, স্থানীয় সরকারগুলো জনপ্রতিনিধিশূন্য থাকায় উন্নয়ন কার্যক্রম থমকে পড়েছে। রাস্তা মেরামত, পরিচ্ছন্নতা, সড়কবাতি, মশক নিয়ন্ত্রণসহ নানা ধরনের কাজ নির্বাচিত জনপ্রতিনিধিরা আগে সরাসরি তদারক করতেন। সিটি করপোরেশনগুলোতে ওয়ার্ড কাউন্সিলরের দায়িত্ব আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাদের (আনিক) দেওয়া হয়েছে। এখন একজন কর্মকর্তাকে নিজস্ব দাপ্তরিক কাজ ছাড়াও ১০ থেকে ১৫টি ওয়ার্ডের কার্যক্রম তদারকি করতে হচ্ছে। এতে কোনো কাজই ঠিকমতো হচ্ছে না।

স্থানীয় সরকার বিভাগের এক কর্মকর্তা বলেন, আগে জনপ্রতিনিধিরা বিভিন্ন ধরনের উন্নয়ন প্রকল্প হাতে নিতেন। সরকারি ও বিদেশি অর্থায়নে সেগুলো বাস্তবায়ন হতো। গত ছয় মাসে একটিও নতুন প্রকল্প গ্রহণ করা হয়নি। নতুন প্রকল্প না থাকলে স্বাভাবিকভাবেই উন্নয়ন কার্যক্রম থেমে যায়। আগে মেয়র-কাউন্সিলররা তাদের স্বার্থেই এসব প্রকল্প গ্রহণ ও বরাদ্দের জন্য সর্বক্ষণ তদবির-সুপারিশ করতেন। স্থানীয় সরকারমন্ত্রীর দপ্তরে সব সময় সারাদেশের জনপ্রতিনিধিরা আসতেন। এখন সেখানে দু-একজন সমন্বয়ক ও বৈষম্যবিরোধী আন্দোলনের নেতা ছাড়া তেমন কাউকে দেখা যায় না। অন্য এক কর্মকর্তা বলেন, আগে সপ্তাহে একজন হলেও বিদেশি দাতা সংস্থার প্রতিনিধি স্থানীয় সরকারমন্ত্রীর সঙ্গে সচিবালয়ে সাক্ষাৎ করতেন। তারা নানাভাবে দেশের উন্নয়নে ভূমিকা রাখার আশ্বাস দিতেন। সেই কার্যক্রম এখন একেবারে নেই বললেই চলে। প্রতিদিন মন্ত্রণালয়ে একাধিক সভা হতো মন্ত্রণালয়ের অধীন সংস্থার কার্যক্রমের অগ্রগতি বিষয়ে। প্রতি তিন মাস অন্তর আন্তঃমন্ত্রণালয়ের বৈঠক হতো। সভাকক্ষটি পুড়ে যাওয়ায় কার্যত মন্ত্রণালয়ের বৈঠক করার কোনো স্থান নেই।

স্থানীয় সরকার বিশেষজ্ঞ এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের অধ্যাপক ড. আকতার মাহমুদ বলেন, স্থানীয় সরকারের জনপ্রতিনিধির মাধ্যমে দেশে সব সেবা কার্যক্রম প্রান্তসীমা পর্যন্ত যায়। সব ধরনের নাগরিক সুবিধা তাদের মাধ্যমে নিশ্চিত করা হয়। হাজার হাজার জনপ্রতিনিধির শূন্যতার কারণে দেশের সাধারণ মানুষ এ সুবিধা পাচ্ছেন না। রাস্তাঘাট থেকে শুরু করে বর্জ্য ব্যবস্থাপনা, জন্মনিবন্ধন, পরিচ্ছন্নতা কার্যক্রম ব্যাপক মাত্রায় ব্যাহত হচ্ছে। সেই ঘাটতি পূরণের জন্য প্রশাসক বসানো হয়েছে। কিন্তু কোনো প্রশাসক কখনোই জনপ্রতিনিধির মতো কাজ করতে পারবেন না এটাই বাস্তবতা। সুতরাং স্থানীয় পর্যায়ের নির্বাচন যেভাবেই চিন্তা করি না কেন, তা খুবই জরুরি। এতে কিছুটা হলে অবস্থার উন্নতি হবে।

তিনি আরও বলেন, স্থানীয় সরকার নির্বাচনের জন্য প্রয়োজনীয় সংস্কার দ্রুত সম্পন্ন করা উচিত। কালক্ষেপণ না করে আন্তরিকতার সঙ্গে দ্রুত সংস্কার সম্পন্ন করা প্রয়োজন এবং দেরি না করে নির্বাচনের মাধ্যমে স্থানীয় জনপ্রতিনিধি নির্বাচন করা উচিত।

'অগ্নিকাণ্ডের কারণে কিছু সমস্যা হচ্ছে' : মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে স্থানীয় সরকার বিভাগের সচিব নিজাম উদ্দিন বলেন, অগ্নিকাণ্ডের কারণে কিছু সমস্যা তো হচ্ছে, এটি অস্বীকার করার কোনো কারণ নেই। জনপ্রতিনিধির যে শূন্যতা তৈরি হয়েছে, সেটি অতিক্রম করার জন্য কর্মকর্তাদের দায়িত্ব দেওয়া হয়েছে। তারা এখন দুই-তিন গুণ কাজ করে ঘাটতি পূরণের চেষ্টা করছেন। দুই স্থান থেকে মন্ত্রণালয়ের কার্যক্রম পরিচালনার ক্ষেত্রেও তেমন সমস্যা হচ্ছে না। এখন তো ইন্টারনেট-মোবাইল ফোনেই সব কথা বলা যায়। পুড়ে যাওয়া ফাইলপত্র নিয়েও তেমন সমস্যা হচ্ছে না। বাইরে আগুন লাগলেও দেখা যাচ্ছে, অনেক ফাইলের কাভার পুড়েছে; ভেতরে ঠিক আছে। আবার অনেকগুলো পোড়েনি, শুধু ধোঁয়ায় কালো হয়ে গেছে।

সিটি করপোরেশনের কার্যক্রমের বিষয়ে তিনি বলেন, ঢাকার দুই সিটি করপোরেশনেই প্রশাসক ও প্রধান নির্বাহী কর্মকর্তা নতুন দেওয়া হয়েছে। তারা কর্মস্থলে যোগদান করেছেন। এখন কাজে গতি আসবে। নাগরিক সেবাও বাড়বে। উপদেষ্টার অভিজ্ঞতার ঘাটতি প্রসঙ্গে সচিব বলেন, 'হি ইজ ডুইং ভেরি ওয়েল। আমরা আলোচনা করে কাজগুলো করছি। আর উনার দপ্তরেও কোনো ফাইল আটকে থাকছে না। সব মিলিয়ে কোনো সমস্যা নেই।'

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী
Moin Choudhury, Esq.
Hon. Democratic District Leader at Large, Queens, NY
মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।
সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইনক.
917-282-9256
Email: moinlaw@gmail.com
Moin Choudhury, Esq
Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(ফোন অফিস কি দেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Timothy Bompart
Attorney at Law
Moin Choudhury
Attorney at Law
Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

‘বাংলাদেশ এয়ারপোর্ট সিকিউরিটি ফোর্স’ গঠন করছে বেবিচক

বাংলা পত্রিকা ডেস্ক : ‘বাংলাদেশ এয়ারপোর্ট সিকিউরিটি ফোর্স’ নামে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) নিজস্ব নিরাপত্তা সংস্থা গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। প্রায় ১০ হাজার জনবলের একটি প্রস্তাবনাও মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। এই জনবলে ৭০ শতাংশ সদস্য বিমান বাহিনী থেকে নেওয়া হবে, বাকি ৩০ শতাংশ অন্যান্য সংস্থা থেকে। বিষয়টি প্রক্রিয়াধীন বলে জানিয়েছেন বেবিচক চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মঞ্জুর কবীর ভুঁইয়া।

বেবিচকের ঊর্ধ্বতন এক কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে এই তথ্যের সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, ‘বেবিচকের নিজস্ব এই সংস্থা অত্যাধুনিক প্রশিক্ষণপ্রাপ্ত হবে। ইন্টারন্যাশনাল সিভিল অরগানাইজেশন থেকে সার্টিফায়েড হবে। দেশের সব বিমানবন্দরের গুরুত্বপূর্ণ এক্সেস পয়েন্টগুলোতে দায়িত্ব পালন করবেন তারা।’ এ ক্ষেত্রে বিমানবন্দরে কর্মরত এপিবিএনসহ অন্যান্য সংস্থার কোনও সমস্যা হবে না বলেও জানান ওই কর্মকর্তা।

বেবিচক সূত্র জানায়, সিভিল এভিয়েশনের এ ধরনের সিকিউরিটি ফোর্স গঠন করতে দীর্ঘদিন চেষ্টা চলছিল। এবার সেটিকে পরিপূর্ণ রূপ দিতে কাজ শুরু হয়েছে। দেশের তিনটি আন্তর্জাতিক বিমানবন্দরসহ অভ্যন্তরীণ সব বিমানবন্দরে বেবিচকের নিজস্ব এই সংস্থা কাজ করবে। বিমান ও পর্যটন মন্ত্রণালয়ের অধীন



এই সংস্থা সিভিল এভিয়েশনের চেয়ারম্যানের নিজস্ব তত্ত্বাবধানে থাকবে।

মন্ত্রণালয়ে পাঠানো ওই প্রস্তাবনায় বলা হয়েছে, বাংলাদেশ এয়ারপোর্ট সিকিউরিটি ফোর্সের জনবলের সংখ্যা হবে ১০ হাজার ৬৩২ জন। এর ৭০ শতাংশই নেয়া হবে বিমানবাহিনী থেকে। মূলত চেয়ারম্যান থাকবেন সার্বিক তত্ত্বাবধানে।

এছাড়াও এই সংস্থার প্রধান হবেন ‘এয়ার ভাইস মার্শাল’ বা ‘এয়ার কমোডর’ পদমর্যাদার একজন। যিনি ‘মহাপরিচালক’ হিসেবে দায়িত্বে থাকবেন। এই মহাপরিচালকের দফতরে ৪ জন অতিরিক্ত মহাপরিচালকও থাকবেন। তারা ‘এয়ার কমোডর’ বা ‘গ্রুপ ক্যাপ্টেন’ পদমর্যাদার হবেন। পরিচালক থাকবেন মোট তিন জন। তারা ‘উইং কমান্ডার’ পদমর্যাদার হবেন।

সূত্র জানায়, এই জনবলের মধ্যে ৫ হাজার ১৬৭ জন শাহজালালে এবং ৯৫৯ জন করে ওসমানী, শাহ আমানত ও কক্সবাজার বিমানবন্দরে মোট ২ হাজার ৮৭৭ জন দায়িত্ব পালন করবেন। আর অভ্যন্তরীণ চারটি বিমানবন্দর যশোর, রাজশাহী, বরিশাল ও সৈয়দপুরে দায়িত্বে থাকবেন ৫৬০ জন করে মোট ২ হাজার ২৪০ জন।

তিন ধাপে এই জনবল পূরণ করা হবে। প্রথম ধাপে নিয়োগ করা হবে ৩ হাজার ৮৯৪ জন, দ্বিতীয় ধাপে ৩ হাজার ৪০৭ জন এবং তৃতীয় ধাপে ৩ হাজার ৩৩১ জন।

সার্বিক বিষয়ে বেবিচকের ওই ঊর্ধ্বতন কর্মকর্তা বলেন, ‘পৃথিবীর অন্যান্য সিভিল এভিয়েশনের নিজস্ব এ ধরনের ফোর্স রয়েছে। আমরা সেই আলোকেই তৈরি করব।’

তিনি বলেন, ‘বিমানবন্দরের বিশেষ করে এয়ারসাইটে ও গুরুত্বপূর্ণ অংশে তারা দায়িত্ব পালন করবেন। বর্তমানে যারা অন্যান্য সংস্থা কাজ করে যাচ্ছেন, তাদের কারোরই এতে কোনও সমস্যা হবে না। যে যার মতো করে ডিউটি পালন করবেন।’

এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ‘এটির পরিপূর্ণ বাস্তবায়নের সময় সব সংস্থাকে ডেকে সভা করা হবে। ওই সভা থেকেই তাদের গাইডলাইন দেওয়া হবে।’

যুক্তরাষ্ট্রজুড়ে কর্মী ছাঁটাইয়ের দামামা!

১ম পৃষ্ঠার পর)

দিয়েছেন, এই ছাঁটাই আপাতত চালিয়ে নেওয়া যাবে।

আইআরএসের দক্ষ কর্মী নিয়োগ পরিচালক ক্রিস্টি আর্মস্ট্রং ফোন কলে কর্মীদের জানান, প্রায় ৬ হাজার কর্মী ছাঁটাইয়ের কথা। কলে থাকা এক কর্মী জানান, ছাঁটাইয়ের কথা জানানোর সময় আর্মস্ট্রং বেশ আবেগপ্রবণ হয়ে পড়েছিলেন। কর্মীদের একে-অপরকে সমর্থন দেওয়ার আহ্বান জানান তিনি।

সংশ্লিষ্ট এক কর্মকর্তা জানান, ছাঁটাইয়ের সংখ্যা ৬ হাজার ৭০০ ছাড়াতে পারে। যাঁরা ডেমোক্র্যাট প্রেসিডেন্ট জো বাইডেনের অধীনে আয়কর সংস্থার সম্প্রসারণ পরিকল্পনার অংশ হিসেবে নিয়োগ পেয়েছিলেন, মূলত এবারের ছাঁটাইয়ের লক্ষ্য হয়েছেন তাঁরা। বাইডেন মূলত সম্পদশালী করদাতাদের বিরুদ্ধে কর আইন প্রয়োগের প্রচেষ্টা জোরদার করতে চেয়েছিলেন। এটি সাধারণ আমিরাকনদের হয়রানির কারণ হতে পারে এই দাবিতে রিপাবলিকানরা এই সম্প্রসারণের বিরোধিতা করেছেন।

বর্তমানে আয়কর সংস্থাটিতে আনুমানিক ১ লাখ কর্মী রয়েছে। ২০২১ সালে বাইডেনের দায়িত্ব গ্রহণের আগে এই সংখ্যা ছিল ৮০ হাজার। বাইডেনের অধীনে কর্মী সম্প্রসারণ সরকারের রাজস্ব বাড়াতে এবং ট্রিলিয়ন ডলারের বাজেট ঘাটতি সংকীর্ণ করতে সহায়তা করবে বলে আশা করছিলেন স্বাধীন বাজেট বিশ্লেষকেরা।

আর বর্তমান প্রেসিডেন্ট ট্রাম্পের মতে, ফেডারেল সরকারের আমলাতন্ত্রের আকার অস্বাভাবিক বেড়েছে। এতে অপচয় ও প্রতারণার মাধ্যমে প্রচুর অর্থ অপচয় হচ্ছে। সরকারের প্রায় ৩৬ ট্রিলিয়ন ডলার ঋণ রয়েছে এবং গত বছর ১ দশমিক ৮ ট্রিলিয়ন ডলার বাজেট ঘাটতি ছিল।

এদিকে যুক্তরাষ্ট্রের বৈদেশিক সহায়তা সংস্থা ইউএসএআইডিএর ১ হাজার ৬০০ পদ বিলুপ্ত করছে ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। রোববার প্রশাসনের পক্ষ থেকে ঘোষণা দেওয়া হয়েছে, এনজিওটির নেতৃস্থানীয় এবং গুরুত্বপূর্ণ কর্মী ছাড়া সব কর্মীকে সবেতন প্রশাসনিক ছুটিতে রাখা হচ্ছে।

ইলন মাস্কের নেতৃত্বাধীন সরকারি দক্ষতা বিভাগ (ডিওজিই) ইউএসএআইডির কার্যক্রম গুটিয়ে আনার চেষ্টা করছে। এই সংস্থাটিই যুক্তরাষ্ট্রের বৈদেশিক সহায়তার প্রধান বিতরণ ব্যবস্থা এবং এটিকে বিদেশে প্রভাব বিস্তারের জন্য মার্কিন ‘সফট পাওয়ার’এর একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে বিবেচনা করা হয়। কর্মীদের পাঠানো ইমেইল পর্যালোচনা করে দেখেছে বার্তা সংস্থা রয়টার্স। একটি ইমেইলে একজন কর্মীকে বলা হয়েছে, ‘আমি দুঃখের সঙ্গে আপনাকে জানাচ্ছি যে, আপনি একটি কর্মী হ্রাস পদক্ষেপের কারণে প্রভাবিত হচ্ছেন।’ ইমেইলে বলা হয়েছে, যারা এই নোটিশ পেয়েছেন তাঁরা আগামী ২৪ এপ্রিল থেকে ফেডারেল সার্ভিস থেকে ছাঁটাই হবেন।

ইউএসএআইডিএর ওয়েবসাইটে বলা হয়েছে, গতকাল রোববার মধ্যরাতের ঠিক আগে, গুরুত্বপূর্ণ কর্মী ছাড়া সরাসরি নিয়োগপ্রাপ্ত সব কর্মীকে ছুটিতে পাঠানো হবে। সেই সঙ্গে যুক্তরাষ্ট্রে ইউএসএআইডির ১ হাজার ৬০০টি পদ বিলুপ্ত করা হবে।

রয়টার্সের পর্যালোচনা করা আগের একটি নোটিশে বলা হয়েছিল, যুক্তরাষ্ট্রে প্রায় ২ হাজার পদ বিলুপ্ত করা হবে। হোয়াইট হাউস এ বিষয়ে কোনো মন্তব্য করেনি। গত শুক্রবার একজন ফেডারেল বিচারক ট্রাম্প প্রশাসনকে হাজার হাজার ইউএসএআইডি কর্মীকে ছুটিতে রাখার পথ প্রশস্ত করে দিয়েছেন। সরকারি কর্মচারী ইউনিয়নগুলো এই পদক্ষেপের বিরুদ্ধে মামলা করেছিল।

ইউএসএআইডির দুই সাবেক জ্যেষ্ঠ কর্মকর্তা ধারণা করছেন, প্রায় ৪ হাজার ৬০০ কর্মী, ক্যারিয়ার সিভিল সার্ভিস এবং ফরেন সার্ভিস স্টাফের বেশির ভাগকে প্রশাসনিক ছুটিতে রাখা হবে। সাবেক কর্মকর্তা মার্সিয়া ওং বলেন, ‘এই প্রশাসন এবং (পররাষ্ট্রমন্ত্রী মার্কো) রুবিও যুক্তরাষ্ট্রের দক্ষতা এবং অনন্য সংকট মোকাবিলা সক্ষমতাকে দুর্বল করে অদূরদর্শী সিদ্ধান্ত নিচ্ছেন। যখন রোগের প্রাদুর্ভাব ঘটে, জনগণ বাস্তুচ্যুত হয়, তখন এই ইউএসএআইডি বিশেষজ্ঞরা মাঠে থাকেন এবং প্রথমে স্থিতিশীলতা ও সহায়তার জন্য এগিয়ে আসেন।’

গত ২০ জানুয়ারি দায়িত্ব গ্রহণের পরপরই ৯০ দিনের জন্য বৈদেশিক সহায়তা স্থগিত করার নির্দেশ দিয়েছিলেন ডোনাল্ড ট্রাম্প। বিশ্বজুড়ে লাখ লাখ বাস্তুচ্যুত মানুষের জন্য আশ্রয় থেকে শুরু করে ক্ষুধা এবং প্রাণঘাতী রোগের বিরুদ্ধে লড়াই করা কর্মসূচিগুলোর জন্য তহবিল স্থগিত করেন ট্রাম্প। রয়টার্সের পর্যালোচনা অনুযায়ী, এই স্থগিতাদেশের বাইরে রাখা হয়েছে ৫ দশমিক ৩ বিলিয়ন ডলারের তহবিল, যা মূলত নিরাপত্তা এবং মাদকবিরোধী কর্মসূচির জন্য বরাদ্দ। এর খুব সামান্য অংশই মানবিক ত্রাণের জন্য ব্যয় করা হবে।

স্থগিতাদেশের আগে ইউএসএআইডি প্রোগ্রামগুলো বছরে প্রায় ৪০ বিলিয়ন ডলার খরচ করত। কিন্তু স্থগিতাদেশের পরে পেয়েছে ১০০ মিলিয়ন ডলারেরও কম।

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন গত শনিবার সন্ধ্যায় দেশটির ফেডারেল কর্মচারীদের একটি ই-মেইল পাঠিয়েছে। যেখানে তাদের আগের সপ্তাহের কাজের সাফল্য বিস্তারিতভাবে জানাতে বলা হয়েছে। স্থানীয় সময় সোমবার রাতের মধ্যে এই তথ্য না দিলে তাদের চাকরি হারানোর ঝুঁকি রয়েছে বলে জানানো হয়েছে ই-মেইলে।

বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে বলা হয়েছে, এই ই-মেইল পাঠানোর কিছুক্ষণ আগেই, ট্রাম্প প্রশাসনের ডিপার্টমেন্ট অব গভর্নমেন্ট এফিশিয়েন্সি বা সরকারি কর্মদক্ষতা বিভাগের (ডিওজিই) প্রধান বিশ্বের শীর্ষ ধনকুবের ইলন মাস্ক তাঁর নিজের সামাজিক যোগাযোগমাধ্যম প্ল্যাটফর্ম শেয়ার করা এক টুইটে বলেন, এই ইমেইলের উত্তর না দিলে তা পদত্যাগ হিসেবে গণ্য করা হবে।

ইলন মাস্ক এক্সে লিখেছেন, ‘সব ফেডারেল কর্মচারী শিগগিরই একটি ই-মেইল পাবেন, যেখানে জানতে চাওয়া হবে তারা গত সপ্তাহে কী কাজ করেছেন। উত্তর দিতে ব্যর্থ হলে, তা স্বেচ্ছায় পদত্যাগ বলে বিবেচিত হবে।’

মাস্কের এই পোস্টের কয়েক ঘণ্টা আগে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তাঁর নিজস্ব সামাজিক যোগাযোগমাধ্যম প্ল্যাটফর্ম ট্রুথ সোশ্যালে শেয়ার করা এক পোস্ট বলেন, ‘ডিওজিইকে আরও আক্রমণাত্মক হতে হবে এবং ২৩ লাখ ফেডারেল কর্মীর সংখ্যা কমিয়ে সরকারকে ঢেলে সাজাতে হবে।’

এর আগে, গত শনিবার সন্ধ্যার মধ্যে যুক্তরাষ্ট্রের সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ন্যাশনাল ওশেনিক অ্যান্ড অ্যাটমোসফেরিক অ্যাডমিনিস্ট্রেশন, সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনসহ বিভিন্ন ফেডারেল সংস্থার কর্মীদের কাছে ‘আপনারা গত সপ্তাহে কী করেছে?’ শিরোনামের ই-মেইল পাঠানো হয়।

রয়টার্স এই ই-মেইল যাচাই করেছে দেখেছে। ই-মেইলে কর্মচারীদের ৫টি পয়েন্ট আকারে তাদের আগের সপ্তাহের কাজের সংক্ষিপ্ত বিবরণ দিতে বলা হয়েছে এবং তাদের ব্যবস্থাপকদের (ম্যানেজার) এই বিবরণের একটি করে কপি জমা দিতে নির্দেশ দেওয়া হয়েছে।

ই-মেইলটি অফিস অব পার্সোনেল ম্যানেজমেন্টের মানবসম্পদ বিভাগের একটি ঠিকানা থেকে পাঠানো হয়েছে এবং সোমবার রাত ১১টা ৫৯ মিনিট (যুক্তরাষ্ট্রের পূর্বাঞ্চলীয় মান সময়) পর্যন্ত উত্তর দেওয়ার সময়সীমা নির্ধারণ করা হয়েছে।

আইনগতভাবে মাস্ক ফেডারেল কর্মীদের চাকরিচ্যুত করার ক্ষমতা রাখেন কি না এবং যারা গোপনীয় প্রকৃতির কাজ করেন, তারা কীভাবে তাদের কাজের বিবরণ দেবেন, তা এখনো স্পষ্ট নয়। এমনকি কিছু ফেডারেল বিচার বিভাগের কর্মচারীর কাছেও এই ই-মেইল পাঠানো হয়েছে, যদিও যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ নির্বাহী শাখার অন্তর্ভুক্ত নয়। বিষয়টি জানেন এমন ব্যক্তিরা জানিয়েছেন, বিচার বিভাগের প্রশাসনিক শাখা তাৎক্ষণিকভাবে কোনো মন্তব্য করেনি।

কনজিউমার ফাইন্যান্সিয়াল প্রোটেকশন ব্যুরোর কর্মীরাও ই-মেইলটি পেয়েছেন। যদিও এই বিভাগের অধিকাংশ কর্মচারীকে মাসের শুরু থেকেই কার্যত কোনো কাজ করতে নিষেধ করা হয়েছে, ফলে এটি এক বিশৃঙ্খল পরিস্থিতির সৃষ্টি করেছে। এ ছাড়াও, একটি আদালতের অস্থায়ী আদেশ অনুযায়ী সংস্থাটি এখনই গণছাঁটাই চালাতে পারবে না।




Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ শাস্ত্রসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

নিউইয়র্কে ইমাম কাউন্সিল অব ব্রঙ্কস'র সেমিনার

মহিমান্বিত মাহে রামাদান ও আমাদের করণীয়







নিউইয়র্ক: পবিত্র রমজানকে সামনে রেখে 'মহিমান্বিত মাহে রামাদান ও আমাদের করনীয়' শীর্ষক সেমিনারের আয়োজন করেছে নিউইয়র্কের আলেম-উলামাদের সংগঠন ইমাম কাউন্সিল অব ব্রঙ্কস। গত ১৭ ফেব্রুয়ারী সোমবার সন্ধ্যায় ব্রঙ্কসের নিরব পার্টি হলে এ অনুষ্ঠানের আয়োজন করে সংগঠনটি। মাহে রমজানে শারীরিক, মানসিক প্রস্তুতিসহ হালাল খাবারের বিষয়টির ওপর বিশেষ গুরুত্ব দেয়া হয় সেমিনারে।

সেমিনার পরিচালনায় ছিলেন এবং স্বাগত বক্তব্য রাখেন ইমাম কাউন্সিল অব ব্রঙ্কস'র সাধারণ সম্পাদক বাংলাবাজার জামে মসজিদের ইমাম ও খতীব মাওলানা আবুল কাশেম মোহাম্মদ ইয়াহইয়া। শুরুতে পবিত্র কুরআন থেকে তেলাওয়াত করেন মাওলানা আব্দুল হাদী জালালী।

সেমিনারে বিষয়কভিত্তিক প্যানেল আলোচনায় অংশ নেন হাফিজ মাওলানা ওয়াহি আহমেদ চৌধুরী, মাওলানা হামিদুর রহমান, মাওলানা রশিদ জামিল, মাওলানা আব্দুল লতিফ এবং মাওলানা আব্দুল হাদী জালালী। বিভিন্ন প্রশ্নের উত্তর দেন প্যানেল আলোচকরা।

অনুষ্ঠানে আলোচকরা পবিত্র কুরআন হাদিসের আলোকে মাহে রমজানের গুরুত্ব, তাৎপর্য ও ফজিলত বর্ণনা করেন। রমজানে ইফতার, সেহেরী, তারাবীর ফজিলতসহ সার্বিক প্রস্তুতি নিয়ে কথা বলেন।

মূলত: রমজানকে সামনে রেখে প্রবাসী বাংলাদেশী মুসলমানদের ব্যাপক প্রস্তুতির কথাই স্মরণ করিয়ে দেয়া হয় হয় সেমিনারে। আলোচকরা বলেন, রমজান মুসলমানের জন্য আল্লাহ তায়ালার নৈকট্য লাভের এক সুবর্ণ সুযোগ। এজন্য প্রয়োজন পূর্বপ্রস্তুতি। সঠিক পরিকল্পনা গ্রহণ। রমজানকে কীভাবে নিষ্ঠা ও ইখলাসের সঙ্গে আমল ও ইবাদতের মাঝে কাটানো যায়- সে চিন্তা করা। শারীরিক-মানসিকভাবে প্রস্তুতি গ্রহণ করা। রমজানে যেন জীবনের গতিপথ বদলে যায় নিজের আমলের মাধ্যমে এমন সংকল্প নেয়া। চারিত্রিক উৎকর্ষতা ও আত্মিক পরিশুদ্ধি সর্বক্ষেত্রেই যেন রমজানের প্রভাব পরিলক্ষিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে। মানুষের মাঝে ইসলামের সঠিক ধারণা ছড়িয়ে দিতে হবে। নতুন প্রজন্মদের মসজিদমুখি শিক্ষার কথাও বলেন বক্তারা।

বাংলাদেশী কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তারা ইমাম-ওলামাদের এমন আয়োজনের জন্য সাধুবাদ জানান।

পরে দেশ, জাতি, মুসলিম উম্মাহ ও বিশ্ব মানবতার জন্য আল্লাহর রহমত কামনায় মোনাজাতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।

বাংলাদেশ কনস্যুলেটে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন





(১ম পাতার পর)

তাদের আত্মার মাগফেরাত কামনা করে এবং দেশের অব্যাহত শান্তি ও সমৃদ্ধির জন্য বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। এ সময় কনসাল জেনারেল মো. নাজমুল হুদা মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫-এর ঐতিহাসিক প্রেক্ষাপট ও তাৎপর্য তুলে ধরেন। অনুষ্ঠানে ইকোনোমিস্টস কান্ট্রি অব দ্য ইয়ার ২০২৪ ও জুলাই অনির্বাণ নামে দুটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

এর আগে কনসাল জেনারেল মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে সম্মিলিত বিশ্ববিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানমালার উদ্বোধন করেন এবং বাংলাদেশ সোসাইটি কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে একুশের প্রথম প্রহরে অস্থায়ী ভিত্তিতে নির্মিত শহিদ মিনারে ফুল দিয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা জানান।



কোরান তেলাওয়াত প্রতিযোগিতার দ্বিতীয় রাউন্ড সম্পন্ন
































সাহিত্য সাময়িকী

আলস্যময় দিন

আশরাফ মীর

আমাদের সব কথা বলা হয়নি
আবেগের দিনগুলি দিনান্তে
ঘোরলাগা একাকীত্বে সব কথা বলা হয় না।

গহীন অরণ্যে আচ্ছাদিত মায়াবী আলিঙ্গন
আমাদের বনভোজনের দিন
আমাদের অফুরান অভিমান
আমাদের অশেষ দিন বেহিসেবী দিন
আমাদের আলস্য যাপন।

আমাদের দিনগুলি উড়ে হাওয়ায় হাওয়ায়
নিসর্গপ্রণয় অনুক্ষণ অম্লান সান্নিধ্যে
মহৎ প্রকৃতিবিদ হয়ে যায়।

জন্মকুসুম

ফারুক আহমেদ রনি

আমি জন্মেছিলাম একবার,
কিন্তু মরছি বারবার, মৃত্যুর জন্য দায়ী
কোমলপ্রাণ বিশ্বাস, অন্ধকারের উদ্যত ফণা
তারপর, ঘিরে রেখেছিলো একদল পোকা
ছিলাম তাদের দখলে,
চেটে খেয়েছে আত্মা, নিঃশ্বাস,
হাড়গোড় ফালি ফালি করেছে,
সময়ের করাতে বিকৃত করছে নশ্বরতাকেও
তারপর কেটেছে অস্তিত্ব।

আমিতো চক্ষুহীন জন্মান্ধ
পুষ্পমল্লিকা কেমন দেখা হয়নি,
শুঁকেছি পিঁপড়ের গন্ধ, ঠিক যেনো
মৃত শোকেদের গন্ধের মতো
যেন শুকিয়ে যাওয়া চোখের জলের অম্ল,
আরেক অচেনা শোক।

আমার মধ্যে জীবন্ত একদল ছায়া,
আমি নির্বাক, তাদের পীতবর্ণ ধ্বনি
বুকের ভেতরে গড়েছে অগ্নিম্লান বাগান
যেখানে মূর্ছনা কুড়াই,
ফুল পাতার বদলে কেবলই বিষাক্ত ছাই।

মাঝে মাঝে নীরবতার গভীরে
কোনো এক অচেনা ডাক
ধূসর কোলাহল,
অথবা অনন্ত শূন্যের জন্মগৃহে
যেখানে সারি সারি মৃত জরায়ু
নীলজলের সাঁতার।

আমি জন্মেছিলাম একবার,
কিন্তু মরতে মরতে জেনেছি,
জন্ম আসলে এক দীর্ঘ প্রতীক্ষা
নির্বাণ অথবা নতুন এক শূন্যতার ভেতর
ঈর্ষার আগুনে পোড়া মৃতশব।

কাটলেট রাত

আলম মাহবুব

এ শহরে আমার আকাশ নাই
চটকদারী রঙের বিজ্ঞাপনে আবোলতাবোল গান
তুমি বলবে জানি অনুরাগের শরীরে
দুঃখী গাছেরা হারিয়ে যায় পরিপাটি শিশির জীবনে।

চকোলেট চুষে যারা বেঁচে থাকে অন্ধকারের কলায়
তোমার আঙুলের ডগাতে যেমন নদী নাচে
কচি ঘাস ওড়ে প্রজাপতি ডানায়
মেঘরাঙা ডাউন ট্রেনে যখন বৃষ্টি আসে
স্যুয়ারেজের থেকে উপচে ওঠা দুর্গন্ধে আমার
ভেসে যায় কবিতার রোমান্টিক প্রহর।

এ শহরের পার্কে বিকেলের বেঞ্চে আর ফাঁকা নেই
রঙিন স্কার্টের বাকবাকুম শব্দে প্রহর হয় লাল
তুমি বলবে জানি মুক্তপ্রেম অন্তর্বাস খোলা
বাদাম টিপে নুনের অপচয় কাক-শালিকের দ্বন্দ্ব।

এ শহরে ছেলেবেলার প্রজাপতি সুখ নাই
ড্রয়িং রুমের দেয়ালে মোনালিসার মেকী হাসি
পাঁচতারায় উদাম উরু ভিজে স্যাম্পেনের ফেনায়
দু'চোখে ঘুম নেই কারো কাটলেট চিবিয়ে নিয়ন রাতে।

আয়ুকাল

আতাউর রহমান মিলাদ

আয়না বিক্রী করে, বড় রাস্তার মোড়ে
দেখে না নিজের মুখ, দাঁড়ায় করজোড়ে
'আয়না আয়না চেচায়', কেউ আসে ডাক শুনে
কেউ দেখে আড়চোখে, গন্তব্যে পথ গুণে
দোকান সাজিয়ে ভাবে, বিক্রী ভালই হবে
আসলে মানুষ বিকোয়, জিনিস হয়েছে কবে!

কই যায় মানুষ, একটু সময় দাঁড়া
সীমিত আয়ুর কাল, কীসের এতো তাড়া!
পকেটে জোনাকী খোয়াব, আহত বসন্ত কারও
মাটি ও মনের দূরত্ব, সময় হয়েছে গাঢ়ও
আয়নায় দেখে না মুখ, আস্তরে ঢাকা প্রাণ
দেহের দপ্তরে ঘাম, গলিত সূর্যের ঘ্রাণ
নির্লিপ্ত কালের গ্রীবা, আয়না দেখার নেশা
বিবিধ রঙের মুখ, আদিম আগুন ঘেষা।

জলকথা

জসীম উদ্দীন মুহম্মদ

তারাখসার মতো ভেজাজলের শরীর থেকে খসে পড়ে
ঘ্রাণ, উজবুক পৃথিবী! অতঃপর চুইয়ে চুইয়ে এসে ছুঁয়ে
দেয় কোনো এক অঘ্রাণ, মর্ত্যের দানব-দানবী ওরা!
কেউ তাকিয়েও দেখে না; কেবল আমি ভাবি একলা,
শুধুই একলা... কী হয় ওতে?
জলের সমস্ত শরীরে এখন হাড়গিলা খুঁজলি-প্যাঁচরা!

হয়ত একদিন জলকানা ছিলাম, এখন রাতকানা,
দিনকানা; তবুও কি মিটে গেছে জলের তেষ্টা? তবুও কি
হালে পানি পেয়েছে নির্জীব কাঠের পুতুলের প্রচেষ্টা?
আমি কোন প্রশ্ন রাখছি না বোদ্ধা পাঠক, কেবল
অমূল্য, অতিমূল্য, সুলভ, দুর্লভ জলের কথা বলছি!

এই কবিতা লিখতে লিখতেই আবারো জলের হানা
ধূমধাম প্রসব করছে মেঘ এক একটি পূর্ণ বয়স্ক বাচ্চা!
কোথায় নেই সেই জলের অভিধান, জল পতনের শব্দ,
খসড়া জলের গান- ইত্যাদি; কেউ কোনোদিন জানে না
জানতেও চায় না....আমার বোদ্ধা জলের খতিয়ান!

একটি ভোরের গল্প

আদ্যনাথ ঘোষ

এই মায়ের সিথান, এই পলাশের রাঙা রোদ,
দিনভর খেলা করে আদরের আলপনা দিয়ে।
কতো তার স্বাধীনতা, কতো তার গর্বিত জনম!
উড়ে চলা প্রজাপতির এতোসব সুখের ভাঁজে,
এখন ভোরের গল্প ভেসে আসে-
ধানের শীষের মতো মাথা উঁচু করে-
কতো শত রাত্রির স্বপ্নমাখা জন্ম-উৎসব।
আজ আর কথা নয়,
আজ শুধু ছোপ ছোপ রক্ত দিয়ে গড়ে ওঠা,
বাংলার গোটা গোটা বর্ণের শরীর নিয়ে-
এসো, সৌধ সাজাই।
এসো, নদীর টলটলে জলের ফোঁটায়-
খেলা করি সূর্যের ভেসে আসা আলোর বন্যায়।
তাই ঠোঁটের চুম্বনে ঝরে পড়ে আমার বর্ণমালা।

বাংলাদেশ কনস্যুলেটে ব্যবসা-বিনিয়োগ বিষয়ক আলোচনা সভা







(শেষ পৃষ্ঠার পর)

ব্যক্তিবর্গ উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশে বিনিয়োগ পরিস্থিতি ও সম্ভাব্য বিনিয়োগ বান্ধব সংস্কারের উপর একটি ওয়েবিনারের ভিডিও প্রদর্শন করা হয় যেখানে বাংলাদেশ ইনভেস্টমেন্ট ডেভেলপমেন্ট অথরিটি (ইওউঅ) এর নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী ও প্রধান উপদেষ্টার বিশেষ দূত লুৎফে সিদ্দিকী বক্তব্য প্রদান করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি সোনালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ও সোনালী এক্সচেঞ্জ কোং ইনক্, যুক্তরাষ্ট্র এর পরিচালনা পর্ষদ এর চেয়ারম্যান মোহাম্মদ মুসলিম চৌধুরী তাঁর বক্তব্যে বাণিজ্য-বিনিয়োগসহ সকল ক্ষেত্রে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণে সকলকে নিয়ে কাজ করার আশাবাদ ব্যক্ত করেন। প্রবাসী বাংলাদেশীদের বিনিয়োগে নিরাপত্তা নিশ্চিত কল্পে সরকার ঘোষিত বিভিন্ন কার্যক্রমের কথা উল্লেখ করে তিনি প্রবাসীদের বাংলাদেশে বেশী বেশী করে বিনিয়োগের আহবান জানান। আর্থ-সামাজিক উন্নয়নে রেমিট্যান্সের গুরুত্ব বর্ণনা করে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি করার ব্যাপারে একচেঞ্জ হাউসগুলোকে পদক্ষেপ গ্রহনের আহবান জানান। বর্তমান বিশ্ববাস্তবতায় সব দেশের ন্যায় বাংলাদেশও অর্থনৈতিক ক্ষেত্রে যে সকল চ্যালেঞ্জ মোকাবেলা করছে তা তুলে ধরেন। পরে তিনি সভায় অংশগ্রহণকারীদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন। অন্তর্বর্তীকালীন সরকারের বিভিন্ন সংস্কার কর্মসূচীর বিষয়ে আলোকপাত করে তিনি সহজতর এবং বিনিয়োগ বান্ধব প্রক্রিয়া চালু করার বিষয়ে সবাইকে আশ্বস্ত করেন।

সোনালী এক্সচেঞ্জের সিইও মহসিন কবির তাঁর বক্তব্যে প্রচলিত বিনিয়োগের পাশাপাশি স্টক ও বন্ডে বিনিয়োগের সুবিধাসমূহের উপর প্রবাসীদের দৃষ্টি আকর্ষণ করেন। রেমিট্যান্সের ক্ষেত্রে সরকারী প্রণোদনার সুবিধা গ্রহনপূর্বক তিনি সকলকে বৈধপথে রেমিট্যান্স প্রেরণের আহবান জানান।

কনসাল জেনারেল মোঃ নাজমুল হুদা তাঁর স্বাগতিক বক্তব্যে বাংলাদেশকে ব্যবসা-বিনিয়োগের এক অপার সম্ভাবনার দেশ হিসেবে উল্লেখ করেন। বাংলাদেশের ক্রম-বর্ধমান অর্থনীতি, দ্রুত বিকাশমান শিল্প ও সেবাখাত, তরুণ জনগোষ্ঠী, পরিশ্রমী এবং মেধাবী শ্রমের সহজলভ্যতা, দ্রুত-প্রসারমান প্রযুক্তি-সামর্থ্যসহ প্রাসঙ্গিক বিষয়গুলো উল্লেখ করে তিনি সবাইকে বাংলাদেশের আকর্ষণীয় বিনিয়োগ সুবিধাসমূহ গ্রহন করার আহবান জানান। অধিকতর ক্রয়-ক্ষমতা সম্পন্ন একটি উদীয়মান মধ্যবিত্ত জনগোষ্ঠীসহ বাংলাদেশকে তিনি একটি বড় সম্ভাবনাময় বাজার হিসেবেও চিত্রিত করেন। ২০২৪ পরবর্তী বদলে যাওয়া বাংলাদেশ সংস্কার ও সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে একটি শক্তিশালী অর্থনীতির গণতান্ত্রিক দেশে রূপান্তরের প্রক্রিয়ায় সক্রিয় রয়েছে বলে তিনি মন্তব্য করেন।

সভায় অংশগ্রহনকারী সকলে অনুষ্ঠানটি আয়োজনের জন্য বাংলাদেশ কনস্যুলেট জেনারেল ও সোনালী এক্সচেঞ্জ কে ধন্যবাদ জ্ঞাপন করেন। সভায় আগত অতিথিদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশের সাবেক সাংসদ ও রূপসী বাংলা টিভির আনিসুজ্জামান খোকন, আমেরিকা বাংলাদেশ চেম্বার অফ কমার্স এর চেয়ারম্যান গিয়াস আহমেদ ও প্রেসিডেন্ট আসেফ বারী টুটুল, সেন্টার ফল এনআরবির-র চেয়ারম্যান শেকিল চৌধুরী, এবিএস গ্রুপের রফিক খান প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি

বিড়ম্বনা এড়াতে 'আটাব' সদস্যদের কাছ থেকে এয়ার টিকেট কেনার পরামর্শ







(শেষ পৃষ্ঠার পর)

হাইটসের নবান্ন পার্টি সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনের সভাপতি মোহাম্মদ সেলিম (হারুন) বলেছেন, যুক্তিসঙ্গত বিভ্রান্তি এড়াতে 'আটাব'র ৩৪ জন সদস্যের ট্রাভেল এজেন্সির কাছ থেকে টিকেট কিনুন। আটাব সদস্যদের কাছ থেকে টিকেট ক্রয় করলে পরবর্তীতে ভ্রমণ সংক্রান্ত যে কোনো সমস্যা বা সহায়তার প্রয়োজন হলে আটাব সহযোগিতা দেবে।

সংবাদ সম্মলেন পঠিত লিখিত বক্তব্যে 'আটাব' সভাপতি মোহাম্মদ সেলিম (হারুন) আরো বলেন, ট্রাভেল এজেন্সির ব্যবসা অত্যন্ত সম্মানজনক পেশা। ক্রেতা ও ট্রাভেল ব্যবসায়ীদের স্বার্থ রক্ষার্থে 'আটাব' নামে সংগঠনটি প্রতিষ্ঠিত হয়েছিল। বর্তমান কমিটি গত ২৬ ডিসেম্বর ২০২৩ সাল থেকে অত্যন্ত নিষ্ঠার সাথে সংগঠনের কার্যক্রম চালিয়ে আসছে।

লিখিত বক্তব্যে আরো জানানো হয়, এই সংগঠনের মূল লক্ষ্যই হচ্ছে প্রত্যেক গ্রাহক যাতে সর্বোচ্চ সেবা এবং সহযোগিতা পায় সেই দিকে গুরুত্ব দেওয়া, কোন প্রকার অনৈতিক অনিয়ম যাতে না হয় এবং সাংগঠনিক তৎপরতা অব্যাহত থাকবে। 'আটাব'র সদস্য না কিংবা 'আটাব'র রেজিস্ট্রেশন পান নাই এমন কোন এজেন্সির সাথে লেন-দেনে যাবেন না। যদি কেউ লেন-দেন করেন সেটা ক্রেতার একান্ত নিজস্ব সিদ্ধান্ত। 'আটাব' কোন প্রকার দায়িত্ব গ্রহণ করবে না। গ্রাহক যদি কোন বিষয়ে কোন এজেন্সির বিরুদ্ধে অভিযোগ করেন তাহলে সাংগঠনিকভাবে খতিয়ে দেখে দোষী এজেন্সির বিরুদ্ধে সংগঠনের গঠনতন্ত্র মোতাবেক পদক্ষেপ গ্রহণ করা হবে। বর্তমানে হজ্জ ভিসার জন্যে কোন এজেন্সির কাছে কোটা নাই। ২০২১ এর পর থেকে কোন এজেন্সিকে সৌদি হজ্জ মন্ত্রনালয় ভিসার কোটা দেয় নাই, হজ্জে যেতে ইচ্ছুক ব্যক্তিরা 'নুসুক'র মাধ্যমে রেজিস্ট্রেশন করে হজ্জের প্যাকেজ কিনতে পারবেন, তাও ক্রেডিট কার্ড এর মাধ্যমে, কোন ক্যাশ পেমেন্ট গ্রহণযোগ্য নয়। 'আটাব'র পক্ষ থেকে অনুরোধ, আপনারা অ্যাটাব'র সদস্যদের মাধ্যমে টিকেট কিনে নিজের ভ্রমণ যাত্রাকে নিশ্চিত করুন। হজ্জ ও ওমরা সংক্রান্ত বিষয়ে যদি কোন প্রকার সহযোগিতার প্রয়োজন হয় তাও অ্যাটাব'র সদস্য পদ পাওয়া এজেন্সির সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। আটাব সদস্যদের অনেকের ওমরা হজ্জের লাইসেন্স আছে। আটাব সর্বাত্তক সহযোগিতা প্রদানে প্রস্তুত। লিখিত বক্তব্য পাঠের পর উপস্থিত সাংবাদিকগণ কয়েকটি প্রশ্নের জবাব দিয়েছেন সংগঠনের কর্মকর্তাগণ।

সংবাদ সম্মলনে এস্টোরিয়া ডিজিটাল ট্রাভেল্স এর নজরুল ইসলাম বলেন, প্রায় দুই যুগ ট্রাভেল্স ব্যবসায় সুনামের সাথে কাটিয়ে দিলাম, এটা আমাদের জীবনে ব্রেড এন্ড বাটার। আমরা চাই না এই ব্যবসা কিছু বিতর্কিত ব্যক্তিবর্গের কারণে কলুষিত হোক। গ্রাহক সেবার মান অবশ্যই বজায় রাখতে হবে। সেল সেল বলা বিজ্ঞাপনের কোন মানে নেই, এখন এয়ারলাইন্সগুলি কোন সেল দেয় না। যেমন একজন ব্যক্তি বা পরিবার যদি আগামী সামারে ছুটির মওশুমে দেশে যেতে চায় তাহলে তাকে যত তাড়াতাড়ি সম্ভব টিকেট কাটতে হবে, তাহলেই তিনি বা তারা অবশ্যই অনেক কম মূল্যে টিকেট পাবেন। যতো দিন যাবে, ততো টিকেটের মূল্য বৃদ্ধি পাবে তা একেবারে নিশ্চিত।

এ্যাঙ্কর ট্রাভেলস'র এএসএম উদ্দিন পিন্টু বলেন,সংবাদ সম্মলেন আজ যে সকল প্রশ্ন এসেছে, তা থেকে কিছু গুরুত্বপূর্ণ বিষয়ে সাংগঠনিকভাবে আলোচনা করা দরকার। যাতে ভবিষ্যতে আমাদের সম্মানিত গ্রাহকদের মানসম্পন্ন সেবা দিতে পারি। এক প্রশ্নের আটাব সভাপতি সেলিম হারুন বলেন, বাংলাদেশী যারা ট্রাভেল ব্যবসায় আছেন কিন্তু এখনো আটাব এর সদস্য হননি তাঁরা প্রয়োজনীয় কাগজপত্র সহ আবেদন করতে পারেন।

এয়ারলাইন্স ও টিকেট ক্রয় সম্পর্কে বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়েছেন সংগঠনের সভাপতি মোহাম্মদ সেলিম (হারুন), আটাব সেক্রেটারি ও স্কাইলাইন ট্রাভেলসের মাসুদ মোর্শেদ, রহমানিয়া ট্রাভেলসের মাওলানা এম কে রহমান মাহমুদ, ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া'র প্রেসিডেন্ট ও সিইও নজরুল ইসলাম, জেড ট্রাভেলসের প্রেসিডেন্ট মাসুদ রানা তপন, অ্যাংকর ট্রাভেলসের এএসএম উদ্দিন পিন্টু ও নাবিলা ট্রাভেলসের প্রেসিডেন্ট আবুল কালাম আজাদ।



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো

Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং প্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মান্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকার যে কোন নতুন ব্যবসায় নূন্যতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসায় স্থায়ীভাবে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্র ১ মিলিয়ন বা তারও ৫ লক্ষ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার মাধ্যমে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিদেশস্থ এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কেনা-বেচাসহ যাবতীয় সম্পত্তি আপনি ও আপনার পরিবার বা উত্তরাধিকারীদের নিকট পাঠান এবং দু'বছর পর ট্রু কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার ক্রিমেল এসেট ক্লেইম, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিলেশনশিপসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplle@gmail.com, Web: www.k-lplle.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- স্লিপ ট্রিপিংস
- ত্রুটিপূর্ণ পণ্য জন্য
- অ্যাকোর্ড বা বই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্বন্ধীয়
- কাজের সময় দুর্ঘটনা
- বিনিময় প্রেয়র বা প্রেসক্রাইব না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়ে, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করপোরেশন, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমারসের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিভিন্নমুখী -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ স্টেশনের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation: Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting: Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Member: naea

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্‌ক



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

আবশ্যক

দোভাষী আবশ্যকঃ ম্যাডিকেল অফিসে দোভাষী আবশ্যক। ৩৫ ডলার ঘন্টা দুই ঘন্টা মিনিমাম। বাংলা- ইংরেজী।

Ebt Associates. Text করুন ৯১৭ ৫৭৫ ৬১২৫

আবশ্যকঃ জ্যাকসন হাইটস এ মেডিকেল অফিসে লাইসেন্স ফিজিসিয়ানের সাথে কাজ করার জন্য লাইসেন্সধারী একজন ফিজিসিয়ান এ্যাসিস্ট্যান্ট (চঅ) নিয়োগ দেয়া হবে। বাংলা জানতে হবে। যোগাযোগঃ ৬৪৬-৫৩৩-২১০২.

লোক আবশ্যকঃ
Smoke shop, Lotto convinience store এ কাজ জানা অভিজ্ঞ ফুল টাইম কাজের লোক আবশ্যক। বেতন ক্যাশ পে করা হবে। Address: 408, 83rd St, Elmhurst, NY 11373. Cell: 929-355- 1461.

লোক আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে এর জন্য রাতের জন্য (Over night) লোক আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৬৯-১০৬৬.

আবশ্যকঃ
সাবওয়ে রেস্টুরেন্টে কাজের জন্য অভিজ্ঞ লোক প্রয়োজন। ভালো ইংরেজি জানতে হবে। 25- 27B parsons blvd. Cheque payment only.। ফোন- ৩৪৭-২১৭-০৪৭২ (জেরি)।

আবশ্যকঃ
ম্যানহাটানে অবস্থিত ক্যান্ডি স্টোরের জন্য লোক আবশ্যক। যোগাযোগঃ ৯১৭-৭১৪-২৩৬০, ৯১৭-৪০০-৭৯১১.

আবশ্যকঃ
এস্টোরিয়াতে অবস্থিত ইঞ্জুরি ল' অফিসের জন্য অভিজ্ঞ সেক্রেটারি প্রয়োজন। প্রার্থীকে ইঞ্জুরি ল' অফিসের কর্মের সার্টিফিকেট দিতে হবে। যোগাযোগ: ৭১৮-২৬৭-১৮০০
southeasternmgm@gmail.com

পাত্র-পাত্রী

পাত্রী চাইঃ ফ্যামিলি-ওরিয়েন্টেড, ভদ্র, সায়েন্টিস্ট (পিএইচডি অধ্যায়নরত-**CS**), বয়সঃ ২৭, উচ্চতাঃ ৫'৮", কমপ্লেক্সশনঃ উজ্জ্বল শ্যামলা, পার্মানেন্ট রেসিডেন্ট পাত্রের জন্যে কমপ্যাটিবল পাত্রী চাই। পাত্র ব্রিফলি ডিভোর্সড।
যোগাযোগঃ
abdurrahman.bd144@gmail.com (পাত্র নিজে)

পাত্র চাইঃ সম্ভ্রান্ত মুসলিম পরিবারের ইউএসএ সুন্দরী, শিক্ষিত পাত্রীর জন্য শিক্ষিত পাত্র আবশ্যক। যাদের স্টুডেন্ট ভিসা আছে তাদের কে অগ্রাধিকার দেয়া হবে। কল করুন-৩৪৭-৪০০-৮৮০১.

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯
অথবা ৩৪৭-৮৪৯-৭৫২৩

রুমমেট

রুমমেট আবশ্যক : নিউইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্টিটের উপরে এক তলায় এবং দ্বি-তলায় রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

রুমমেটঃ এ মাস থেকে ১ জন রুমমেট আবশ্যক। এলমহার্স্ট সাবওয়ে সাথে। একজন মেয়ের সাথে শেয়ারে থাকার জন্য। একজন মেয়ে বা মহিলা আবশ্যক। ৪২-২৫, লেটন স্ট্রীট। ৯২৯-৪০১-৯৫০১.

রুমমেট আবশ্যকঃ ৯০ স্ট্রীট ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং এ অধূমপায়ী একজন হিন্দু রুমমেট আবশ্যক। জুলাই শেষ থেকে ভাড়ার যোগাযোগঃ ৩৪৭-৮৩২-৮১৫৫.

রুমমেটঃ রুমমেট আবশ্যক। এস্টোরিয়া স্টাইনওয়ে স্ট্রীট এম, আর ট্রেনের অতি নিকটে একজন অধূমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৭১৮-৭৭২-৪৮৭৯.

রুমমেটঃ জ্যামাইকায় জুলাই মাস থেকে একজন রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৬৪৬-৮৯৭-৮৯৭৮.

রুমমেটঃ জ্যাকসন হাইটস প্রাইম লোকেশন ৭৩ স্ট্রীট ৩৫ এভিনিউ, (আপনা বাজারের সামনেই) এপার্টমেন্ট বিল্ডিং এ কর্মজীবী পুরুষ ১জন, জুলাই মাস থেকে (বিল সহ ৫৬০ ডলার) ভাড়া হবে। যোগাযোগ: ৬৪৬ ৬৬৭ ৯০২০

রুমমেটঃ রুমমেট আবশ্যক। জ্যাকসন হাইটস এলাকায় সাবওয়ের নিকটে মনোরম পরিবেশ জুলাই থেকে রুমমেট আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৪৫- ৯৩২৪.

রুমমেটঃ রুমমেট চাই। জ্যাকসন হাইটস/ সানিসাইডের সাবওয়ের সন্নিকটে ব্যাচেলারদের সাথে থাকার জন্য অধূমপায়ী, মদ্যপ নহে পরিচ্ছন্ন রুমমেট চাই। ৯২৯-৩২৮-৭০৭৯, ৬৪৬-৯৪৪-২২১২.

রুম ভাড়াঃ ১লা জুলাই হতে জ্যাকসন হাইটস এলমহার্স্ট হসপিটাল, এম ও আর সাবওয়ের সাথে একটি বড় বেডরুম সাবলেট দেয়া হবে। (স্বামী- স্ত্রী/ ছাত্রীর) কাছে। যোগাযোগঃ ৭১৮-৬৯৬-৭৬৮১, ৪৭৫-২০৯-০৩৯৪.

বাসা ভাড়া

বাসা ভাড়াঃ
ব্রঙ্কসের ৬ ট্রেন এর জেরেগা সাবওয়ের নিকটে মসজিদ, স্কুল ও মেডিকেল সেন্টার এর পাশে একটি ৩ বেডরুমের বাসা লিভিংরুম, ডাইনিং রুম, কিচেন ও বাথরুম সহ ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭- ৭৪৮-৮৭৪৫। সময়- সকাল ৯টা থেকে রাত ১০টা।

বেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: **917 863-9002.**

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

বাড়ি ভাড়াঃ
নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে।
যোগাযোগ : **917-495-1391**
917-495-3908.

বাসা ভাড়া

রুম ভাড়া: প্রাইম লোকেশনে ১লা মার্চ থেকে সম্পুর্ন নিরাপদ ও ভালো পরিবেশে ফ্যামিলির সাথে থাকার জন্য। ১জন স্টুডেন্ট অথবা কর্মজীবী বাঙালি নারীর জন্য এক রুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ
105-10 217th Lane Queens village NY-11429 Subway E/F to Bus Q110 Q2 LIRR Mobile. 646-934-3056

বাসা ভাড়াঃ
১লা ফেব্রুয়ারি থেকে হি-লসাইড এফ ট্রেনের ২ ব্লকের মধ্যে স্বামী-স্ত্রী অথবা ১/২ জন ব্যাচেলারের কাছে বেসমেন্ট ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৯৩৫-২৮৭০.

বাসা ভাড়াঃ
ইস্ট এলমহার্স্টে সুন্দর নিরিবিলি পরিবেশে বাস স্টপ ৪৭,৩৩, ১৯, ৬৯ এর খুবই সামনে লাক্সারী প্রাইভেট হাউজে ৩ বেডরুম, বিশাল লিভিংরুমসহ ৩য় তলা ভাড়া হবে। বাসা এখন থেকে রেডি আছে। যোগাযোগঃ ৩৪৭-৩৫৫-৫০৩৭.

বাসা ভাড়াঃ
উড হ্যাভেন ৮০ স্ট্রীট J ট্রেনের সাবওয়ের নিকটে 1st ফ্লোরে ১বেড, ১ লিভিং, কিচেন ও বাথরুমসহ মার্চ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৭১৮-৬০৭-৮১৬৮।

বাসা ভাড়াঃ
১৬১-৪৪, ৮৬ এভিনিউ জ্যামাইকা, হিলসাইড, ৩ বেডরুমের ১ম তলায় একটি বাসা ভাড়া হবে ফেব্রুয়ারি মাস থেকে। পাশে সাবওয়ে এফ ট্রেন। যোগাযোগঃ ৭১৮-৬৮৭-৯৭৩৫ আলম, ৭১৮-৬৮৭-৯৩৮১ ফরিদা।

রুম ভাড়াঃ
১ অক্টোবর থেকে একটি বড় রুম ভাড়া দেয়া হবে. শুধুমাত্র একজন মহিলার/মেয়ের জন্য। জামাইকার হিলসাইড অ্যাভিনিউ এবং ১৮৭ রাস্তার কাছে। পাতাল রেল এবং সমস্ত বাস থেকে হাটার দূরত্ব। বিস্তারিত জানতে কল করুন: ৯১৭-৫৬১-২৭৪৫, ৯২৯-৬০৩-৬৬৯৬.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা ১৭৭-২২, ১০৬ রোড, এক ব্লক দূরে বাস স্টপ এফ ট্রেন সাবওয়ে থেকে ১০/১২ মিনিট হাঁটার পথ। বাসার কাছেই মসজিদ। একটি তিন বেড, দুই বাথ, লিভিং রুম, কিচেন, ভাড়া দেয়া হবে। নভেম্বর মাস থেকে। মাসিক ভাড়া ৩০০০ ডলার (সব বিলসহ)। যোগাযোগ করুনঃ ৬৪৬-৩৩১-৫৬৫২.

বেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা মুসলিম সেন্টার মান্নান গ্রোসারী ই ট্রেন হি লসাইড এবং টিলি পার্কের সন্নিকটে দুই বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। ৩৪৭-২৫৯-২৯৫৪, ৩৪৭-২৫৫ ৪৮৪৬.

বাসা ভাড়াঃ
October থেকে 2 room full attic বাথরুম কিচেন। গ্যাস বিদ্যু ওয়াইফাইসহ বাংলাদেশি গ্রোসারী, মসজিদ ও F train subway এর নিকটে 187/91 avenue Jamaica ভাড়া হবে।
ফোনঃ ৯১৭- ৬৩৪-৪৮৬৫.

এপার্টমেন্ট ভাড়াঃ
উডসাইড, কুইন্স, নিউইয়র্ক এপার্টমেন্ট ভাড়া হবে। ৩ বেডরুম, লিভিং এবং এক বাথরুম। যোগাযোগঃ সৌরভ: ৯২৯-৩৬৪-৬১৭৪, ৭১৮-২০৫-৯৬৩৬.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা ইয়র্ক কলেজের পাশে ই ট্রেন সংলগ্ন ২ বেডরুম ২ বাথ রুমসহ বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ
৭১৮-৩৫০-৬৫৬৭, ৯২৯-৬০৬-৫১৩৪.

banglapatrikausa@gmail.com
সফলতার ২৮ বছরের বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

ডাক্তার পাত্রের জন্য পাত্রী চাই
৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড, সুদর্শন ডাক্তার পাত্রের জন্য সরাসরি অথবা ঘটক যোগাযোগ করুন।
Email: hmurshedmd@gmail.com
Phone: 850 866 9012

বাসা ভাড়া:
Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693.
যোগাযোগ : 347-635-0705.

বাসা ভাড়াঃ
১০৭-৪৬ গাই-আর ব্রিউয়ার বুলেভার্ড, জ্যামাইকা, ২ ফ্যামিলির বাসার ২য় তলার তিন বেড, প্রশস্ত কিচেন, লিভিং রুমের বাসা ভাড়া দেয়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে (ব্যাচেলার/ফ্যামিলি)।
যোগাযোগঃ ৩৪৭-৬৫৪-৬৫০২.

বাসা ভাড়াঃ
২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা পারসন্স বুলেভার্ড এলাকায় এফ ট্রেন এর ২ মিনিট হাঁটার দূরত্ব, ৩ বেডরুম এর বাসার একটি রুম/ শেয়ারে ভাড়া হবে। শুধুমাত্র পুরুষ ব্যাচেলারের জন্য।
যোগাযোগঃ 929-261- 9941.

বাসা ভাড়াঃ
রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

বেসমেন্ট ভাড়াঃ
বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ।
যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

বেসমেন্ট ভাড়াঃ
জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার।
ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

House for rent: (1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

House For Rent: October 1st 3 bedroom 1 bath For rent in 2nd floor one block away from Mosque & Grocery . Q6 bus 3 stop to Sutphin Blvd E train . zip code 11433 . Next to Fresh Farm Halal Supermarket.
Contact- 347-925-3356 or 929-542-6400.

House for rent :
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

Apartment for rent:
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

Apartment for rent:
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

Apartment For Rent

3-bedroom apartment in private house in Jamaica near 177th St and Liberty Avenue available for rent. Please contact Mojib at (347) 234-8295.

টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩

ড্রাইভারঃ জ্যাকসন হাইটস ও উডসাইড এলাকায় র‍্যাভ-৪ ইয়েলো ক্যাব গাড়ির জন্য দিনের শিফটের জন্য একজন ড্রাইভার আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-২২৯-৬৮৩৬.

ড্রাইভারঃ TLC বাৎসরিক চুক্তিতে, চারশত মাস করে, আগ্রহীরা নিম্নের নম্বরে যোগাযোগ করুন। মোবাঃ **৬৪৬-৭০৪-৫৭৪৯.**

ইসলামের মৌলিক চারটি কাজ

জাফর আহমাদ

আল্লাহ তা'আলা বলেন,"যারা তাদের রবের নির্দেশ মেনে চলে, নামায কায়েম করে এবং নিজেদের সব কাজ পরস্পর পরামর্শের ভিত্তিতে চালায়, আমি তাদের যা রিযিক দিয়েছি তা থেকে খরচ করে।"(সুরা শূরা:৩৮)

এই সুরার ৩৬ নং আয়াতে আল্লাহ তা'আলা বলেন,"যা-ই তোমাদের দেয়া হয়েছে তা কেবল দুনিয়ার ক্ষণস্থায়ী জীবনের উপকরণ মাত্র। আর আল্লাহর কাছে যা আছে তা যেমন উত্তম তেমনি চিরস্থায়ী।"(সুরা শূরা:৩৬) তা সেই সব লোকদের জন্য:

(১) রবের নির্দেশ মেনে চলা: আয়াতে প্রথমে বলা হয়েছে, "যারা রবের নির্দেশ মেনে চলে।" শাব্দিক অর্থ হলো যারা "রবের আহবানে সাড়া দেয়।" অর্থাৎ আল্লাহ যে কাজের জন্য ডাকেন সে কাজের জন্যই ছুটে যায় এবং যে জিনিসের জন্যই আহবান জানান তা গ্রহণ করে। পক্ষান্তরে যে কাজের নিষেধের আহবান জানায়, সেই কাজ সাথে সাথে পরিত্যগ করে। আল্লাহর নির্দেশিত ও রাসুলুল্লাহ সা: কর্তৃক প্রদর্শিত পথে চলাকে আল্লাহ নির্দেশ মেনে চলার অন্তর্ভুক্ত। আল্লাহ তা'আলা বলেন," রাসুল যা কিছু তোমাদের দেন তা গ্রহণ করো এবং যে জিনিস থেকে তোমাদের বিরত রাখেন তা থেকে বিরত থাকো। আল্লাহকে ভয় করো। আল্লাহ কঠোর শাস্তিদাতা।"(সুরা হাশর:৭) আল্লাহ তা'আলা আরো বলেন,"হে মু'মিনগণ! তোমরা আল্লাহর আনুগত্য করো, রাসুলের আনুগত্য করো এবং নিজেদের আমল ধ্বংস করো না।"(সুরা মুহাম্মদ:৩৩) অর্থাৎ মু'মিনদের আমলসমূহের কল্যাণকর ও ফলপ্রসু হওয়া সম্পূর্ণভাবে নির্ভর করে আল্লাহ ও তাঁর রাসুলের আনুগত্যের ওপর।

আল্লাহ তা'আলা বলেন,"যখন আল্লাহ ও তাঁর রাসুল কোন বিষয়ের ফয়সালা দিয়ে দেন তখন কোন মু'মিন পুরুষ ও মু'মিন নারীর সেই ব্যাপারে নিজে ফায়সালা করার কোনো অধিকার নেই। আর যে কেউ আল্লাহ ও তাঁর রাসুলের নাফরমানী করে সে সুস্পষ্ট গোমরাহীতে লিপ্ত হয়।"(সুরা আহযাব:৩৬) এ আয়াতটি যদি একটি বিশেষ সময়ে নাযিল হয়েছিল কিন্তু এর মধ্যে যেই হুকুম বর্ণনা করা হয়েছে তা ইসলামী আইনের একটি বড় মূলনীতি এবং সমগ্র ইসলামী জীবন ব্যবস্থার ওপর এটি প্রযুক্ত হয়। এর দৃষ্টিতে যে কোন বিষয়ে আল্লাহ ও তাঁর রাসুলের পক্ষ থেকে কোন হুকুম প্রমাণিত হয় সে বিষয়ে কোন মুসলিম ব্যক্তি, জাতি, প্রতিষ্ঠান, আদালত, পার্লামেন্ট বা রাষ্ট্রের নিজের মতামত প্রকাশের স্বাধীনতা ব্যবহার করার কোন অধিকার নেই। মুসলমান হবার অর্থই হচ্ছে আল্লাহ ও তাঁর রাসুলের সামনে নিজের স্বাধীন ইচ্ছা-আকাংখা বিসর্জন দেয়া। কোন ব্যক্তি বা জাতি মুসলমানও হবে আবার নিজের জন্য এ ইচ্ছা-আকাংখ্যাও সংরক্ষিত রাখবে। এ দুটি বিষয় পরস্পর বিরোধী-এ দুটি কাজ এক সাথে হতে পারে না। কোন বুদ্ধিমান ব্যক্তি এ দুটি দৃষ্টিভংগীকে একত্র করার ধারণা করতে পারে না। যে ব্যক্তি মুসলমান হিসাবে বেঁচে থাকতে চায় তাকে অবশ্যই আল্লাহ ও রাসুলের সামনে আনুগত্য করতে হবে। আর যে মুসলমান নয়। যদি সে না মানে তাহলে নিজেকে মুসলমান বলে যত জোর গলা ফাটিয়ে চিৎকার করুক না কেন আল্লাহ ও বান্দা উভয়ের দৃষ্টিতে সে মুনাফিকই গণ্য হবে।

(২) সালাত কায়েম করা: যারা আল্লাহকে মহান রব এবং নিজেদেরকে তাঁর বান্দা হিসাবে স্বীকৃতি দিয়েছে, তারা আল্লাহর বান্দা হিসাবে নিজেদেরকে প্রমাণ করার জন্য সালাত কায়েম করতে হবে। এ জন্য সালাত ইসলামের মৌলিক ইবাদাত। আল কুরআনের মৌলিক চারটি পরিভাষার মধ্যে একটি হলো, 'উবুদিয়াত'। সালাত হলো, সেই 'উবুদিয়াতের" মৌলিক ও প্রধানতম উপাদান। এ জন্য যুগে যুগে কালে পৃথিবীর যখন যেখানে যেই নবী ও রাসুলগণই এসেছেন অর্থাৎ হযরত আদম আ: থেকে নিয়ে শেষ নবী মুহাম্মদ সা: পর্যন্ত সকল নবী ও রাসুল তাদের প্রত্যেকের উম্মতের ওপর সালাত ফরয ছিল। ইসলামের পরিপূর্ণ বাস্তব দৃশ্য ও রূপ প্রত্যক্ষ হয় সালাতে। এ জন্য সালাত শ্রেষ্ঠ ইবাদাত।

(৩) পরামর্শের ভিত্তিতে কাজ করা: এটি মু'মিনদের সর্বোত্তম গুলাবলীর অন্যতম। সুরা আলে ইমরানের ১৫৯ নং পরামর্শের ভিত্তিতে কাজ করার জন্য আদেশ করা হয়েছে। বলা হয়েছে, "দীনের ব্যাপারে বিভিন্ন পরামর্শে তাদেরকে অন্তর্ভুক্ত করো।" এ কারণে পরামর্শ ইসলামী জীবন প্রণালীর একটি গুরুত্বপূর্ণ স্তম্ভ। পরামর্শ ছাড়া সামষ্টিক কাজ পরিচালনা করা শুধু জাহেলী পন্থাই নয়, আল্লাহর নির্ধারিত বিধানের সুস্পষ্ট লংঘন। ইসলামে পরামর্শকে এই গুরুত্ব কেন দেয়া হয়েছে এর কারণসমূহ মুফাস্সিরিন গভীরভাবে চিন্তা করে তিনটি বিষয় উপস্থাপন করেছেন। (ক) যে বিষয়টি দুই বা আরো বেশী লোকের স্বার্থের সাথে জড়িত সে ক্ষেত্রে কোন এক ব্যক্তির নিজস্ব মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহন করা এবং সংশ্লিষ্ট অন্য ব্যক্তিদের উপেক্ষা করা জুলুম। যৌথ ব্যাপারে কারো যা ইচ্ছা তাই করার অধিকার নেই। ইনসাফের দাবী হচ্ছে, কোন বিষয়ে যত লোকের স্বার্থ জড়িত সে ব্যাপাওে তাদের সবার মতামত গ্রহণ করতে হবে এবং তাতে যদি বিপুল সংখ্যক লোকের স্বার্থ সংশ্লিষ্ট থাকে তাহলে তাদে আস্থাভাজন প্রতিনিধিদেরকে পরামর্শেও মধ্যে শামিল করতে হবে। (খ) যৌথ ব্যাপারে একক ব্যক্তি স্বেচ্ছাচারিতা বা স্বৈরাচারিতার চেষ্টা করে অন্যদের অধিকার নস্যাত করে নিজে ব্যক্তি স্বার্থ লাভ করার জন্য অথবা এর কারণ হয় সে নিজেকে বড় একটা কিছু এবং অন্যদের নগন্য মনে করে। নৈতিক বিচারে এই দুটি জিনিসই নমপর্যায়ের হীন। মু'মিনের মধ্যে এ দটির কোনটিই পাওয়া যেতে পারে না এবং অহংকারী বা আত্মপ্রশংসিত হতে পারে না যে নিজেকেই শুধু মহাজ্ঞানী ও সবজান্তা মনে করবে। (গ) যেসব বিষয় অন্যদের অধিকার ও স্বার্থের সাথে জড়িত সেসব বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ একটা বড় দায়িত্ব। যে ব্যক্তি আল্লাহকে ভয় করে এবং একথা জানে যে এর জন্য তাকে তার রবের কাছে কত কঠিন জবাবদিহি করতে হবে সে কখনো একা এই গুরুভার নিজের কাঁধে উঠিয়ে নেয়ার সাহস দু:সাহস করতে পারে না। এ ধরনের দু:সাহস কেবল তারাই করে যারা আল্লাহর ব্যাপরে নির্ভিক এবং আখেরাত সম্পর্কে বেখেয়াল। আল্লাহভীরু ও আখিরাতের জবাবদিহির অনুভূতি সম্পন্ন লোক কোন যৌথ বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে কিংবা তাদের নির্ভরযোগ্য প্রতিনিধিদেরকে পরামর্শ গ্রহণের ক্ষেত্রে অবশ্যই শরীক করার চেষ্টা করবে। যাতে সর্বাধিক মাত্রায় সঠিক, নিরপেক্ষ এবং ইনসাফ ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ করা যায়। এক্ষেত্রে অজ্ঞতাসারে কোন ত্রুটি হয়েও যায় তাহলে কোন এক ব্যক্তির ঘাড়ে তার দায়দায়িত্ব এসে পড়বে না।

এই তিনটি কারণ এমন যদি তা নিয়ে মানুষ গভীরভাবে চিন্তা-ভাবনা করে তাহলে অতি সহজেই সে একথা উপলব্ধি করতে পারবে যে, ইসলাম যে নৈতিক চরিত্রের শিক্ষা দেয় পরামর্শ তার অনিবার্য দাবী এবং তা এড়িয়ে চলা একটি অতি বড় চরিত্রহীনার কাজ। উসলাম কখনো এ ধরনের কাজের অনুমতি দিতে পারে না। উসলামে জীবন পদ্ধতি সমাজের ছোট বড় প্রতিটি ব্যাপারেই পরামর্শের নীতি কার্যকরী হোক তা চায়। পারিবারিক ব্যাপার হলে সে ক্ষেত্রে স্বামী-স্ত্রী পরামর্শ করে কাজ করবে। এবং ছেলে-মেয়ে বড় হলে তাদেরকেও শরীক করতে হবে। সামাজিক বিষয় নির্বাচিত দায়িত্ববান জ্ঞানী-বুদ্ধিমান ব্যক্তিবর্গ প্রতিনিধিত্ব করবে। জাতীয় বিষয়গুলোকে সে এমন সব ব্যক্তিবর্গেও পরামর্শ অনুসারে পরিচালনা করবে জাতি যাদেরকে নির্ভরযোগ্য মনে করে এবং ততক্ষণ পর্যন্ নেতা থাকবে যতক্ষণ পর্যন্ত জাতি তাকে নেতা বানিয়ে রাখতে চাইবে। কোন ঈমানদার ব্যক্তি জোরপুর্ব্বক জাতির নেতা হওয়া বা হয়ে থাকার আকাংখা কিংবা চেষ্টা করতে পারে না। ইসলামে পরামর্শ ভিত্তিক কাজ পরিচালনা নীতির এই ব্যাখ্যার সাথে এই মৌলিক কথাটির প্রতিও লক্ষ্য রাখতে হবে যে, মুসলমানদের পারস্পরিক বিষয়সমূহ পরিচালনাং এই শূরা স্বেচ্ছাচারী এবং সর্বময় ক্ষমতার অধিকারী নয়, বরং অবশ্যই সেই দীনের বিধিবিধান দ্বারা সীমাবদ্ধ আল্লাহর নিজেই যার জন্য বিধান রচনা করেছেন। সাথে সাথে তা সেই মূল নীতিরও আনুগত্য করতে বাধ্য যাতে বলা হয়েছে "যে ব্যাপারেই তোমাদের মধ্যে মতভেদ হবে তার ফায়সালা করবেন আল্লাহ।" এবং "তোমাদের মধ্যে যে বিরোধই বাধুক না কেন সে জন্য আল্লাহ ও তার রাসুলের কাছে ফিরে যাও।"

(৪) আল্লাহর রাস্তায় খরচ করা: আয়াতে সর্বশেষ বলা হয়েছে,"আমি তাদের যা রিযিক দিয়েছি তা থেকে খরচ করে।" অর্থাৎ খরচের প্রথম ভিত্তি হলো, আল্লাহ তাদেরকে যে হালাল রিযিক দান করেছেন তা থেকে খরচ করে, নিজের ব্যয়ভার নির্বাহের জন্য হারাম অর্থ-সম্পদের দিকে হাত বাড়ায় না। আল্লাহর দেয়া রিযিককে যক্ষের ধনের মত জমা করে রাখে না, বরং খরচ করে। আল্লাহ শুধু হালাল ও পবিত্র রিযিক বলে বর্ণনা করেন। অপবিত্র ও হারাম পন্থায় উপার্জিত রিযিককে তিনি তাঁর নিজের দেয়া রিযিক বলেন না। আল্লাহ মানুষকে যে রিযিক দান করেন তা খরচ করার জন্য দান করেন, জমিয়ে জমিয়ে সাপের মতো পাহারা দিয়ে রাখার জন্য দেন না। আল কুরআনের বিভিন্ন স্থানে ব্যয় করার জন্য বলা হয়েছে আর এই ব্যয় শুধু নিজের সত্তা ও প্রয়োজন পুরণের জন্য ব্যয় করা বুঝানো হয়নি। এ অর্থের মধ্যে আল্লাহর পথে ব্যয়ও অন্তর্ভুক্ত। আল্লাহ তা'আলা এ খরচ করাকে ঈমানদারদের সর্বোত্তম গুলাবলী মধ্যে মধ্যে গণ্য করেছেন এবং এ জন্য আখেরাতের কল্যাণসমূহ তাদের জন্যই নির্দিষ্ট করা হয়েছে।

সুরা বাকারায় কুরআনের হিদায়াত লাভ করার জন্য এটিকে চতুর্থ শর্ত হিসাবে বর্ণনা করা হয়েছে। সে-ই কুরআন থেকে হিদায়াত লাভ করতে পারে "যে রিযিক আমি তাদেরকে দিয়েছি তা থেকে খরচ করে।"(সুরা বাকারা:৪) সংকীর্ণমনা ও অর্থলোলুপ না হয়ে মানুষকে হতে হবে আল্লাহ ও বান্দার অধিকার আদায়কারী। তার সম্পদে আল্লাহ ও বান্দার যে অধিকার স্বীকৃত হয়েছে তাকে তা আদায় করার জন্য প্রস্তুত থাকতে হবে। যে বিষয়ের ওপর সে ঈমান এনেছে তার জন্য অর্থনৈতিক ত্যাগ স্বীকার করার ব্যাপারে সে কোন রকম ইতস্তত করতে পারবে না। নিজে মুসলমান হওয়ার সাথে সাথে নিজের পকেটকেও মুসলমান বানাতে হবে। অন্যথায় এই পকেটই একদিন তাকে অমুসলিমে পরিণত করে ছাড়বে।



Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels
কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates | السعودية SAUDIA | الإتحاد ETIHAD AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩



KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:
- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT	8 Weeks Course 4 Hours Each Class Total 32 Classes (4 days/week) Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm	Get **25%** Discount sign up by 4th July
SHSAT	8 Weeks Course 5 days/week Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm	
COMMON CORE MATH & ENGLISH	1st Grade to 6th Grade 8 weeks course 3 Hrs./day, 4 days/week Cost : 600.00	

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082



ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

(শেষ পৃষ্ঠার পর)

সংগঠনের সমন্বয়ে সম্মিলিত আন্তর্জাতিক মাতৃভাষা ও শহীদ দিবস উদযাপন কমিটির সার্বিক তত্ত্বাবধানে নিউইয়র্ক সিটির উডসাইডস্থ কুইন্স প্যালেসে উদযাপিত হয় মহান একুশে। বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি) বিকেল থেকে শুরু হওয়া নানান কর্মসূচি শেষ হয় একুশের প্রথম প্রহরে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারের আদলে নির্মিত অস্থায়ী শহীদ বেদিতে ভাষা শহীদদের শ্রদ্ধা জানানোর মধ্যে দিয়ে। অনুষ্ঠানমালায় ছিল আলোচনা, স্মৃতিচারণ, শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, সাংস্কৃতিক পরিবেশনা প্রভৃতি। অনুষ্ঠানের উদ্বোধন করেন কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা। অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি ছিলেন নিউইয়র্ক সিটি মেয়র অফিসের প্রধান প্রশাসনিক কর্মকর্তা মীর বাসার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সম্মিলিত একুশ উদযাপন কমিটির আহবায়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনক এর সভাপতি এম এস আলম।

অনুষ্ঠানের সাংস্কৃতিক পর্বে বাংলাদেশ ইন্সটিটিউট অব পারফর্মিং আর্টস (বিপা), বহ্নিশিখা সঙ্গীত নিকেতন, অনুপ দাশ ড্যান্স গ্রুপ (আড্ডা), রবীন্দ্র একাডেমি, নীলা ড্যান্স একাডেমি, অন্তরা সাহা ড্যান্স ট্রুপস এর শিল্পীরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে। এছাড়াও প্রবাসের জনপ্রিয় শিল্পীরা দেশের গান, ভাষার গান পরিবেশন করেন। শিল্পীদের পরিবেশনা উপস্থিত শত শত দর্শক শ্রোতাকে মুগ্ধ করে।

উল্লেখ্য, একুশের প্রথম প্রহরে অস্থায়ীভাবে নির্মিত শহীদ মিনারে শতাধিক সংগঠন সহ শত শত প্রবাসী পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানান।

শিশু কিশোর মেধা প্রতিযোগিতাঃ এর আগে গত ১৬ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনকের উদ্যোগে সম্মিলিত মহান একুশ উদযাপন ২০২৫ এর অংশ হিসেবে শিশুকিশোর মেধা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় উডসাইডের পিএস ১২৫ এর মিলনায়তনে। অত্যন্ত বৈরী আবহাওয়া সত্ত্বেও বিপুলসংখ্যক অভিভাবক, শিশুড় কিশোর ও সুধীজনদের উপস্থিতিতে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন সম্মিলিত মহান একুশ উদযাপন পরিষদের আহবায়ক ও ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনকের সভাপতি এম এস আলম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিশুড়কিশোর মেধা প্রতিযোগিতা উপ পরিষদের চেয়ারম্যান আজহার আলী খান এবং শুভেচ্ছা বক্তব্য রাখেন কো চেয়ারম্যান সাবিনা শারমিন নিহার সহ শামীমআরা বেগম ও সৈয়দ মিজানুর রহমান। মোহাম্মদ রুহুল আমিন সরকার, নূপুর চৌধুরী ও গোলাম মোস্তফার সঞ্চালনায় তিনটি বিভাগে নয়টি বিষয়ভিত্তিক এই প্রতিযোগিতায় প্রায় অর্ধশতাধিক শিশু কিশোর অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন সৈয়দ মোহাম্মদ উল্লাহ, মোহাম্মদ ফজলুর রহমান, অধ্যাপিকা হুসনে আরা বেগম, আলমা লিয়া, তারিক জুলফিকার ও মোহাম্মদ আজিজ নঈমী। বিভিন্ন বিষয়ে অংশগ্রহণকারী প্রতিযোগীরা হল আরশি সাহা, অয়ন্তিকা ঘোষ, তাকওয়া শেহরিশ, তাহানিয়া শাহরিন, শাহারিন আমরিন, নুসাইবা খান মেহেরিশ, অথরা ঘোষ, সুবহানা শামীম, রুপনতি সাহা, দিব্যমাধব মোদক, তেহজীব সাফা, তাহরাত সাবেকিন আয়াত, অনন্যা রায়, মেঘা সরকার, প্রমা দেব, জয়ীতা সাহা, তাহিম জায়েদ, অর্ক ঘোষ, শেখ মুনতাহা, সাহিতা নবী তয়ী, আগামী পৃথিরাজ সেন, মাহাথির, শ্রেয়ান মন্ডল, তাহিয়াতুল তাসবিহ, বুশরা তুবা, নিরজা সরকার, সইলী মন্ডল প্রমুখ। বিচারকগণ অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্য থেকে সর্বমোট ২৮ জনকে বিজয়ী ঘোষণা করেন। বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারি) একুশের মুল অনুষ্ঠানের মঞ্চে থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। প্রতিযোগিতা পর্ব সংগঠনের সাবেক ও বর্তমান কর্মকর্তাদের মধ্যে মোহাম্মাদ হোসেন খান, সাইদা আক্তার লিলি, মোল্লা মনিরুজ্জামান, আবুল কালাম আজাদ তালুকদার, স্বপন বড়ুয়া, মোহাম্মদ হানিফ মজুমদার, আজহার আলী খান, মোহাম্মদ গোলাম মোস্তফা, মোহাম্মদ ইউসুফ আলী, মোহাম্মদ আব্দুল মতিন, নূপুর চৌধুরী, মীর কাদের রাসেল, শবনম পাপড়ি, ফতে নুর আলম বাবু, শফি আলম আনসারি, বেলায়েত হোসেন চৌধুরী, মনোয়ারুল ইসলাম, সৈয়দ মিজানুর রহমান, সবিতা দাস, ড. রুমা রায় চৌধুরী, অন্তরা সাহা প্রমুখ উপস্থিত ছিলেন বলে এসোসিয়েশন সূত্রে জানা গেছে।

MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645

Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
718-431-0009
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

NIGAR
SULTANA
LICENSED REALESTATE AGENT
929-561-9226
TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD



Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ফেব্রুয়ারি ২০২৫ ভিসা বুলেটিন:

ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) ফেব্রুয়ারি ২০২৫ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে ফেব্রুয়ারি ২০২৫ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল অ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএস সি আই এস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। এতে করে আপনাদের প্রায়োরিটি তারিখ হবে এই তারিখের পূর্বে।

ফেব্রুয়ারি ২০২৫'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে তেমন কোন অগ্রগতি হয় নাই।

ফ্যামিলি স্পন্সর প্রেফারেন্সেস:

প্রথম: (এক ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা: নভেম্বর ২২, ২০১৫।

দ্বিতীয়: পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র কন্যা।

এ.(এফ ২) : পার্মানান্ট রেসিডেন্সদের স্পাউস (স্বামী/স্ত্রী), এবং ২১ নিম্ন বয়সের সন্তান, জানুয়ারি ০১, ২০২২।

বি. (এফ ২বি): পার্মানান্ট রেসিডেন্সদের অবিবাহিত সন্তান (২১ বছর বা তদুর্ধ বয়সি) মে ২২, ২০১৬।

তৃতীয়: (এফএ) ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা, জুলাই ০১, ২০১০।

চতুর্থ: (এফ খ) প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই বোন, আগষ্ট ০১, ২০০৭।

পারিবারিক এবং চাকুরী ভিত্তিক ভিসার প্রাপ্ততা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

কুইন্স থেকে ম. চৌধুরীর প্রশ্ন:

আমি মাঝে মধ্যে 'ইমিগ্রেশন ও আপনি' এর এই বিভাগটি পড়ি। আজ আমি একটি বিষয় সম্পর্কে আপনার কাছ থেকে জানতে চিঠিটি লিখছি। আমার আজকে জানার বিষয় হচ্ছে ইউএসএতে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কি কি তথ্যপত্র প্রয়োজন। আমি এই বিভাগের মাধ্যমে আপনার কাছ থেকে জানতে চাচ্ছি স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য প্রয়োজনীয় তথ্য সম্পর্কে।

এ বিষয়ে আপনার পরামর্শ পেলে উপকৃত হবো এবং কৃতজ্ঞ থাকবো।

ম. চৌধুরীর প্রশ্নের উত্তর:

আপনার জানার বিষয় হচ্ছে ইউএসএ'তে স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কি কি তথ্যপত্র প্রয়োজন।

যদি কেউ ইউএসএ'তে অবস্থান করে এবং তার পারিবারিক বা চাকুরিভিত্তিক আবেদনের অনুমোদন থাকে তবে তিনি স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্ট করে গ্রিনকার্ড পেতে পারেন।



স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য যা যা প্রয়োজন:

পারিবারিক ভিত্তিক কেস:

অবিবাহিত আত্মীয়- ইউএসএ'তে সিটিজেনদের স্পাউস (স্বামী-স্ত্রী) পিতামাতা, অবিবাহিত সন্তান যাদের বয়স ২১ বছরের নিচে ও ইউএসএ সিটিজেনদের অবিবাহিত আত্মীয় যারা ইউএসএ বৈধভাবে প্রবেশ করেছেন তার স্ট্যাটাস এ্যাডজাস্টম্যান্টের জন্য আবেদন করতে পারেন। সেক্ষেত্রে অনুমোদিত আই-১৩০ পিটিশন অথবা আই-৪৮৫ আবেদনসহ আই-১৩০ পিটিশান ফাইল করতে পারেন।

ইউএসএর সিটিজেনদের ২১ বছর বয়সের উর্ধ্বে অবিবাহিত সন্তানাদি এবং সহোদর ভাইবোন:

উপরে উল্লেখিত ব্যক্তিদের পারিবারিক ভিত্তিতে স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন যদি ১) বৈধ ভিসায় ইউএসএতে প্রবেশ করে থাকেন। এবং ২) বর্তমানে স্ট্যাটাস বৈধ থাকে, ৩) অনুমোদিত আই-১৩০ থাকে সেই সাথে ৪) যদি আপনার ক্যাটাগরিতে ভিসা যথেষ্ট থাকে।

গ্রিনকার্ডধারী: একজন গ্রিনকার্ডধারী যিনি তার আত্মীয়দের জন্যে আবেদন করতে পারবেন:

১)স্পাউস (স্বামী-স্ত্রী)/স্ত্রী)

২) অবিবাহিত সন্তানদের জন্য আবেদন করতে পারবেন যদি তাদের বৈধ প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়।

উপরন্তু অনুমোদিত আই-১৩০ পিটিশান অনুমোদিত হয় এবং আবেদনকৃত ক্যাটাগরিতে ভিসা থাকে।

কর্মভিত্তিক কেস: সকল কর্মভিত্তিক ক্যাটাগরিতে ইউএসএ'তে আপনার স্ট্যাটাস এডজাস্টমেন্ট করতে পারবেন। কেবল সেইক্ষেত্রে যদি আপনার এদেশে প্রবেশ এবং বর্তমান স্ট্যাটাস বৈধ হয়। এছাড়াও আপনি স্ট্যাটাস এ্যাডজাস্ট করতে পারবেন যদি আপনার অনুমোদিত লেবার সার্টিফিকেশন এবং অনুমোদিত আই-১৪০ পিটিশান থাকে। এছাড়াও ঐ ক্যাটাগরিতে আপনার ভিসা থাকতে হবে।

২৪৫-আই:

আরেকটি ব্যতিক্রমী ভিসা এন্ট্রি এবং বৈধ স্ট্যাটাস আছে যদি আপনি সেকশন-২৪৫-আই সুবিধাভোগী হয়ে থাকেন। একজন সেকশন-২৪৫-আই'র সুবিধাভোগী হয়ে থাকেন সেক্ষেত্রে আপনার বৈধ ভিসা এন্ট্রি না থাকলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন। এক্ষেত্রে বৈধ স্ট্যাটাস ছাড়াও ইউএসএ বসবাস করলেও স্ট্যাটাস এ্যাডজাস্টমেন্টের জন্য আবেদন করতে পারবেন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল:

kazmiandreeves@gmail.com

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।



অস্ট্রেলিয়া-ইংল্যান্ড ম্যাচে বাজল ভারতের জাতীয় সংগীত, চ্যাম্পিয়নস ট্রফিতে নতুন বিতর্ক

বাংলা পত্রিকা ডেস্ক : শুরুর পরও বিতর্ক-বিসংবাদ পিছু ছাড়ছে না চ্যাম্পিয়নস ট্রফির। দুবাইয়ে বাংলাদেশ-ভারত ম্যাচে পাকিস্তানের লোগো 'মুছে ফেলা' নিয়ে কম জল ঘোলা হচ্ছে না। কীভাবে এমন হলো সেটি সুরাহা হওয়ার আগেই আজ লাহোরে ইংল্যান্ড-অস্ট্রেলিয়া ম্যাচ শুরু হলো বিব্রতকর এক পরিস্থিতি দিয়ে। ভুলে ভারতের জাতীয় সংগীত বাজিয়েই বিব্রতকর পরিস্থিতি তৈরি করে গাদ্দাফি স্টেডিয়ামের সংশি ষ্টরা।

ইংল্যান্ডের খেলোয়াড়েরা যখন জাতীয় সংগীত গাইতে লাইন ধরেন তখনই এই ঘটনা ঘটে। লাউড স্পিকারে হঠাৎ করে ভারতের জাতীয় সংগীত জন গণ মন অধিনায়ক বেজে ওঠে। ভুল বুজতে অবশ্য বেশি দেরি হয়নি। ভারতের জাতীয় সংগীত বন্ধ করে ইংল্যান্ডের সংগীত বাজানো হয়। তবে ততক্ষণে ক্ষতি যা হওয়ার হয়ে গেছে। সামাজিক যোগাযোগমাধ্যমে উঠে গেছে ঝড়। অব্যবস্থাপনার জন্য পাকিস্তান ক্রিকেট বোর্ডের সমালোচনা কম হচ্ছে না।



মেসির অটোগ্রাফ চেয়ে শাস্তি পেলেন রেফারি

বাংলা পত্রিকা ডেস্ক : লিওনেল মেসির কাছে অটোগ্রাফ চেয়ে শাস্তি পেলেন মেক্সিকান রেফারি মার্কো আন্তনিও। এ ঘটনায়ম্যাচ অফিশিয়ালদের বিধিমালা ভেঙেছেন বলে মনে করছে কনক্যাকাফ কর্তৃপক্ষ। তবে কী শাস্তি দেওয়া হয়েছে, তা জানায়নি কনক্যাকাফ কর্তৃপক্ষ।

কানসাস সিটির চিলড্রেন মার্কি পার্কে কনক্যাকাফ চ্যাম্পিয়নস কাপে রাউন্ড ওয়ানের প্রথম লেগে স্পোর্টিং কানসাস সিটিকে ১-০ গোলে হারানো ম্যাচের পর ম্যাচ শেষে মেসির কাছে রেফারি মার্কো আন্তনিও জার্সি চেয়েছেন বলে জানা গিয়েছিল।

কিন্তু পরে জানা গেছে, ইন্টার মায়ামি তারকার জার্সি নয়, অটোগ্রাফ চেয়েছিলেন।

তদন্তের পর কনক্যাকাফ জানতে পেরেছে, পরিবারের বিশেষ চাহিদাসম্পন্ন এক সদস্যের জন্য মেসির কাছে অটোগ্রাফ চান রেফারি। এমন অনুরোধের ক্ষেত্রে যে প্রক্রিয়া এবং ম্যাচ অফিশিয়ালদের জন্য কনফেডারেশনসের যে আচরণবিধি, তার সঙ্গে রেফারির আচরণ সংগতিপূর্ণ হয়নি। রেফারি ভুল স্বীকার করে ঘটনার জন্য ক্ষমা চেয়েছেন এবং কনক্যাকাফের শাস্তি মেনে নিয়েছেন।

স্পোর্টিং কানসাস সিটির পক্ষ থেকে বলা হয়, 'ইন্টার মায়ামির সঙ্গে ম্যাচ শেষে ঘটনাটি আমরা এমএলএস ও কনক্যাকাফকে জানিয়েছি। ঘটনাটি আমলে নিয়ে কনক্যাকাফ কী ব্যবস্থা নেয়, আমরা তা দেখার অপেক্ষায় আছি।'

ভারতের মানের কাছাকাছিও নেই পাকিস্তান : সঞ্জয় মাঞ্জরেকার

বাংলা পত্রিকা ডেস্ক : চ্যাম্পিয়নস ট্রফির গত আসরে ভারতকে হারিয়ে শিরোপা জিতেছিল পাকিস্তান। ঘটনাটি ৮ বছর আগে, ২০১৭ সালের। আর সেটাই ছিল ভারতের বিপক্ষে সর্বশেষ ওয়ানডে জয় পাকিস্তানের। এরপর বিশ্বকাপ ও এশিয়া কাপ মিলে ৬ বারের দেখায় ৫টিতে হারের মুখ দেখেছে পাকিস্তান।

ভারতের বিপক্ষে পাকিস্তানের সাম্প্রতিক সময়ের এমন পারফরম্যান্স ম্যাচের আগে মনে করিয়ে দিয়েছেন সাবেক ক্রিকেটার ও ধারাভাষ্যকার সঞ্জয় মাঞ্জরেকার। চ্যাম্পিয়নস ট্রফির আগামীকালের ম্যাচেও পাকিস্তান ভারতকে ভোগাতে পারবে না বলে মনে করেন তিনি। ধারাভাষ্যকার দীপ দাশগুপ্তের প্রশ্নের জবাবে এই সাবেক ক্রিকেটার বলেন,'পাকিস্তান এখন ভারতের মানের কাছাকাছিও নেই।

সাম্প্রতিক সময়ে ভারত পুরোপুরি আধিপত্য বিস্তার করেছে, আর এবার পাকিস্তান তো আরো দুর্বল।'

২০১১ সাল থেকে ভারত ও পাকিস্তান মোট ১৫টি এক দিনের ম্যাচ খেলেছে, যার মধ্যে ভারত জিতেছে ১০টি, পাকিস্তান মাত্র ৪টি। অথচ দুই দলের মুখোমুখি লড়াইয়ে এখনো বেশ এগিয়ে পাকিস্তান। তাদের ৭৩টি জয়ের বিপরীতে ভারতের জয়ের সংখ্যা ৫৭টি।

পাকিস্তানের চ্যাম্পিয়নস ট্রফির স্কোয়াডে বিশেষজ্ঞ স্পিনার একজন। আবরার আহমেদ। মাঞ্জরেকারের মতে, দুবাইয়ের কন্ডিশনে সফল হতে ভালো স্পিনার দরকার। ভারত-বাংলাদেশ ম্যাচে ৫ জন স্পিনারই দারুণ বোলিং করেছেন, সেটাও মনে করিয়ে দিলেন তিনি। মাঞ্জরেকার এ জায়গায় পাকিস্তানের বড় ঘাটতি দেখছেন, 'এই কন্ডিশনে সফল হতে ভালো স্পিনার দরকার, কিন্তু পাকিস্তান দলে শুধু একজন বিশেষজ্ঞ স্পিনার আছেড়আবরার আহমেদ।

তারা সালমান আগা বা খুশদিল শাহকে ব্যবহার করতে পারে, তবে তারা ভারতীয় ব্যাটসম্যানদের বিপদে ফেলার জন্য যথেষ্ট নয়। পেস বোলিংয়েরও খুব একটা প্রভাব পড়বে না।'

সাকিব এবার নতুন দলে, খেলতে পারবেন তো



বাংলা পত্রিকা ডেস্ক : মিরপুরে খেলে টেস্ট থেকে অবসর নিতে চেয়েও পারেননি। এরপর বিপিএলে চিটাগং কিংস তাঁকে দলে নিলেও খেলাতে পারেনি। গত ৫ আগস্ট রাজনৈতিক পটপরিবর্তনের পর থেকে এখন পর্যন্ত দেশেই ফিরতে পারেননি তিনি। এর বাইরে মাঠের ক্রিকেটে আছে বোলিং-নিষেধাজ্ঞাও।

এত প্রতিকূলতা আর অনিশ্চয়তার মধ্যেই আজ ঢাকা প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লিগে নতুন দলে নাম লিখিয়েছেন সাকিব আল হাসান। বাংলাদেশ দলের এই সাবেক অধিনায়ককে দলে ভিড়িয়েছে লিজেন্ডস অব রূপগঞ্জ। ক্লাবটির আশা, আগামী মাসে শুরু প্রিমিয়ার লিগে সাকিবকে পাওয়া যাবে।

দ্বাদশ সংসদ নির্বাচনে সংসদ সদস্য হওয়া সাকিব আওয়ামী লীগ সরকারের ক্ষমতাচ্যুতির পর এখনো দেশে ফেরেননি। ছাত্র-জনতার আন্দোলনে তাঁর নামে হত্যা মামলা রয়েছে। নভেম্বরে দক্ষিণ আফ্রিকা সিরিজের আগে ঢাকায় ফিরতে চাইলেও 'প্রতিকূল পরিস্থিতি'র কারণে দুবাই থেকে যুক্তরাষ্ট্রে ফিরে যেতে হয়েছিল তাঁকে। এর মধ্যে অ্যাকশন পরীক্ষায় নিষিদ্ধ হয়ে খেলার মাঠেও কার্যকারিতা কমে যায় অর্ধেক।

সব মিলিয়ে যখন ক্রিকেট ক্যারিয়ারের অনিশ্চয়তার মুখে, তখন ঢাকা প্রিমিয়ার লিগে দলবদল সম্পন্ন করেছেন সাকিব। আজ দলবদলের প্রথম দিনে অনলাইনে কাগজপত্র জমা দিয়েছেন তিনি। গত আসরে সাকিব খেলেছিলেন শেখ জামাল ধানমন্ডি ক্লাবে। পরিবর্তিত পরিস্থিতিতে দলটির প্রধান পৃষ্ঠপোষক সরে গেছে।

সাকিব যখন দেশেই ফিরতে পারছেন না, তখন তাঁকে দলে নেওয়ার কারণ কী? এমন প্রশ্নের উত্তরে রূপগঞ্জের মালিক লুৎফুর রহমান বাদল প্রথম আলোকে বলেছেন, 'আমরা ক্রিকেটার সাকিবকে দলে নিয়েছি, রাজনীতিবিদ সাকিবকে নয়। সে বাংলাদেশ ক্রিকেটের এক নম্বর ব্র্যান্ড, আমরা এ জন্য তাকে নিয়েছি।'

দলে নিলেও শেষ পর্যন্ত তাকে খেলাতে পারবেন কি না জানতে চাইলে তিনি বলেন, 'খেলোয়াড় সাকিবের জন্য আমরা এক শ ভাগ করব যদি কিছু করার থাকে। আমরা আশাবাদী তাকে প্রিমিয়ার লিগে পাওয়া যাবে।'

এবারের প্রিমিয়ার লিগ শুরু হবে মার্চের প্রথম সপ্তাহে। তার আগে দলবদল চলবে, ক্রিকেটারদের অনলাইন ও অফলাইন দুইভাবেই রেজিস্ট্রেশন করানো যাচ্ছে।

শহীদ দিবসে জাতিকে ঐক্যেবদ্ধ করতে দিয়াবাড়িতে ম্যারাথন



বাংলা পত্রিকা ডেস্ক : জাতির মাঝে ঐক্য চেতনা ও সকলের মাঝে বিদ্যমান তারুণ্য শক্তিকে জাগ্রত করতে পিনাকল স্পোর্টস অ্যাসোসিয়েশনের আয়োজনে এইচএম সেলিম রান টেন কে ম্যারাথন ২০২৫ অনুষ্ঠিত হয়েছে। ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহীদ দিবসে 'ঐক্যের জন্য দৌড়াও' 'রান ফর ইউনিটি' এই স্লোগানে রাজধানীর উত্তরাছ দিয়াবাড়িতে এই ম্যারাথন দৌড় আয়োজন করে পিনাকল।

জাতির ঐক্য চেতনা বুকে ধারণ করে প্রভাত ফেরির পরই ১২ শত দৌড়বিদ অংশ নেন। প্রতিবছরের ন্যায় এবছরও পুরুষ, নারী ও বয়স্ক (পঞ্চাশোর্ধ্ব) তিন ক্যাটাগরিতে ম্যারাথনে অংশ নেন দৌড় প্রেমীরা।

এর মধ্যে ৮০০ পুরুষ ও ৪০০ জন ছিলেন নারী অ্যাথলেট। পুরুষ ক্যাটাগরিতে ৩৭ মিনিটে দৌড় সম্পন্ন করে চ্যাম্পিয়ন হন বোরহান উদ্দিন। নারী ক্যাটাগরিতে ৬৫ মিনিটে সম্পন্ন করে তানজিলা আক্তার চ্যাম্পিয়ন এবং বয়স্ক ক্যাটাগরিতে ৪১ মিনিটে শেষ করে চ্যাম্পিয়ন হন আব্দুস সালাম। তিন ক্যাটাগরিতে চ্যাম্পিয়নদের ৫ হাজার ও রানার আপদের ৩ হাজার টাকা করে পুরস্কৃত করা হয়।

এছাড়াও ফিনিশারদের মেডেল প্রদান করা হয়। আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে এক ভিন্ন আয়োজনে দিবসটি পালনের উদ্যোগ নেয় পিনাকল স্পোর্টস অ্যাসোসিয়েশন। ঐক্যের বার্তা ছড়িয়ে দিতে তাদের এই ভিন্নধর্মী আয়োজন ব্যাপক প্রশংসা কুঁড়িয়েছে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পিনাকল স্পোর্টস অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান হোসাইন মোহাম্মদ সেলিম বলেন, 'তারুণ্য শক্তিকে জাগাতে হলে তাদের অদম্য প্রাণশক্তিকে জাগাতে হবে।

আমরা সকলের মধ্যকার বিদ্যমান সেই তারুণ্য শক্তিকে জাগাতে কাজ করে যাচ্ছি। নানাভাবে দিকভ্রষ্ট হতাশাগ্রস্ত যুব সমাজকে সঠিক পথে নিয়ে আসতে খেলাধুলার বিকল্প নেই। তাই পিনাকল স্পোর্টস অ্যাসোসিয়েশনের সারাদেশব্যাপী এ ধরনের আয়োজন করে যাচ্ছে।'

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইলদিরিম মিডিয়ার চেয়ারম্যান খাদিজা খাতুন, পিনাকল স্পোর্টস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক রিয়াল তালুকদার, মেকদাদ এন্ড মেহরাব এগ্রো লিমিটেড এর ডিরেক্টর নিজাম উদ্দিন, দৈনিক দেশেরপত্রের সম্পাদক রুফায়দাহ পন্নী, বাংলাদেশ সাংবাদিক জোটের সাধারণ সম্পাদক এসএম সামসুল হুদা, বিশ্ব মানবাধিকার সংস্থা বাংলাদেশ এর যুগ্ম সম্পাদক আলামিন সুবুজ, বিশিষ্ট লেখক, প্রাবন্ধিক ও দার্শনিক রিয়াদুল হাসান প্রমুখ।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন আয়োজক কমিটির সভাপতি ডা. মাহবুব আলম মাহফুজ।

সার্বিক সহযোগিতায় ছিলেন আয়োজক কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক এ, বি, শরীফ এবং তাহের হোসেন মারুফ।

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে

(শেষ পৃষ্ঠার পর)

প্রতিযোগিতার পুরস্কার পরবর্তীতে সোসাইটি অফিসে আয়োজিত বিশেষ অনুষ্ঠানে বিতরণ করা হবে বলে অনুষ্ঠানে ঘোষণা দেয়া হয়। তবে প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মেডেল পরিয়ে দেন অতিথি জন ল্যু। পরবর্তীতে রাত ৮টার দিকে আনুষ্ঠানিকভাবে একুশের অনুষ্ঠান শুরু হয়। বিভিন্ন ধর্মগ্রন্থ থেকে পাঠের পর ভাষা শহীদ সহ মহান মুক্তিযুদ্ধেও সকল শহীদ এবং সোসাইটির প্রয়াত সাবেক কর্মকর্তা ও প্রয়াত প্রবাসীদের রুহের মাগফেরাত কামনায় বিশেষ দোয়া মোনাজাত করা হয়। সোনাজাত করেন সোসাইটির সমাজ কল্যাণ সম্পাদক জামিল আনসারী। এরপর ভাষা শহীদদের স্মরণে এক মিনিট নিরবতা পালনের পর বেহালঅয় বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়।

অনুষ্ঠানমালায় আরো ছিল নতুন প্রজন্মের মধ্যে বিভিন্ন প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, সাংস্কৃতিক অনুষ্ঠান, সংক্ষিপ্ত আলোচনা এবং রাত ১২টা ১ মিনিটে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারের আদলে নির্মিত অস্থায়ী শহীদ বেদিতে পুষ্পমাল্য অর্পণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম। অতিথি ছাড়াও বক্তব্য রাখেন অনুষ্ঠানের আহ্বায়ক মহিউদ্দিন দেওয়ান। বিভিন্ন পর্ব পরিচালনা করেন সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, একুশে উদযাপন কমিটির আহবায়ক মহিউদ্দিন দেওয়ান, প্রধান সমন্বয়কারী জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী, সদস্য সচিব ডিউক খান, সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ ও সাহিত্য সম্পাদক মোহাম্মদ হাসান জিলানী।

একুশে ফেব্রুয়ারী উদযাপন উপলক্ষে 'অক্ষর' নামে একটি স্মরণিকা প্রকাশ করা হয়। এই প্রকাশনার মোড়ক উন্মোচন করেন কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা। এসময় শাহ নেওয়াজ, সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী সহ সোসাইটির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আবদুর রহিম হাওলাদার, সাবেক সহ সভাপতি আজহারুল হক মিলন, সাবেক সহ সভাপতি ফারুক মজুমদার, সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম ও রুহুল আমীন সিদ্দিকী সহ বর্তমান এবং সাবেক কর্মকর্তা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে কবিতা আবৃত্তি করেন আহসান হাবীব। সাংস্কৃতিক পর্বে প্রবাসের জনপ্রিয় শিল্পী চন্দন চৌধুরী, শাহ মাহবুব, কামরুজ্জামান বকুল, করিম হওলাদার, মরিয়ম মারিয়া প্রমুখ সংগীত পরিবেশন করেন। এছাড়াও জনপ্রিয় নৃত্যশিল্পী প্রিয়া ডায়েস ও তার দল এবং নৃত্যাঞ্জলী'র শিল্পীরা মনোজ্ঞ নৃত্য পরিবেশন করেন।

বৈরী আবহাওয়ার মধ্যেও ঠান্ডা উপেক্ষা করে বাংলাদেশ সোসাইটির একুশের অনুষ্ঠানে শতাধিক সংগঠনের পক্ষ থেকে রাত ১২টা ১ মিনিটে অস্থায়ী শহীদ মিনারের পাদদেশে পুষ্পমাল্য অর্পণ করে। নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটি ছাড়াও উল্লেখযোগ্য সংগঠনগুলোর মধ্যে ছিলো: বাংলাদেশ আওয়ামী লীগ যুক্তরাষ্ট্র শাখা ও অঙ্গসংগঠন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) যুক্তরাষ্ট্র শাখা ও অঙ্গসংগঠন, জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা, জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) যুক্তরাষ্ট্র, বৃহত্তর নোয়াখালী সোসাইটি ইউএসএ ইন্ক, বৃহত্তর কুমিল্লা সমিতি যুক্তরাষ্ট্র ইন্ক, চিটাগাং এসোসিয়েশন ইউএসএ ইন্ক, রূপসী চাঁদপুর ফাউন্ডেশন ইন্ক, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি ইউএসএ ইন্ক, দোহার উপজেলা সমিতি ইউএসএ ইন্ক, কুইন্স বাংলাদেশ সোসাইটি ইন্ক ইউএসএ, বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন ইন্ক, মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইন্ক, কুমিল্লা সমিতি যুক্তরাষ্ট্র ইন্ক, চাটখিল সোসাইটি ইউএসএ ইন্ক, ব্রাহ্মণবাড়িয়া সোসাইটি ইউএসএ ইন্ক, নিউইয়র্ক বাংলাদেশী আমেরিকান লায়ন্স ক্লাব, সিলেট গণদাবি পরিষদ ইউএসএ ইন্ক, মুন্সীগঞ্জ বিক্রমপুর এসোসিয়েশন ইন্ক, বাংলাদেশ বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ ইন্ক, প্রবাসী নরসিংদী জেলা সোসাইটি ইউএসএ ইন্ক, ব্রাহ্মণবাড়িয়া কমিউনিটি অব নর্থ আমেরিকা ইন্ক, কুমিল্লা সোসাইটি অব ইউএসএ ইন্ক, বৃহত্তর দাউদকান্দি এসোসিয়েশন ইউএসএ ইন্ক, ব্রাহ্মণবাড়িয়া জেলা সোসাইটি অব ইউএসএ ইন্ক, বগুড়া সোসাইটি ইউএসএ ইন্ক, নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ, প্রবাসী শরীয়তপুর সমিতি ইউএসএ ইন্ক, ঢাকা জেলা সোসাইটি ইউএসএ ইন্ক, রূপসী চাঁদপুর ফাউন্ডেশন ইন্ক, নবাবগঞ্জ এসোসিয়েশন অব ইউএসএ ইন্ক, গ্রেটার বেগমগঞ্জ সোসাইটি ইউএসএ ইন্ক, হবিগঞ্জ জেলা কল্যাণ সমিতি যুক্তরাষ্ট্র ইন্ক, প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইন্ক, রংপুর জেলা সমিতি ইউএসএ ইন্ক, নারায়ণগঞ্জ ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইন্ক, সিলেট সদর সমিতি ইউএসএ ইন্ক, মানিকগঞ্জ সমিতি নর্থ আমেরিকা ইন্ক, সম্মিলিত বরিশাল বিভাগবাসী যুক্তরাষ্ট্র ইন্ক, যশোর সোসাইটি অব আমেরিকা ইন্ক, পাবনা সমিতি ইউএসএ ইন্ক, বরিশাল বিভাগীয় সমিতি ইউএসএ ইন্ক, বাংলাদেশ আমেরিকান পোস্টাল এমপ্লয়ী এসোসিয়েশন ইন্ক, কুষ্টিয়া জেলা সমিতি ইউএসএ ইন্ক, লক্ষীপুর ডিস্ট্রিক্ট এসোসিয়েশন ইউএসএ ইন্ক, সেনবাগ সোসাইটি, ভোলা ডিস্ট্রিক্ট এসোসিয়েশন অব ইউএসএ ইন্ক, বৃহত্তর লাকসাম ফাউন্ডেশন যুক্তরাষ্ট্র, কোম্পানীগঞ্জ ওয়েলফেয়ার এসোসিয়েশন ইউএসএ, সাতকানিয়া সোসাইটি ইউএসএস, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউএসএ ইন্ক, সিলেট এমসি অ্যান্ড গভ. কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইন্ক, বৈষম্য বিরোধী ছাত্র নাগরিক ঐক্য ফোরাম প্রভৃতি সংগঠন সহ শত শত প্রবাসী পুষ্পস্তবক অর্পণ করে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জানায়।

এদিকে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পনের সময় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা সোসাইটির পক্ষ থেকে কোন 'রাজনৈতিক শ্লোগান না দেওয়ার' আহাবান উপেক্ষা করে শ্লোগান দিলে অনুষ্ঠানস্থলে কিছুটা উত্তেজনার সৃষ্টি হয় এবং বিশৃঙ্খলা দেয়া দেয়। পরবর্তীতে সোসাইটির কর্মকর্তা ও নিরাপত্তা রক্ষীদের হস্তক্ষেপে পরিস্থতি শান্ত হয়।

নিউইয়র্কের কারাগারে

(শেষ পৃষ্ঠার পর)

সুপারভিশনের এক মুখপাত্র এক ইমেইল বিবৃতিতে বলেন, বৃহস্পতিবার রাতে রিভারভিউ করেকশনাল ফ্যাসিলিটিতে এই ঘটনা ঘটে। রক্ষিরা তাদের নিরাপত্তা নিয়ে চিন্তিত ছিল।

বিশৃঙ্খলার সময় দু 'জন বন্দী আহত হয়েছেন বলে জানা গেছে, তবে কর্তৃপক্ষ কারাগারটি বন্দিরদের অবস্থান থেকে পুনরুদ্ধার করে। বৃহস্পতিবার এক সংক্ষিপ্ত বার্তায়, স্টেটের কারেকশান বিভাগ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত কারাগার পরিদর্শন বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

নিয়ন্ত্রণের বাইরে থাকা বন্দীদের নতুন বিদ্রোহ অগডেনসবার্গের সেন্ট লরেন্স নদীর তীরে একটি মাঝারি-নিরাপত্তা সাইট রিভারভিউ কারেকশন সুবিধাকে আঘাত করে। বন্দী এবং তাদের অফিসারদের মধ্যে ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে বৃহস্পতিবার মধ্যরাতের দিকে বিশৃঙ্খলার সময় কোনও কর্মী সেখানে আহত হননি বলে জানা যায়।

বন্দীদের বিদ্রোহের পর এরি কাউন্টির কলিন্স কারেকশন কেন্দ্রটি বন্ধ করে দেওয়ার প্রায় এক সপ্তাহ পর সর্বশেষ দাঙ্গাটি ঘটে। কারাগারের কর্মীরা সিদ্ধান্ত নিয়েছে যে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যাচ্ছে। পরে ১৫-২০ জন রাত্রিকালীন রক্ষী একটি প্রশাসনিক বিভাগে ফিরে যান। এ সময় বন্দিরা কাঁচ ভাঙে এবং আবর্জনা ফেলতে শুরু করে। যেখানে প্রায় ৫০০ জন বন্দী রয়েছে।

ভোটার নিবন্ধন ২৭ এপ্রিল

(শেষ পৃষ্ঠার পর)


ট্রাস্টি বোর্ডের সদস্য বদরুন নাহার খান মিতা, ছদরুন নুর, সৈয়দ নাজমুল হাসান কুবাদ, সংগঠনের সহ-সভাপতি মোঃ শফিউদ্দিন তালুকদার, মোঃ জাবেদ উদ্দিন, কোষাধ্যক্ষ মোহাম্মদ আলিম, প্রচার ও দপ্তর সম্পাদক ফয়সাল আলম, কার্যকরী সদস্য হুমায়ূন কবীর সোহেল, মোঃ ফজল খান ও মোঃ দেলোয়ার হোসেন মানিক ।

সভায় আগামী ৬ এপ্রিল ২০২৫ বিশেষ সাধারণ সভায় জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনকের গঠনতন্ত্র সংশোধনী উপর আলোচনা করা সিদ্ধান্ত গৃহীত হয় এবং আগামী ২৭ এপ্রিল জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের ভোটার নিবন্ধনের শেষ তারিখ নির্ধারণ করা হয় । গঠনতন্ত্র অনুযায়ী এ বছরের জুন মাসে এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত হবে। এদিকে আসন্ন নির্বাচন পরিচালনার জন্য পাঁচ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়েছে।

এসোসিয়েশনের আয়োজনে আগামী ২২ ও ২৩ ফেব্রুয়ারি নিউ জার্সিতে কনস্যুলেট সার্ভিস ও ২৩ ফেব্রুয়ারি ব্রংসের গোল্ডেন প্লেসে জালালাবাদ এসোসিয়েশন পিঠা উৎসব এবং ২ মার্চ জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার ইনকের বার্ষিক ইফতার ও দোয়া মাহফিল সফল করতে সাবেক কর্মকর্তাবৃন্দ ও বোর্ড অব ট্রাস্টি, আজীবন ও সাধারণ সদস্যবৃন্দসহ সকল প্রবাসীদের অগ্রিম অনুরোধ জানিয়ে এবং উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে ভারপ্রাপ্ত সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।







Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

CDPAP সার্ভিস নিয়ে

কোন চিন্তা করবেন না।



Bestcare
Home care, your care.

CDPAP অভিজ্ঞ কিছু লোক নিয়োগ দেওয়া হবে।
যোগাযোগ - (516) 731-7808



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH

এর অনুমোদিত আমরা আপনার হোম কেয়ার সার্ভিস দিতে পারবো।

আমরা বাংলায় কথা বলি

আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন।

এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না।

আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756 | Email: cdpap@bestcare.com

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	87 West Main Street Bayshore, NY 11706	200 W 26th St Suit 408, New York, NY 10010	1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210



The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ : সংখ্যা ২৩ : সোমবার, ফাল্গুন ১১, ১৪৩১ / শাবান ২৪, ১৪৪৬

Vol. 29 Issue 23, February 24, 2025 USA.

Free in NY, Other State $1.

ভোটার নিবন্ধন ২৭ এপ্রিল পর্যন্ত নির্বাচন জুনে

জালালাবাদ এসোসিয়েশন

নিউইয়র্ক: জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের ভোটার নিবন্ধনের শেষ তারিখ ২৭ এপ্রিল এবং আগমী জুনে নির্বাচনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

গত ১৭ ফেব্রুয়ারি সোমবার সন্ধ্যা ৭ টায় নিউ ইয়র্কের কুইন্সের হালাল ডাইনার রেস্টুরেন্টে জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনকের বোর্ড অব ট্রাস্ট্রি ও কার্যকরি কমিটির যৌথ সভা অনুষ্ঠিত হয়।

সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি শামীম আহমেদের সভাপতিত্বে এবং ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিমের পরিচালনায় অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন, বাকি অংশ ২৯ পৃষ্ঠায়

বাংলাদেশ কনস্যুলেটে ব্যবসা-বিনিয়োগ বিষয়ক আলোচনা সভা

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট জেনারেলে দতারুণ্যের উৎসব-২০২৫' উপলক্ষ্যে গতকাল ৮ ফেব্রুয়ারি ২০২৫ ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ বিষয়ক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সোনালী ব্যাংক পিএলসি, বাংলাদেশ ও সোনালী এক্সচেঞ্জ কোং ইনক, যুক্তরাষ্ট্র এর পরিচালনা পর্ষদ এর চেয়ারম্যান মোহাম্মদ মুসলিম চৌধুরী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও সরকারি/বেসরকারি এক্সচেঞ্জ হাউসের প্রতিনিধিবৃন্দ, দেশী-বিদেশী ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দ, রাজনৈতিক, সামাজিক, ব্যবসায়িক, সংস্কৃতি ও মিডিয়া অঙ্গনের বিশিষ্ট

বাকি অংশ ১৮ পৃষ্ঠায়

বাংলাদেশ কনস্যুলেটে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

নিউইয়র্ক: নিউইয়র্কের বাংলাদেশ কনস্যুলেট জেনারেল যথাযথ মর্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে।

শুক্রবার (২১ ফেব্রুয়ারি) কর্মসূচির অংশ হিসেবে কনস্যুলেটে আনুষ্ঠানিকভাবে পতাকা অর্ধনমিত রাখা হয়।

বীর মুক্তিযোদ্ধা, স্টেট ডিপার্টমেন্ট, বিভিন্ন দেশের কূটনীতিক, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি ও বাংলাদেশ কম্যুনিটির সদস্যরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

দিবসটি উপলক্ষে প্রধান উপদেষ্টা ও পররাষ্ট্র উপদেষ্টার বাণী পাঠ করা হয়।

অনুষ্ঠানে ৫২'র ভাষা শহিদ, ৭১ ও ২০২৪ এর জুলাই-আগস্টের সকল শহীদের স্মরণে ও সম্মানে এক মিনিট নীরবতা পালন করা হয়।

বাকি অংশ ১৫ পৃষ্ঠায়

বাংলাদেশ সোসাইটির উদ্যোগে

আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে শহীদদের শ্রদ্ধা জানালেন প্রবাসীরা



বাংলা পত্রিকা রিপোর্ট: প্রবাসে জন্ম নেওয়া এবং বেড়ে ওঠা প্রজন্মের মধ্যে বাংলা ভাষা ও বাংলা সংস্কৃতি তুলে ধরার প্রত্যয়ে যথাযোগ্য মর্যাদায় মহান একুশে ফেব্রুয়ারী এবং আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে প্রবাসী বাংলাদেশীদের সর্ববৃহৎ সামাজিক সংগঠন বাংলাদেশ সোসাইটি। গত বৃহস্পতিবার (২০ ফেব্রুয়ারী) নিউইয়র্ক সিটির উডসাইডের তিব্বতি সেন্টারে বিকেল থেকে মধ্যরাত পর্যন্ত চলে সোসাইটির অনুষ্ঠানমালা। সোসাইটির অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা এবং বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট ব্যবসায়ী, গোল্ডেন হোম কেয়ার সার্ভিসের কর্ণধার লায়ন শাহ নেওয়াজ। এছাড়াও আমন্ত্রি অতিথি ছিলেন নিউইয়র্ক ষ্টেট সিনেটর জন সি ল্যু।

অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটির বাংলা স্কুলের ছাত্রছাত্রী সহ প্রবাসের নতুন প্রজন্ম ও শিল্পীদের অসাধারণ হৃদয়গ্রাহী পরিবেশনা ও মনোমুগ্ধকর নৃত্যানুষ্ঠান উপস্থিত সকলের হৃদয় ছুঁয়ে গেছে। অনুষ্ঠানের বিশেষ আকর্ষন ছিলো প্রথমবারের মতো 'বাংলাদেশ সোসাইটি' অ্যাওয়ার্ড প্রদান। বাংলাদেশী বংশোদ্ভুত বক্সার জিনাত ফেরদৌস-কে এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়। কনসাল জেনারেল মোহাম্মদ নাজমুল হুদা সহ অতিথি আর সোসাইটির কর্মকর্তারা তার হাতে অ্যাওয়ার্ডটি তুলে দেন।

বিকেল ৫টার দিকে শিশু কিশোর-কিশোরীদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার মধ্য দিয়ে সোসাইরি একুশের অনুষ্ঠান শুরু হয়। সভাপতি আতাউর রহমানের নেতৃত্বে সোসাইটির কর্মকর্তা ও উপস্থিত অতিথিরা এই প্রতিযোগিতার উদ্বোধন করেন।

বাকি অংশ ২৯ পৃষ্ঠায়

নিউইয়র্কের কারাগারে বহিরাগতদের পরিদর্শন বাতিল

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের কারাগারে দাঙ্গা ছড়িয়ে পড়ে বৃহস্পতিবার ভোরের দিকে। এরপর ৪২ টি স্টেটের কারাগারে বহিরাগতদের সব ধরনের পরিদর্শন বাতিল করা হয়েছে। গত বৃহস্পতিবার ভোরে আপস্টেট কারাগারে দাঙ্গা ছড়িয়ে পড়ার আগে কারাগারের রক্ষীদের ক্রমবর্ধমান ধর্মঘট এবং কয়েদি অস্থিরতার মুখে কারেকশন কর্মকর্তারা নিউইয়র্ক স্টেটের কারাগারগুলিতে বাইরের পরিদর্শন বন্ধ করে দিয়েছেন। ইউনিয়ন কর্মকর্তারা পরে টাইমস ইউনিয়নকে বলেন যে, রক্ষীরা তাদের অবস্থান ছেড়ে পালিয়ে গেছে কারণ তারা তাদের নিরাপত্তা নিয়ে চিন্তিত ছিল। নিউইয়র্ক ডিপার্টমেন্ট অব করেকশনস অ্যান্ড কমিউনিটি

বাকি অংশ ২৯ পৃষ্ঠায়

বিড়ম্বনা এড়াতে 'আটাব' সদস্যদের কাছ থেকে এয়ার টিকেট কেনার পরামর্শ

নিউইয়র্ক: এয়ারলাইন্সের টিকেট কিনে যাতে বিড়ম্বনায় না পড়েন সেজন্য যাত্রীদের 'আটাব' সদস্যদের কাছ থেকে টিকেট কেনার পরামর্শ দিয়েছে আমেরিকান ট্রাভেল এজেন্ট এসোসিয়েশন অব বাংলাদেশ ইনক (আটাব)। গত ১৮ ফেব্রুয়ারি মঙ্গলবার দুপুরে জ্যাকসন

বাকি অংশ ১৮ পৃষ্ঠায়

ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন

নিউইয়র্ক: ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন ইউএসএ সম্মিলিতভাবে মহান একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করেছে। প্রবাসে বাংলা ভাষার প্রসার এবং ভাষা শহীদদের স্মরণে সম্মিলিতভাবে শতাধিক

বাকি অংশ ২৬ পৃষ্ঠায়

টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র

কোরান তেলাওয়াত প্রতিযোগিতার দ্বিতীয় রাউন্ড সম্পন্ন



বাংলা পত্রিকা রিপোর্ট: আসন্ন পবিত্র রমজান উপলক্ষ্যে গেলো বছরের ধারাবাহিকতায় এবছরও বর্ণাঢ্য আয়োজনে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র কোরান তেলাওয়াত প্রতিযোগিতা শুরু হয়েছে। এই প্রতিযোগিতার দুই গ্রুপে নিউইয়র্কের বিভিন্ন স্থান থেকে প্রায় শতজন ছেলে-মেয়ে প্রতিযোগী অংশ নেয়। রোববার দিনব্যাপী টাইম টিভি'র স্টুডিওতে বিপুল উৎসাহে প্রতিযোগিতার দ্বিতীয় রাউন্ডের পর্ব অনুষ্ঠিত হয়। মওলানা আহমেদ আবু সুফিয়ানের উপস্থাপনায় এতে বিচারক ছিলেন মওলানা শেখ ওমর ও ওস্তাদ রাহাত ইকবাল।

এদিকে প্রতিযোগিতা চলার মাঝে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থী ও অভিভাবকগণ ছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ শুভেচ্ছা বক্তব্য রাখেন। আগামী ১৫ মার্চ শনিবার প্রতিযোগিতার ফাইনাল পর্ব এবং ইফতার মাহফিল অনুষ্ঠিত হবে।

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৬

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ: অবশেষে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আর ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সাথে বৈঠক হলো। গত ১৩ ফেব্রুয়ারী বৃহস্পতিবার হোয়াইট হাউজে দুই নেতার বৈঠক শেষে সংবাদ সম্মেলনও করেন। 'দুই বন্ধু'র সংবাদ সম্মেলনে ভারতীয় এক সাংবাদিকের বাংলাদেশ ঘিরে প্রশ্ন করা এবং সেই প্রশ্নের উত্তর নিয়ে দেশ-বিদেশের নানা মিডিয়ায় নানা কথা হয়েছে। সংবাদ সম্মেলনে এক প্রশ্নের ইত্তরে ট্রাম্প বলেন- 'তবে বাংলাদেশের বিষয় আমি প্রধানমন্ত্রীর (নরেন্দ্র মোদী) ওপর ছেড়ে দেব' বলে ভারতের প্রধানমন্ত্রীকে এ বিষয়ে বলার জন্য ইশারা দেন ট্রাম্প। এরপর নরেন্দ্র মোদী জবাব দিতে গিয়ে ইউক্রেনে শান্তি প্রতিষ্ঠার বিষয়ে ভারতের অবস্থান তুলে ধরলেও বাংলাদেশ বিষয়ে কোনো কথা বলেননি।

বাকি অংশ ২৮ পৃষ্ঠায়

বগুড়া সমিতি অফ নর্থ আমেরিকার কার্যকরী কমিটি গঠিত

নিউইয়র্ক: বগুড়া সমিতি অফ নর্থ আমেরিকার সদস্যদের উপস্থিতিতে আমেরিকার নিউ ইয়র্ক সিটির একটি রেষ্ট্যুরেন্টে সমিতির ২০২৫ - ২০২৬ বর্ষের কার্যকরী কমিটি গঠিত হয় গত ১৬ ফেব্রুয়ারী । দ্বিবার্ষিক এই নির্বাচনে কোন প্রতিদ্বন্দী না থাকায় নির্বাচন কমিশন এই কমিটিকে নির্বাচিত ঘোষনা করেন। মাসুদুল হক রুবেল সভাপতি এবং ইউসুফ আলীকে সাধারন সম্পাদক করে সর্বমোট ২৫ সদস্যের কমিটি গঠিত হয়। এছাড়াও ১০ সদস্যের উপদেষ্টা কমিটি গঠিত হয়।

বাকি অংশ ০৭ পৃষ্ঠায়







Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169Fax: 718 482 9935. Email: banglapatrikausa@gmail.com